হুমিরা। তারা খায় কি?

মোষরা। খাদ্যের অভাবে পরস্পরের খাদ্য লেহন করে। তবে আমরা বাদ্যবৈজ্ঞানিক প্রক্রিয়ায় Glaxo মতো একটা খাদ্য প্রস্তুত করেছি, সেটা খায় খাবিয়ে দিই। উপরন্তু, তাদের চা' ও পাউরুটী অভ্যাস করিয়েছি।

শিল্পীদা। মোটের মাথায় এসব অনেক ব্যয়সাধ্য। তবে, গোজাতির উন্নতি হ'তে পারে।

মোষ। তাতে সন্দেহ নাই। কিন্তু পূর্ব-প্রথায় দুধ দুহন করা এখন অবস্থাসংযের সঙ্গে অসম্ভব। কোনো হলে উন্নতি দিতে গরু নিকট, তাদের অবাহার সম্বন্ধে, দুধ সংগ্রহ করা এই পরাধীন বৈজ্ঞানিক সমস্যা। এ সম্বন্ধে আমার Research আরম্ভ হয়েছে, তবে কি দাঁড়াবে বলা যায় না।

ছবির শেষ আঁকিতেছিল যে বাহুবন্ধনকে দেখা পড়া না গিয়ের ধরাই যাবার দিনে, হয়ত যেটি রোজগার হইতে পারিত, কিন্তু তাহা দিগ্‌বধূ-বিচ্ছেদ অতএব করুণা-পরবশ হইয়া চুপ করিয়া গেল।

মোহনের ছবি দেখিয়া ধর্মভূষণ বিশেষতঃ বালিকা-মহলে অতিশয় গৌরবাক্রান্ত হইয়াছিলেন। তখন বেলা প্রায় দ্বিপ্রহর। বিদেশ্‌ রোজ বলিলেন, "আপনারা এখানেই একটা লুচি ও সন্দেশের ইস্কিতাবি করে পারেন।"

পূর্বেই বলা সংগৃহীত হইয়াছিল। ইলা তৈয়ারি। তখন জল দিয়া ধুয়। মহুল পাতু ও মহুল তাহাতে নিমেষের মধ্যে হইয়া গেল। বাসন্তী ঘরে সকলে যো-দেবার নিযুক্ত হইলেন। মোহনেরা দলে দলে যো-পাঠশালা হইতে আসিয়া নবাগত সঙ্গীদের গায় লেখন করিল। যাদুসুন্দরী বলিলেন, 'এরা খুব সভ্যতব্য।'

একটা দিন কাটিয়াছিল ভাল। আহারান্তে, যো-সেবা এবং সন্ধ্যাকালে হরি-সংকীর্তনে যাইয়া, দুঃখের সংসারের মধ্যে যে সুখের সন্ধান হইতে পারে বৈজ্ঞানিক উপায়ে, তাহা সকলেরি ধারণা হইয়াছিল। অন্তরঙ্গ জীবনের মধ্যে বাস্তবের ছাপ ঐটুকু। বাকি সব ইতিহাসের ছোঁয়া।

মৃত্যু-অভিসার

শ্রীনরেন্দ্র দেব—কলিকাতা।

খুলে দাও গো,—হাত দাও খুলে—
জীবন-যৌবন-ভার,
এমন করিয়া বাঁধিয়া রাখিতে—
চাহে না বেদন আর!

জানো কি, অধীর কত যে দিবস
তব আবাহন মানে নাই বশ,
কত যে যামিনী জেগেছি একাকী
আসেনি ও চোখে ঘুম!

তব মুকুল-বন-কুসুম
পাসরি' পিয়িব অমৃত-ভোর
সে এক সফল-আবেশ-নিমীথে
পড়েছিল মনে মোর!

যৌবন ধরণে এনেছিনু যবে
মুছায়ে আনবে, আপন গরবে
ভরা আষাঢ় মধু-সৌরভে
দিয়াছিল সে যে ভরি;
একটি রাতের উৎসব-শেষে
শেষ-নিঃশ্বাসে—হেসে—চাহিতেই
প্রভাতে সে গেছে মরি!

দীর্ঘ-শুষ্ক-বনতলি তার
আবাহনে আজি ভরে বসুধা॥
ললাটে-অঙ্ক-দিয়ে সাথে
যৌবনে ফিরাছি—দিয়েছে বরষ—
অমনি মোর ঘনালি দিয়েছে
মোহ-সন্ধ্যার ঘন ছবি!

যেখানে-যাকি বিজাতে সে দু'দু
যাযাবরী অঙ্ক সঞ্চারিণী তনু
উৎসব ছুটি যাঁথি হ'তে মোর
নীরবে মেলিল নিষ্ঠুরে ধরি!

হায় পরও মেয়ে বিধ—!
মেয়ে অর্পিত বিধির-হাতে,
কত অভাগা ঘুরেছি মাথাত
একাকী পথিহীন!

জানো কি, বিজনে ভেবেছি যে কত—?
যায় কি যাবনা
পাশল ভাবনা

ধরিয়াছে যবে যুগবল প্রাণ
কেহ-নয়, কোন্ অপর আমার
যৌবন-যুগাবল—
না জানি কেমনে সেদিনও ছিলাম
প্রলাপ অধিচল!

আজিকে অকস্মাৎ—
কাহারও কোন্ ওকিত পরশে
কঠিন যন্ত্রণাত—
জেগে গেছে যামায়ার!

দুর্দিত ত্যার ঘরে-ঘরে—ঝলিয়েছে হাহাকার!
আজ শুনিয়াছি আপনার কানে
মোহর-আর্ত কী করুণ তানে
কাঁদে উপবাসী অন্তর মোর!

তাইত' এ বিধি না মেনেই মোর
এসেছি নির্ভিধারে—
সকল বিধা—সব যাধা ঠেলি—
তোমার দ্বার-ধারে!

যাক্ ডুবে যাক্—সুখ—দুরাশা—
এমন করিয়া বুঝি অধিকার
আপনার মাঝে আপনি রয় না—
কতদিন যাবা যায়?

সব্য-বিধা—পুণ্য বা পাপ
পুঞ্জ সকলই,—সমাজের চাপ
বিধি-নিষেধের বিপুল প্রভাব
আজ যে মোর নিকটায়!

বিশ্ব-যাবারে দু'পায়ে যাড়ায়ে
অন্তর মোর দু'বাহু যাড়ায়ে
তোমারে খুঁজিয়া যায়!

বিচিত্র ধরার সীমানা ছাড়ায়ে
বিদ্রোহী মন উঠেছে যাড়ায়ে,
—তোমারেই চেয়ে চায়!

জানি, জানি,—প্রিয়া—!
আজিকার এই
নিজন-রজনী-শেষে,
সার্থক মোর মুহূর্ত যাকে
উজ্জ্বল-হাসি মেখে,
দীর্ঘ-কুহেলি অঙ্গনে তব
ধীরে-ধীরে কিরে যায়,
উষার এই রজনীরে ঘরি
পরাণ আমার উঠিবে শিহরি,
শুধু অনুরাগে ভরিটি তুমরি
তব যাথা বুকে পাব!

হোক্,—তাতে ক্ষতি নাই,
সারা জীবনের আশা বিনিময়ে
—তোমারেই শুধু চাই!
শুধু একদিন……
দু'টি বুকে মুখে……
একটি নিশার স্বপনের সুখে
হ'য়ে যাব চির-লীন!

পিপাসিত-চিত্ত ব্যাকুলিছে সাধ
জীবনী-রসের শুধু-আস্বাদ
নিঃশেষে তারি আজও পান
গেয়ে যাব দু'টী প্রণয়ের গান
শুধু একটান
হবো গো মাতাল
বিলনের উৎসবে!
স্বপন-ব্যথার আনন্দ মোর নিষ্ফল কেন হবে?

ঘরো ভুলে ঘরে—ও-রূপের আলো,
পাকু-ঘরে প্রাণ-বঁধু চালো
জীবনের দীপে অন্তর-মাঝে—
কেওয়ালীর দীপ জ্বালো!

শুধু একদিন, নিশেষের তরে
বুকের-দুলালো ও-মুখের পরে
নিশেষারা দু'টি আঁখি-তারা মম
নির্নিমেষ হ'য়ে চায়,
ঘরো দু'টি কথা, শুধু মনোব্যথা
গদ্‌গদ হ'য়ে ঝরে যায়।
চির-সুন্দরে ধরিবে ধোর
ধরিতে দিন আর কি পাব?
জীবনের পরপারে—
দূর-দিগন্তে ঐ শোনো আজ,—তাকে ডেকে যাব যাব!

ঘরে না যে মম অন্তর্যামী
ঘরে না কবিতা পড় শুনিবে
চির-কলঙ্ক-পঙ্ক লেপনে
হয় না ঘরনো কালো!

যাহিত যে যে নিবিড় বুকনে
বিস্মৃতি তারে রাখিবে ঢেকনে
পরজনে পুন জনমে জীবনে
তোমে তারে লাগে ভালো!

এসেছি তো আজ—
দু'দিন ফেলে দিয়ে শেষ-ঘুমেরে
ধরি পায়ে দিয়ে যাব!

দেখ, চেয়ে দেখ—চির-ব্যাকুল বুকুল ঐ মুখে—
শোনো গান গেয়ে—কী সুর বাজিছে অশান্ত এই বুকে!
নয়নে তোমার কেন লাগে?
কেন ফুটে ওঠে মহা বিস্ময়?
ভাবো কি এ শুধু সপন নয়
জীবনের এই পারে?

আমি যে মানুষ—মহিমা দেবতা—মরণের অভিসারে
আসিয়াছি তাই, সুখে—হাসি মুখে,
চির-বঞ্চিত হবো তোমা হতে?
স্মৃতিত-ভাসিত-তুষারের বুকে
যদি গো ফুটি পারি,
সব-সন্তাপ-বিনাশী-বধূ-দুয়ারে তাই চাই!

ও দু'টি তোমার কমল-চরণে
চুমন করি যদির যতনে,
মরিয়া তোমার মহিমা মরণে—
সার্থক শুধু তাই!

গৌড়ীয় বৈষ্ণব-দর্শন

শ্রীগোপীনাথ কবিরাজ—কাশী

পূর্বপ্রকাশিতের পর

জ্ঞান, কর্ম ও ভক্তি এই ত্রিবিধ মার্গের কথা শাস্ত্রে পাওয়া যায়। অধিকার-ভেদে প্রত্যেকটি মার্গই ফলপ্রসূ হইয়া থাকে। তবে তাহাতে নিষ্ঠা থাকা চাই,—নিষ্ঠার অভাবে ফললাভের আশা সুদূর-পরাহত। নিষ্ঠার মূল সাধন। সাধন ব্যতিরেকে কোন মার্গেই ফল পাওয়া যায় না। জ্ঞানে নিষ্ঠা হইলে সর্বজ্ঞতা লাভ হয়। কর্মনিষ্ঠার ফল চিত্তশুদ্ধি ও ভক্তিনিষ্ঠার ফল ভগবৎপ্রেমলাভ। যাহারা মনে করেন, "তত্ত্বমসি" প্রভৃতি বাক্যের উপদেশ হইতেই অপরোক্ষ জ্ঞান উৎপন্ন হয়, তাঁহারা ভ্রান্ত। যদি তাহাই হইত তাহা হইলে শিষ্য গুরুর উপদেশ প্রাপ্ত হইয়াই সর্বজ্ঞ হইয়া যাইত। কিন্তু তাহা হয় না। তবে এক বিজ্ঞানে সর্ববিজ্ঞান অবশ্যম্ভাবী। সুতরাং স্বীকার করিতে হইবে, সাধারণতঃ যাহা জ্ঞান বলিয়া পরিচিত তাহা বাস্তবিক জ্ঞান নহে। ব্রহ্মসূত্র ব্যাখ্যা করার অনুষ্ঠান করিলেও বুঝিতে পারা যায়,—কবের মুখে কল যে চিত্তশুদ্ধি তাহা প্রাপ্ত হয় না। প্রচলিত ভক্তিও জ্ঞানের অঙ্গরূপে পরিচিত। ভক্তির বিষয়ও ভাবনাকল্পিত। তাই ভগবদ্বুদ্ধিতে ভগবৎ সেবা, যাহা ভক্তি লাভের মুখ্য অবলম্বন, তাহা দিতে হয় না। কাজেই, এই প্রকার জ্ঞানের দ্বারা ভক্তির দ্বারা ভগবৎ-প্রীতি হয় না।

কালক্রমে বর্তমান সময়ে সকল অধিকারই এক প্রকার লুপ্ত হইয়াছে। সাধনের দ্বারা অধিকারার্জন এখন আর তত সুসাধ্য নহে। এখন ভক্তিপূর্বক (শুধু বিধিপূর্বক নহে) ভগবৎ-সেবা ভিন্ন ফললাভের আশা নাই। জীবের অধিকার না থাকিলেও ভক্তিসম্পৎ থাকিলে ভগবৎ-কৃপা-বলে ফলপ্রাপ্তি অবশ্যম্ভাবী। অতিসূক্ষ্ম ভক্তিযোগের সিদ্ধি পথে অনুকূল সময়।

ভক্তি অতি প্রাচীন বিদ্যা নহে—ইহা ভগবৎ-কৃতি-তুল্য অথচ ভগবৎ স্বরূপানুরূপ, সুতরাং নিত্য। মায়া নামী এক অচিন্ত্য শক্তি ঐশ্বর্যময় ভগবানের স্বীকার করেন। এই শক্তির প্রভাবে ভগবান্ অনেক লোককে বিদেহভাবে সর্বজ্ঞভাবে থাকিতে দিতে পারেন। যাহাকে আমরা প্রলয় বলি তাহা ভগবানেরই আত্মরমণ, শুধু মায়াশক্তির বলে প্রলয়রূপে প্রতিভাত হয়। মায়ার প্রায় অধিকাংশ ঐশ্বর্যই শক্তি। এই শক্তির বশীভূত হইয়াই জীব সংসার দশা ভোগ করিয়া থাকে। প্রলয় ও সংসার এক পদার্থ নহে। 'আমি', 'আমার'—ইহাই সংসারের রূপ। অজ্ঞান, মল প্রভৃতি পঞ্চ সংসারবাচক, প্রলয়বাচক নহে। প্রলয় ব্রহ্মাত্মক, তাহা ভগবৎ অজ্ঞানকল্পিত বা মায়া হইতে হইতে পারে না। শ্রুতিতে আছে "স বৈ ন দেবো" "ঐক্ষতেক্ষাং ন ময়ৈ" "স বিশ্বকৃদ্বিশ্ববিৎ"—ইহা হইতে জানা যায় যে ভগবান্ রূপ বা আত্মসাক্ষাৎকারের জন্যই প্রলয়রূপে আবির্ভূত হন। প্রলয়াবস্থিত পুরুষ, ব্রহ্মের সাধন, ব্রহ্মলোক—সবই ভগবানের রূপ। এরূপ অবস্থায় কেহ যদি নিজেকে কর্তা বা ফল-ভোক্তা জ্ঞান করে, তবে তাহা তাহার ভ্রান্তি মাত্র। ইহাই "আমি-আমার"-রূপ সংসার। অবিদ্যাবশতঃ এই ভ্রমের উদয় হয়। যখন তত্ত্বজ্ঞানের স্ফূর্তি হয়, যখন সবই ভগবানের রূপ বলিয়া জানা যায়, তখন ঐ ভ্রম বা সংসার নিবৃত্ত হয়। কিন্তু ব্রহ্মাত্মক প্রলয়ের নিবৃত্তি হয় না। প্রলয় সত্য, তবে তাহার আবির্ভাব ও তিরোভাব এই দুইটি অবস্থা আছে। মুক্তি—অর্থাৎ জীবন্মুক্তি কালে সংসারের নিবৃত্তি হয়, কিন্তু প্রলয়ের নিবৃত্তি হয় না। উৎপাদক ও নাশকের পার্থক্য-নিবন্ধন সংসার এবং প্রলয়ের স্বরূপগত ভেদ অবশ্য

থাকায়। সংস্কার সহজে জীব মুক্ত হইয়া গেলেও প্রলয়ে লোপ হয় না। তবে যখন তত্ত্বজ্ঞান আত্মস্বরূপ বিষয়ে ইচ্ছা করেন তখন প্রলয়ের মত তাঁহাতে বিলীন হইয়া যায়। এই অবস্থায় জীবন্মুক্তই বিদ্যা-সুখ অনুভব করে। কিন্তু ইহা মুক্তি নহে। মুক্তিতে অজ্ঞান থাকে না, সংসার নিবৃত্ত হয়, আর এই অবস্থায় অজ্ঞানের অস্তিত্ব রহিয়া যায়, তবে প্রলয়ের ন্যায় হয়। তত্ত্বজ্ঞানের ইচ্ছাই প্রলয়ের উৎপত্তি ও বিনাশের কারণ। অবিদ্যা জীবের সংসার বন্ধনের কারণ। বিদ্যার উদয়ে অবিদ্যারই নিবৃত্তি হয়, প্রলয়ের নিবৃত্তি হয় না।

অবিদ্যার বিনাশ হইলে জীবের মুক্তি হইয়া থাকে। বিদ্যা দ্বারা অবিদ্যার বিনাশ হয় বটে, কিন্তু দ্বারা সর্বতো বিনাশ নহে। সেই জন্য ঐ মুক্তিও যথার্থ মুক্তি নহে। সহকারীর নাশ হইলেই কার্যের সম্ভাবনা বিনাশ হয়। বিদ্যা স্বাশ্রিত, তাহার দ্বারা স্বজনক মায়ার বিনাশ হয় না। আর যতক্ষণ মায়া আছে ততক্ষণ সুপ্তজনে অবিদ্যা অবশ্যই থাকিবে। অতএব বিদ্যার দ্বারা অবিদ্যার অস্তিত্ব মাত্র, যথার্থ বিনাশ নহে। অবিদ্যা হইতে যে দেহ, ইন্দ্রিয় ও প্রাণের অভাব উপপন্ন হয়, বিদ্যা দ্বারা শুধু তাহাই উপপন্ন হয়; সুতরাং জন্ম ও মরণ হইতে অব্যাহতি লাভ হয়। কিন্তু অজ্ঞান না থাকিলেও যেহেতি প্রলয়কর্তৃত্ব বলিয়া তাহার স্বরূপ লোপ হয় না। ইহাও এক প্রকার মোক্ষ বটে—ইহার নামান্তর ব্রহ্মনিবৃত্তি। শঙ্করাচার্য বলেন—"অবিদ্যাকৃত সকার্যস্য ব্রহ্মসম্বন্ধস্যাত্যন্তোচ্ছেদো বিদ্যাফলমাত্মনঃ।" কিন্তু বিদ্যাজন্য ব্রহ্মনিবৃত্তিই যথার্থ মুক্তি, তাহা বিদ্যা দ্বারা প্রাপ্ত হওয়া যায় না। বিদ্যাজন্য মোক্ষে অবিদ্যা স্বকারণ মায়াতে অবস্থান করে। মায়াই জগৎ সৃষ্টির বীজভূত কারণভূত। মায়াতে অবিদ্যা থাকে বলিয়া বৎপ্রযুক্ত সংসারের অঙ্কুরটুকু কিঞ্চিৎ অবিদ্যমান থাকিয়া যায়। যেহেতি অজ্ঞান অবশ্য থাকে না।

প্রশ্ন হইতে পারে—যদি যেহেতি অজ্ঞান না থাকে তাহা হইলে যেহেতি সৃষ্টি একেবারেই থাকিতে পারে না। যেহেতি অজ্ঞান বিদ্যমানই মূল। এখন অবস্থায় যেহেতি অজ্ঞান না থাকিলে যেহেতি স্থিতি কি প্রকারে সম্ভবপর হইতে পারে? ইহার উত্তর এই যে সাধু লোকপ্রসিদ্ধি অনুসারে জীবন্মুক্তি অবস্থা যেহেতি সত্তেও হইয়া থাকে বলিয়া জানা যায়। সুতরাং যেহেতি অজ্ঞান না থাকিলেও তাহাদের অবস্থান সম্ভবপর, ইহা অবশ্য স্বীকার্য। অতএব সংসার থাকিয়া যেলেও প্রলয়ের সত্তা বাধিত হয় না।

জীবের জীবন্ত যতক্ষণ থাকিবে ততক্ষণ সংসারের লয় হইলেও পুনরুদ্ভবের সম্ভাবনা থাকিবে। কারণ সে অবস্থায় যেহেতি সংসার সত্তাপ্রাপ্ত হয়, মূল কারণে বিলীন হয় না। কিন্তু জীবন্মুক্তের নিবৃত্তি হইলে অর্থাৎ জীব ব্রহ্মস্বরূপ হইলে যা অজ্ঞান লীন হইলে, সংসার মূলকারণে লীন হইয়া যায় বলিয়া আর কোন চিন্তা থাকে না।

ব্রহ্ম নিত্য মুক্ত। কিন্তু প্রলয়কালীন অজ্ঞানসমূহ অনন্তর যখন সৃষ্টির প্রারম্ভকাল উপস্থিত হয় তখন ঈশ্বরের বিশুদ্ধ বিজ্ঞানাত্মিকপ্রায় হইয়া যায়। ঈশ্বরের প্রথম কার্য ইচ্ছাশক্তির ও জ্ঞানশক্তির ক্রিয়াশক্তির সূক্ষ্মরূপ মায়া শক্তির প্রকাশ। এই মায়া দ্বারা তিনি পরিচ্ছিন্নবৎ হন অর্থাৎ তাহার ব্যাপকতা তিরোহিতপ্রায় হয়। তখন যেন প্রকৃতির হয়, যাহাবলে অল্পজ্ঞ পরিচ্ছিন্ন হয়, ও'এই পরিচ্ছিন্ন ভাব দ্বারা তিনি ব্যাপ্ত হইয়া অবস্থান করেন। মায়া ব্রহ্ম হইতে অভিন্ন শক্তি। মায়ার সম্বন্ধের অস্তিত্ব হয় ও অন্য হইতে বিলক্ষণ অনির্বচনীয় মায়া ব্রহ্মাভাষা স্বীকার করেন না।

কেহ বলেন, যে ব্রহ্ম অখণ্ড ও অবিভক্ত বস্তু হইলেও তাঁহাতে অনন্ত রূপ আছে, এই সকল মতের মধ্যে পরস্পর কোনও ভেদ নাই। ইচ্ছাবশতঃ অনন্তরূপের প্রাকট্যনিবন্ধন তাঁহাতে বিভাগ আছে বলিয়া ভ্রম হয় মাত্র। ইহাই ভ্রমরূপ—সৃষ্টির উপাদান। ভ্রমের বস্তু হইবার সত্তা বা ভাবনা সৃষ্টির নিমিত্ত। এই ভাবনা সত্তা ও বিভ্রমের অন্যতমিতারিণী।

তাঁহার ইচ্ছাবশতঃ তাঁহা হইতে তাঁহারই স্বরূপভূত অনন্ত চিদংশ প্রথম সৃষ্টিতে আবির্ভূত হয়। এই সকল চিদংশ জীবস্বরূপ বলিয়া সাধারণ হইলেও উহাদের ভাবনা নিমিত্ত বিশেষ বিশেষ ভাবনার বলে বিভাবায় হইয়াই আছে।

ইহাদিগকে পাপে জীব বলিয়া বর্ণনা করা হইয়াছে। এই সকল জীবের স্বরূপ ও গতি উভয়ই ভিন্নতর। ভ্রমের সংসর্গ হইতে ভ্রমপন্থী ও আত্মপ্রাধান্যে অন্ধতামী সকলের প্রাদুর্ভাব হইয়া থাকে। জীব যেমন অনন্ত, তেমনি অন্তর্যামীও অনন্ত। প্রতি জন্মেই ইচ্ছারূপে জীব ও অন্তর্যামী উভয়ের স্থিতি আছে। অতএব সচ্চিদানন্দ ব্রহ্মের স্বরূপ যত, চিদংশে জীব এবং আনন্দাংশে অন্তর্যামী বা অন্তরাত্মা। জ্ঞানে চৈতন্য ও আনন্দে বিমোহিত থাকে, জীবে আনন্দ বিমোহিত থাকে। আনন্দই ভগবানের আকার—তাহার লোপ ঘটিলে জ্ঞান ও জীব উভয়ই নিরাকার।

আমরা পূর্বেই বলিয়াছি যে, জীব চিৎপ্রধান স্বভাবে, তাহাতে আনন্দাংশ বিমোহিত থাকে। এই বিমোহিত আনন্দাংশ আবির্ভূত হইলেই পূর্ণ সচ্চিদানন্দ ভাব প্রকটিত হয় ও ব্যাপকত্বাদি ধর্মের আবির্ভাব হয়। ইহাই ভগবত্ত্ব বা ব্রহ্মত্ব।* অভিব্যক্তির অন্যোন্যভাবে যে প্রকার বাহ্যতা প্রকৃতি ধর্মের অভিব্যক্তি হয়, তদ্রূপ ব্রহ্মভূত জীবের দেহেও ব্রাহ্মণজীবনের বিলক্ষণের আবির্ভাব হইয়া থাকে। তখন আর দেহের জন্ম থাকে না,—উহার বিকারাত্মকতা ঘটিয়া যায় ও ব্রহ্মতনুতা আবির্ভূত হয়। সেহী জীবও তখন আর ভোগ ধামে না, ব্রহ্মভূমে প্রকাশ পায়। বিমোহিতানন্দের প্রাকট্য একমাত্র ভগবানের ইচ্ছাধীন। তাঁহার ইচ্ছা বলে। তিনি উৎপ্রকাশ অর্থাৎ আনন্দাংশে আবাহিত আত্মাকেও ব্রহ্মভাবে ধারণ করেন, আবার তা অন্তর্ধানমুখে ধারণ করেন।

ভগবান্ স্বতন্ত্রতা এক হইলেও অনেক প্রকারে সৃষ্টি করিয়া থাকেন। কখনও সঙ্কল্পমাত্রে করেন, কখনও বা পরম্পরাক্রমে করেন। পুরুষ, ব্রহ্মা প্রভৃতি দ্বারা সৃষ্টি পুরাণ ও পঞ্চরাত্র শাস্ত্রে প্রসিদ্ধ আছে। কখনও কখনও ভগবান্ স্বয়ংই প্রলয়রূপ ধারণ করেন। আবার অন্য সময়ে জ্ঞান্ ঐশ্বরাদিদের দ্বারা বাহ্যিক সৃষ্টিও করিয়া থাকেন। বাহ্যিক সৃষ্টি ভিন্ন অন্যান্য সৃষ্টিতে ভগবান্ স্বয়ং অন্তর্যামী থাকেন। বাহ্যিক সৃষ্টিতে আবাহিত জীবসমূহ থাকে। সেখানে অন্তর্যামিরূপে ভগবান্ থাকেন। বাহ্যিক সৃষ্টি ভিন্ন অন্যান্য সৃষ্টিতে ভগবান্ স্বয়ং অন্তর্যামী থাকেন। বাহ্যিক সৃষ্টিতে আবাহিত জীবসমূহ থাকে। সেখানে অন্তর্যামিরূপে ভগবান্ থাকেন না

এবং জ্ঞানক্রিয়োত্তরবিবিধি, এই তিন প্রকার। বেদের পূর্বকাণ্ডের প্রতিপাদ্য বস্তু যজ্ঞ। অধিকারী ভেদে ইহা জ্ঞানক্রিয়োত্তরবিবিধি হইলেও অনুষ্ঠান হইতে ফলানুভব পর্যন্ত অবস্থায় সাধনাঙ্গক ক্রিয়া রূপেই প্রতীত হয়। উপনিষদ জ্ঞানকাণ্ডের প্রতিপাদ্য বস্তু সচ্চিদানন্দ ব্রহ্ম। ইহার রূপ, গুণ ও শক্তি সকলই অনন্ত। অধিকারী ভেদে জ্ঞানবিবিধি ভগবৎস্বরূপ বুঝাইতে কোন সন্দেহ নাই, তথাপি শুদ্ধসত্ত্বি হইতে ভগবদ্ভক্তির উদয় পর্যন্ত ইহা জ্ঞানরূপেই প্রতীত হয়। নীতা ও ভাগবত প্রভৃতি গ্রন্থে যে ভগবান প্রতিপাদিত হইয়াছেন তাহা ভক্তির বিষয় বলিয়া জ্ঞানক্রিয়াবিধি, সাধ্যের এবং অনন্তস্বরূপ। ইহাই কৃষ্ণ বা পুরুষোত্তমতত্ত্ব। সাধক ভক্তির বলে ভগবানের এই সাকার রূপই প্রত্যক্ষ করিয়া থাকেন। অনন্তস্বরূপ, অনন্তরূপ, অনন্তগুণ, অনন্তশক্তি—সব ভগবৎস্বরূপের অন্তর্গত। অন্তর্যামী পরমাত্মা হইলেও জীবের সহিত থাকিলেও অনুপ্রবিষ্ট থাকে বলিয়া অনন্ত জ্ঞেয়বিধি। কিন্তু তথাপি ইহা কারণাত্মক ভগবদ্বিগ্রহে প্রবিষ্ট হইয়া তাহার সাহায্যে সম্পাদন করিয়া থাকে। এই জন্য অন্তর্যামী কারণব্রহ্মের অন্তর্গত। বস্তুতঃ মনে মনে ভগবদাত্মক উপাসনা অত্যাবশ্যক। তন্ত্রাদি সাধারণতঃ পঞ্চবিধোপাসনা করে এবং সর্বাপি তাহার অন্তর্গত। বলা বাহুল্য, এই মতে প্রকৃতি ও ভগবানের মধ্যে পরস্পর ধর্মবিপর্যয় অঙ্গীকৃত হইয়াছে। কোন কোন স্থলে সাংখ্য হইতে ভেদও লক্ষণের পার্থক্যও দেখিতে পাওয়া যায়। বস্তুতঃ মতে পুরুষের নির্লিপ্তত্ব কেবলাদ্বয়ত্ব স্বীকৃত হয়। বস্তুতঃ তাহাতে অবস্থা থাকে না। পুরুষ এক, অজ্ঞ ও চিন্ময়। জীবত্ব ও ঈশ্বরত্ব শুধু অবস্থা-ভেদমূলক, স্বাভাবিক নহে। অবস্থাভেদের হেতু বিভিন্ন প্রকৃতির সহিত সম্বন্ধ। প্রকৃতি ব্যাবহারিক ও মূল, এই দুই প্রকার। যখন পুরুষ ভগবদ্বিগ্রহবশতঃ মোহিনী প্রকৃতিকে অঙ্গীকার করেন তখন ইহার ব্যাপারভূত মোহক গুণের দ্বারা আবৃত হইয়া জীবাবস্থা প্রাপ্ত হন। আর যখন মূল প্রকৃতিকে গ্রহণ করেন, তখন স্বরূপে থাকিয়াই জগতের কারণরূপে থাকেন। কেহ কেহ বলেন যে এই পুরুষের এবাপেক্ষা মূল প্রকৃতি, অন্যরূপে মোহিনী প্রকৃতি অবস্থিত আছে। উভয়ের অধিষ্ঠাতা একই পুরুষ। ইনি ভগবানের রূপ। কিন্তু ইনিও ভগবান্ নহেন। জীব চিন্ময় বলিয়া পুরুষের সজাতীয় হইলেও পুরুষ হইতে পৃথক্। জীবকে পুরুষের অংশও বলা যাইতে পারে। যাহা হউক, পুরুষাংশই হউক অথবা অন্যরূপই হউক, জীব যে ভগবদ্রূপ নহে তাহাতে কোন সন্দেহ নাই।

ব্রহ্মের রূপ আছে কি না, এই প্রশ্নের প্রতি অনেকের মনে উদিত হয়। আচার্য বলেন যে 'রূপ' শব্দের অর্থ ব্যবহারের * বিষয় অথবা ব্যবহারের সাধন উভয়ই হইতে পারে। ইহার কোন অর্থেই ব্রহ্মের রূপবত্ত্ব স্বীকার্য নহে। রূপ এবং রূপবান্ পরস্পর ভিন্ন, ইহা লৌকিক প্রতীতি-সিদ্ধ। ব্রহ্ম কখনও রূপাশ্রিতাশ্রয়ী হইতে পারেন না। বস্তুতঃ রূপও ব্রহ্মাত্মক,—ব্রহ্ম হইতে ভিন্ন কোনও জ্ঞেয় নাই। সেই জন্যই "আনন্দমাত্রকরপাদমুখোদরাদি" প্রভৃতি শাস্ত্র-বচনে ভগবান্ ও ভগবদ্বিগ্রহের চিন্ময়ত্ব-মাত্রত্ব সমভাবে অঙ্গীকার করা হয়।

এই চিন্মাত্রই রস পদার্থ। ইহাই জীবের প্রাপ্য হইবার প্রয়োজক ও আনন্দস্বরূপ বলিয়া—ভক্তরূপীদের ইহার অভিব্যক্তি হয়। ভক্তগণে যে রসের বিবরণ পাওয়া যায় তাহা বস্তুতঃ ভগবানেরই লীলাভূত রূপ। রসাভিব্যক্তির প্রণালী ভিন্ন ভিন্ন, সেই জন্য রস বস্তুতঃ এক হইয়াও নানারূপে প্রকাশমান হয়। বাস্তবিক পক্ষে পরব্রহ্মই প্রণালী ভিন্নতে হৃদয়ে আবির্ভূত হইয়া রসস্বরূপ হন। অনন্তশক্তি বারিধিতে এই প্রকার আবির্ভাব সম্ভবপর নহে। তবে বাস্তবিক ভগবানের আবির্ভাবও বস্তুতঃ, তাহা অবশ্য স্বীকার্য। বিজ্ঞানভিক্ষু নিজের পুরুষোত্তম বলিয়াছেন—"অবিরাবির্ভূতাপি ভগবতো ভগবদ্ভাবেন।" আর এক কথা। ভগবান্ যেমন রস স্বরূপ, তেমনই তিনি রসের ভোক্তা। তিনি রস হইয়াও ভগবান্। রস ভগবান্ নিজের রসের দ্বারাই ভগবান। নিজরসের ভক্তিভাবক

* ব্যবহারের ও অনুষ্ঠানের ভাষান্তরে এখানে 'ভগবান' অর্থ বুঝিতে হইবে।

স্বামী ভাবময়। তত্ত্বতঃ তদ্ব্যতীত স্বরূপতঃ কিছি ও কিছিমান্। কিছি যাহা আলম্বনবিভাব (যেমন কৃষ্ণ-সোপী) আশ্রয় ভাবাস্বাদনেরই তত্ত্বমাত্র স্বভাবসাত্ত্ব। আলম্বন যে প্রকার, তাহার প্রতি ভগবানের ভাবও সেই প্রকার। মনে রাখিতে হইবে ভাবও ভগবৎ স্বরূপ হইতে অতিরিক্ত কোনও পদার্থ নহে। ভগবান্ নিজেই রতি এবং নিজেই তাহার আস্বাদনকর্ত্তা। * যাহারা মনে করেন লীলা অনুকরণময় এবং প্রিয়া বিরহ ও তজ্জন্য ক্রন্দনাদি পূর্ণজ্ঞানময় পরমাত্মস্বরূপ সর্ব্বব্যাপক ভগবানে সম্ভবপর নহে, তাঁহাদের মনে রাখা উচিত যে লীলাময় বিভু ভগবানের পূর্ণত্বের বাধক নহে। আর লীলা যে অনুকরণ, ইহাও ঠিক নহে। ভগবান্ পূর্ণরস স্বরূপ, এ কথা যদি সত্য হয় তাহা হইলে প্রিয়াবিরহ ও মিলন এবং তৎকার্য্যাদি তাঁহাতে অবশ্য বলিয়া উড়াইয়া দিবার কোনই হেতু নাই। আর তাহাতে মহত্ত্বের হানিও হয় না। কারণ, ভগবদ্ভাবে যাহাতীত বিরুদ্ধ ধর্ম্মের সমাবেশ আছে। শ্রুতি তাহাই বলেন এবং সিদ্ধভক্তগণও তাহা অনুভব করিয়া থাকেন। তাঁহার অচিন্ত্য মহিমা সর্ব্ববাদিসিদ্ধ।

ভগবানের ন্যায় তাঁহার ভক্তও নিত্য ও সচ্চিদানন্দস্বরূপ। যে সকল ভক্তকে তিনি স্বকীয় ঐশ্বর্য্যাদি দান করেন, যতদিন তাঁহার ইচ্ছা ততদিন তাঁহাদিগের জন্যও ঐ সকল বস্তু অবস্থান করে। এই জন্যই বৈষ্ণবাচার্য্যগণ লীলাকেও নিত্য ও নিত্যই বলিয়া ব্যাখ্যা করিয়া থাকেন। অনায়াসে প্রিয়বাক্য কথনকে লীলা বলা হয়। ইহা প্রতিযোগি-সাপেক্ষ, এবং প্রতিযোগিবিরহেও, এই দুই প্রকার। স্বাভাবিক নিত্য লীলাই প্রথম শ্রেণীর অন্তর্গত। কিন্তু ভগবল্লীলার প্রতিযোগীর অপেক্ষা নাই। যাহা হউক, যদি লৌকিক দৃষ্টির অনুসরণ করিয়া আলোচনা করা যায় তাহা হইলে লীলা ও তৎসম্বন্ধীয় বিষয়ের সম্বন্ধে কি কি বাধক আছে যা কল্পিত হইতে পারে তাহার নির্ম্মোচন আবশ্যক। পূর্ব্বপক্ষের মহাবাক্য যে সকল সম্ভাব্যমান বাধক উল্লেখ করিয়াছেন এবং দেখাইয়াছেন যে ভগবল্লীলার নিত্যত্ব সম্বন্ধে তাহার মধ্যে একটিও প্রযোজ্য নহে। ভগবানের নায়ক লীলাবৎ নিত্য। তাঁহার যে নাম যে রূপবিশিষ্টরূপধারী, সেই রূপবিশিষ্ট রূপের সেই নাম নিত্যই আছে। তবে ভক্তের ভক্তভেদের বিভিন্ন রসানুভবের জন্য কখনও কোনও রূপের আবির্ভাব হয়, কোনও রূপের তিরোভাব হয়, ইহাই বিশেষ। বিষ্ণুধর্ম্মোত্তরে বলেন—"লোকে পরম ভোগ্য ভক্তানাং ভক্তানুগ্রহার্থং রূপেণাবির্ভবতি: কদাচিৎ কদাচন, ভক্তি-বিজ্ঞানসিদ্ধিযোগ্য: ভবতি। যেন ভগবান্ গোবর্দ্ধন-মুদ্ধরন্ ন্যায় বর্দ্ধত ইতি 'গোবর্দ্ধনোদ্ধরণ' ইতি ক্রিয়ানামভাক্ত: সন্নিধৌ গোবর্দ্ধনোদ্ধরণকর্ত্তা ন্যায় বর্দ্ধতে। অতএবাত্মাদি ভক্তনাং তথানুরূপ: ভবতি।" প্রতিক্রিয়াতে ভজন ও সাধনের ব্যবস্থা আছে। যদি ভজন করিয়া হয় ও ভগবান্ও না হয় তাহা হইলে তাহাকে ভগবদ্ভজনের অপরাধ বলিয়া গণ্য হইবে। তাহা ভগবানের প্রসন্নতা-হেতু ভজন নহে। কিন্তু ঐ প্রকারে ভজন করিয়া যে ভগবৎ প্রসাদ লাভ করা যায় তাহা সত্য কথা। ভজন হইলেই ভাবেরও আবশ্যকতা আছে—ভাবও ভগবদ্ভাবরূপ ও নিত্য। বস্তুতঃ ভগবানের নাম, রূপ, গুণ, কর্ম্ম সবই নিত্য ও চিন্ময়। *

—ক্রমশঃ

---

* দ্রষ্টব্য—"ভক্ত ভক্ত ভাব ভাবুক ভাবনাময় ভগবৎ ভগবদ্ভাবময় যে. ভক্ত ভাবুক ভাবিত ভাবনাময় ভাবুকভাবিত ও ভক্ত ভগবান্। ভগবদ্ভাব এব। ভক্ত ভাবের ভাবী ভাবনী ভাবনাময়।" (বিষ্ণুধর্ম্ম, পৃ ১৮২)।

* দ্রষ্টব্য—"ভক্তভাবনি ভাবভাবী ও ভক্ত ভগবানি নিত্য পূর্ণবিজ্ঞানময় ভক্তভাবের ভাব। যে ভক্তের ভাবনি ভাবনী ভাবনি ভাবনাময়ী ভাবনাময়ভক্তভাবনাময়ী ভাবনাময়। যেন ভগবদ্ভাবনি ভাব ভক্তের ভাব ইতি ভাবনাময়ভাবনী যেন। ভগবদ্ভাবনি ভাবনাময়ী ভাবনাময়ভাবনাময়ী ভাবনাময়ভাবনাময়ী যেন। পূর্ণবিজ্ঞান এব ভাবের ভগবদ্ভাবনাময় ভাবনাময়ী যেন।" (বিষ্ণুধর্ম্ম)



নারী-জাগরণ

সমস্ত জগতে নারী-জাগরণের সাড়া প'ড়ে গিয়েছে। বিভিন্ন দেশের মহিলারা স্বাধীনতার জন্য আন্দোলন করছেন। যে সব দেশে মহিলা-আন্দোলনের কথা কেউ স্বপ্নেও ভাবতে পারেননি, সে সব দেশেও মুক্তির জন্য, স্বাধীনতার জন্য নারীরা আন্দোলন আরম্ভ করেছেন। ইঁদের অনমনীয় মনে হয় অদূর ভবিষ্যতে সব মানব-মানিকাদের একাসনে বসা নিশ্চয়। বিশ্বের ও ভূগতে মানিকারা আজ পরের হক অমানুষিক মূল্য পুরুষ অত্যাচার সহ্য করে যাচ্ছে হ'চ্ছে। আজ কাল এই সব দেশের মহিলারাও জাগরিত হয়েছেন ও স্ত্রী-স্বাধীনতার জন্য নানা রকম আন্দোলন চালাচ্ছেন।

অস্ট্রেলিয়ার মেলের তুলনায় আমেরিকার শিক্ষিতা মহিলাদের সংখ্যা বেশ বেশী। শিক্ষা তাঁদের নানা রকম জনহিতকর কার্যের উপযোগী করেছে। রাজনৈতিক ও অর্থনৈতিক ক্ষেত্রেও তাঁরা নিজেদের প্রভাব বিস্তার করেছেন।

বিশ্বব্যাপী যুদ্ধের পর ইংলণ্ডে মহিলারা ভোট দেবার অধিকার পেয়েছেন। অনেকজন মহিলা ব্রিটিশ পার্লামেণ্টের সভ্যও নির্বাচিত হয়েছেন।

রুশিয়া ও ইটালি দেশগুলিতে স্ত্রীজনের নানা ক্ষেত্রে মহিলাদের প্রভাব লক্ষিত হয়। ইটালির দেশগুলির স্বামীরা পরিবার ও স্ত্রীর উপর স্বামী অনেক দিন পূর্বেই ছাড়তে বাধ্য হয়েছেন। তবে ইটালি মহিলারা ভোট দেবার অধিকার এখনও লাভ করেন নি।

রুশিয়াতে বালক-বালিকারা একত্রেই শিক্ষা লাভ করে ও চিকিৎসাক্ষেত্রে পেশাদার মহিলাদের স্বাধীনতা আছে। তবে ইউরোপের অন্যান্য দেশের মহিলাদের তুলনায় রুশিয়ার মহিলারা অনেক বিষয়ে এখনও পশ্চাতে প'ড়ে আছেন।

মহিলা ও ছোট ছেলেদের জন্য নিউজীলণ্ডে (New Zealand) বিশেষ ব্যবস্থা আছে। এখানকার মহিলাদের ভোটের অধিকার আছে। জীবিকা নির্বাহের জন্য তাঁরা যে কোন বৃত্তি অবলম্বন করতে পারেন। কেবলমাত্র সভ্য হবার অধিকার তাঁরা এখনও পান নি। বিধবা ও অবিবাহিতা বৃদ্ধা স্ত্রীলোকদের পেনসন দেবার ব্যবস্থা আছে। প্রাথমিক শিক্ষা বিভাগে মহিলারা পুরুষদের চেয়ে সংখ্যায় বেশী। ইউনিভার্সিটির ছাত্রদের এক-তৃতীয়াংশ মহিলা।

এশিয়ার বিভিন্ন দেশেও মহিলারা জাগরিত হয়েছেন। চীন দেশে অসংখ্য মেয়ে দলে দলে উচ্চশিক্ষা প্রাপ্ত হচ্ছেন। সব রকম আন্দোলনেই তাঁরা পুরুষের সমান যোগ দিচ্ছেন। জীবনের নানা বিভাগে মহিলাদের অধিকার যাতে প্রাপ্ত হয় সেই জন্য তাঁরা আন্দোলন করছেন।

ভারতবর্ষে শ্রীযুক্তা সরোজিনী নাইডু, শ্রীযুক্তা রাধা প্রভৃতি মহিলারা রাজনৈতিক আন্দোলনে যোগ দিয়েছেন। সম্প্রতি মহিলাদের ভোট দেবার অধিকার দেওয়া হয়েছে।

জাপানে মহিলা আন্দোলন এখনও তেমন প্রবল হয়নি। তবে কিছু দিন পূর্বে সেখানকার ইম্পিরিয়াল ডায়েট (Imperial Diet) মহিলাদের ভোটের অধিকার দেবার জন্য একটি বিল আনা হয়েছে। জাপানে উচ্চশিক্ষিতা মহিলার অভাব নেই, তবে সামাজিক ও অর্থনৈতিক কাজে তাঁরা এখনও অগ্রসর হননি। সাহিত্য, রাজনীতি, কলা, খেলাধূলা বা সামাজিক সমস্যাগুলির সমাধানেও তাঁদের বিশেষ আগ্রহ দেখা যায় না। জাপানী মহিলারা তাঁদের চরিত্রের মাধুর্য না হারিয়ে যাতে এই সব ক্ষেত্রে অগ্রসর হ'তে পারেন, এই জন্য শ্রীমতী ফুজিনো, শ্রীমতী ফুজো, শ্রীমতী শিরোসে প্রভৃতি মহিলারা চেষ্টা করছেন।

(Indo-Japanese Journal :—Japan.)

মণি ও মুক্তা

বহু দিন থেকে মণি ও মুক্তার ব্যবহার চলে আসছে। কোন্ দেশে যে এগুলির ব্যবহার আরম্ভ হয় এখন তা জানবার কোন উপায় নেই। অনেকে মনে করেন, ভারতবর্ষেই প্রথমে এগুলির ব্যবহার আরম্ভ হয়।

Mr. Tetis বলেন, এশিয়াতেই সভ্যতার প্রথম বিকাশ হয় ও অনেক জিনিষের জন্য এশিয়ার কাছে ইউরোপ ঋণী। এশিয়াবাসীরা নানা ভাবে রাজার মুকুট ও সিংহাসনে, দেবমন্দির মূর্তিতে, বর্ম অস্ত্রশস্ত্রে ও কৃত্রিম সংস্কারের জন্য মণি ও মুক্তা ব্যবহার করতেন।

প্রাচীন হিন্দুরা রত্নগুলিকে নানা শ্রেণীতে বিভক্ত করেছিলেন। প্রত্যেক রত্নকে আবার চার বর্ণে—ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র—ভাগ করা হয়েছিল।

হীরা, মুক্তা, নীলা, মরকত ও পদ্মরাগ এই ক'টি মণিকে ব্রাহ্মণ বলা হতো।

জেসিন্থ (Jacinth) জোপাজ (Topaz পোখরাজ) কোরাল (Coral—প্রবাল) এইগুলিকে ক্ষত্রিয় বলা হ'তো।

শুক্রনীতিসারে নবরত্ন এই ক'টি মণিকে বলা হতো—বজ্র (হীরা) মুক্তা, প্রবাল, গোমেদ, নীলা, বৈদূর্য, পুষ্পরাগ, মরকত ও মাণিক্য (পদ্মরাগ)।

রত্নগুলির মধ্যে হীরাই সর্বাপেক্ষা উজ্জ্বল। হীরা ধারণ করলে, ধন, সাহস, দৃঢ়তা আসে ও মানসিক শক্তি বৃদ্ধি হয়।

হীরা ব্যবসায়ীদের বিষ, পাপ ও দুষ্টলোক থেকে রক্ষা করে। হীরা ধারণ করলে রোগ স্পর্শ হয় না। আহত ও পীড়িত রোগের রোগেরা মনে করলে হীরা ধারণ করলে রোগমুক্তির উপায় হয়।

হিন্দুরা হীরাকে চার বর্ণে ভাগ করেছিলেন। ব্রাহ্মণ (শ্বেতবর্ণ) বজ্র ও সত্যকি আনে। ক্ষত্রিয় (রক্তাভ হল) জয় ও বাড়ন্ত সুখ করে। বৈশ্য (পীত) সকল কার্যে সফলতা আনে। শূদ্র (কাল) সর্ব প্রকারে দৌর্ভাগ্যের সূচনা করে।

জল করে ধারণ করলে রত্নগুলির বিশেষ গুণ নষ্ট হয়ে যায়। কোন লোকের কাছ থেকে উপহার স্বরূপ পেলে তবে এগুলি ব্যবহারে উপকার হবে। হীরা বিষ নাশ করে ও রোগ দূর করে।

মানবের জীবন আকাশের গ্রহগুলির দ্বারা নিয়ন্ত্রিত হয়। গ্রহগুলির কোপ-দৃষ্টি দূর করবার ও অনুগ্রহ লাভের জন্য বিভিন্ন রকমের রত্ন ব্যবহার করা হ'তো।

রবি (bat's eye, এক রকমের পাথর) চন্দ্র (মীনা), মঙ্গল (প্রবাল), বুধ (চুনী), বৃহস্পতি (মুক্তা) শুক্র (হীরা) শনি (নীলা), রাহু (Zircon), কেতু (মরকত)।

চালডীয়ার ও ইউরোপের লোকেরা রবির জন্য হীরা ব্যবহার করেন।

মুক্তা—স্বাস্থ্য, পুত্র দান করে ও সব রকম রোগ দূর করে এবং রূপ অধিক সরল করে। বৃহস্পতির অনুগ্রহ লাভের জন্য ধারণ করা হয় ও চন্দ্রের অনুগ্রহ লাভের জন্য আভরণের দান করা হয়।

চুনী—স্বাস্থ্য ও শক্তি আনে। চিন্তা দূর করে, ক্রোধ ও রোষ আসতে দেয় না।

নীলা—বহুমূত্রে ব্যবহৃত হয়। বাতের বেদনাতে অত্যন্ত লাভ হয়। চন্দ্রের মৃগুরীর জন্য ব্যবহৃত হয় ও শনির জন্য দানে করার ব্যবস্থা আছে। মুক্তা ব্যবহারে শক্তি ও উৎসাহ আনে।

মরকত—ব্যবহারে ভবিষ্যৎ জানা যায়। জ্ঞানবৃদ্ধি ও অর্থ লাভের জন্য মরকত ব্যবহার করা উচিত। বাতের দুর্বলতা আরোগ্য হয়। মুখ ও ঠোঁটের ফোস্কা দূর করবার জন্য ধারণ করা উচিত। দুর্জয় শত্রু বাধা করলে লাভ হয়।

প্রবাল—যকৃতদোষ আরোগ্য করে।

গোমেদ—কোষ পরিষ্কার করে। তীক্ষ্ণ বুদ্ধি প্রদান করে।

গোমেদ—যশ ও জ্ঞান লাভের জন্য ধারণ করা উচিত।

(C. Koneri. Indian Review.)

ভারতবর্ষে মিউজিয়াম

মিউজিয়াম শুধু আমাদের কৌতূহলী তৃপ্তিসাধন করে না, আমাদের নানা বিষয়ে জ্ঞান আহরণেও সাহায্য করে। কিছুকাল পূর্ব পর্যন্ত ভারতবাসীরা শিক্ষাক্ষেত্রে মিউজিয়ামের উপকারিতা সম্বন্ধে উদাসীন ছিলেন, সুখের বিষয়, আজকাল তাঁদের এ বিষয়ে মনোভাবের পরিবর্তন হয়েছে।

কলিকাতা বা বোম্বাইয়ের প্রসিদ্ধ মিউজিয়ামের কথা সকলেই জানে আছেন, এই কারণে সেগুলি সম্বন্ধে এ প্রবন্ধে কোন উল্লেখ থাকবে না। এগুলি ছাড়া ভারতবর্ষের বিভিন্ন স্থানে আরো অনেকগুলি মিউজিয়াম আছে। এ প্রবন্ধে সেগুলির বিষয় আলোচিত হবে। রাজপুতানার অন্তর্গত জয়পুর রাজ্যে একটি চমৎকার মিউজিয়াম আছে। একটি সুরম্য উদ্যানের মধ্যস্থলে, ভারতীয় স্থাপত্যের আদর্শে মিউজিয়াম গৃহটি নির্মিত হয়েছে। ১৮৮৬ খৃষ্টাব্দে যুবরাজ এডওয়ার্ড এর ভিত্তি স্থাপন করেন। ৭০ একর জমির উপর, Dr. De Fabrecki-এর উপদেশ মত ৪০,০০,০০০৲ টাকা ব্যয়ে জয়পুর মহারাজ এই সুন্দর উদ্যানটি রচনা করেছেন। এই উদ্যানটির পরিচর্যার জন্য প্রতি বৎসরে মহারাজা তিন হাজার টাকা ব্যয় করেন।

মিউজিয়ামটিতে মহারাজা আধুনিক সুন্দর শিল্প ও কলার নিদর্শন ও ভারতবর্ষের বিভিন্ন স্থানের প্রাচীন দ্রব্যাদি সংগ্রহ করেছেন। এখানকার সিল্ক, কার্পেট, পর্সিলেন, (Porcelain) ও মাটির পাত্রগুলি সকলের দৃষ্টি আকর্ষণ করে। মিউজিয়ামের পাশেই একটি কলা-ভবন আছে। এই বিদ্যালয়টিতে গেলেই প্রাচীন ও নবীন শিল্পধারার পার্থক্যটি সহজেই চোখে পড়ে। আধুনিক সুন্দর শিল্পে শিল্পীদের প্রাণের কোন পরিচয় পাওয়া যায় না। প্রাচীন সুন্দর শিল্পীদের কাজ কিন্তু তাদের প্রাণের রসে ভরপুর ছিল। এগুলি ছাড়া মিউজিয়ামটিতে নানা রকমের অস্ত্রশস্ত্র, বস্ত্র, সুন্দর কারু-কার্য-খচিত ছুরী ও অসির খাপ, আসবাব ও অস্ত্রপত্রের বিভাগে নানা রকমের শিল্পের নিদর্শন আছে।

রাজপুতানার অন্তর্গত উদয়পুর রাজ্যেও একটি মিউজিয়াম আছে কিন্তু জয়পুরের মিউজিয়ামটির সহিত কোন বিষয়েই এটির তুলনা হয় না। রাণী ভিক্টোরিয়ার নামে এটির নাম ভিক্টোরিয়া ইনষ্টিটিউট রাখা হয়েছে। উদয়পুর রাজ্য সুন্দর পট্টবস্ত্রাদির জন্য বিখ্যাত। এখানকার অশ্ব রাজীগুলির মত মিউজিয়াম গৃহটিও শ্বেতবর্ণের ও মুসলমান স্থাপত্যের আদর্শে তৈরী। মিউজিয়ামটিতে একটি ছোট লাইব্রেরিও আছে। বিশ্ব জাতি নানা বর্ণ ও শ্রেণীতে বিভক্ত। সব শ্রেণীর লোকের রচিত গ্রন্থগুলির তৈরী জন্যার ছাঁচ এই মিউজিয়ামটিতে আছে। এগুলি ছাড়া উদয়পুর রাজ্যের শিল্প ও কলার নমুনা ও প্রাচীন দ্রব্যাদির সংগ্রহও আছে।

বর্তমান ভারতবর্ষের বেশী রাজ্যগুলিতে বহুকেটি মিউজিয়াম আছে। এখানকার রাজাদের আগ্রহ আর উৎসাহে তাঁদের রাজ্যের নানা রকম জিনিষ এই মিউজিয়ামগুলিতে স্থান পেয়েছে। মিয়াপুর রাজ্যের রাজধানী সিকেন্দ্রাবাদে একটি বিস্তৃত উদ্যানের মধ্যখানে একটি মিউজিয়াম আছে। এই মিউজিয়াম

ও তার পাশে বাগানটি এখানকার অধিবাসীরা বহুদূর থেকে দেখতে আসে। এই রাজ্যের ভূতপূর্ব রেসিডেন্ট General Cullen এটির পত্তন করেন। তিনিই ১৮৮২ খৃষ্টাব্দে এখানকার পাথরগুলি সংগ্রহ করতে আরম্ভ করেন। জিবাদুর রাজ্যের উদ্ভিদ, জীবজন্তু, এখানকার অধিবাসীদের আচার ব্যবহার, শিল্প ও কলার পরিচয় এই মিউজিয়াম থেকে পাওয়া যায়। এখানকার বিভিন্ন শ্রেণীর লোকের মূর্তি ও বাসগৃহের একটি নমুনাও আছে। এখানকার রৌপ্য, ধাতুনির্মিত ও চন্দনকাষ্ঠের কারুকার্য বহুমূল্য ও সমৃদ্ধির যথেষ্ট সাক্ষ্য এই মিউজিয়মটিতে রাখা হয়েছে।

মহীশূরের রাজা তাঁর রাজধানী, ব্যাঙ্গালোরে (Bangalore) Cobham Park নামক সুন্দর বাগানে একটি মিউজিয়াম স্থাপিত করেছেন। এটি সাল পাথরের তৈরী। রাজ্যের প্রধান আকরের পরিচয় এখানকার সংগৃহীত জিনিষগুলি দেখতে পাবে। মিউজিয়মটিতে নানা রকম বন্য পশু, পক্ষী, সর্প, প্রজাপতি, মহীশূর অধিবাসীদের পোষাক ও অলঙ্কার এবং কুকুর-দম্পতীর অনেক রকম নমুনা সংগৃহীত হয়েছে। রাজ্যের বিদ্যালয়ের জন্য অল্প কয়েকটি সরেস ছোট ছোট মিউজিয়াম স্থাপনের চেষ্টা চলছে।

ব্রিটিশ ভারতে স্থাপিত দুটি মিউজিয়মেরও এখানে উল্লেখ করা যেতে পারে। Dr. Marshall ও তাঁর সহকর্মীদের যত্নে মথুরার প্রাচীন প্রত্নবস্তুগুলি লক্ষ্ণৌ মিউজিয়মে রক্ষিত আছে। মথুরার প্রাচীন বৌদ্ধ মূর্তিগুলি খুব সুন্দর ও প্রয়োজনীয় সংক্ষিপ্ত বিবরণ দেওয়া আছে বলে দর্শকেরা সহজেই গুপ্তলি সম্বন্ধে সব জ্ঞাতব্য বিষয় জানতে পারেন।

সারনাথে বৌদ্ধ-যুগ খুঁড়ে মূল্যবান অনেকগুলি মূর্তি পাওয়া গিয়েছে। এখানকার ইহা জিনিষগুলির মধ্যে অশোক স্তম্ভের উপরের সিংহমূর্তিগুলি সকলেরই খুব ভাল লাগে। এছাড়া অন্যান্য মূর্তিগুলির শিল্পনৈপুণ্য যথেষ্ট উচ্চাঙ্গের হয়েছে।

পাথর ও সিমেন্টের মিশ্রণের ফলে প্রাচীনকালের অনেক জিনিষ পাওয়া গিয়েছে। সেগুলিকে রাখবার জন্য খুব সম্ভব আর একটি মিউজিয়াম তৈরী করতে হবে। Taxilaতে Sir John Marshall যে সব জিনিষ পেয়েছিলেন, সেগুলি সেখানেই একটি ছোট মিউজিয়মে রাখা হয়েছে।

লাহোর মিউজিয়মে প্রাচীন যুগের অনেকগুলি খোদিত মূর্তি ও মুদ্রার নমুনা আছে। এগুলি দ্বারা ভারতবর্ষের বিভিন্ন প্রদেশে বিভিন্ন সময়ে ব্যবহৃত নানা রকম অক্ষরেরও সুন্দর সংগ্রহ আছে। শ্রীনগর মিউজিয়মে কাশ্মীরের মহারাজা সেখানকার প্রাচীন স্থাপত্যের নিদর্শন ও কাশ্মীর রাজ্যের উৎপন্ন দ্রব্যাদির নমুনা সংগ্রহ করেছেন। (Modern Review.)

—শ্রীবিনোদবিহারী মুখোপাধ্যায়

রম্যা রলাঁ ও পাশ্চাত্য সঙ্গীতের ইতিহাস

শ্রীকালিদাস নাগ—কলিকাতা।

শিল্পী কবি ও ভাবুক হিসাবে রম্যা রলাঁ আমাদের কাছে অপরিচিত নহেন, কিন্তু স্পষ্ট ভাবে তাঁকে 'সঙ্গীতজ্ঞ' বলে শুনে আমাদের অনেকেরই লাগে ধাঁধা; সেই যে সঙ্গীতের সঙ্গে তাঁর সাধনার যোগ কোন্‌খানে। আমাদের দেশে 'সঙ্গীতজ্ঞ' বল্‌তে আমরা সাধারণতঃ বুঝি সেই সব মানুষকে, যাঁরা হয় কণ্ঠ, নয় যন্ত্র-সাধনায় জীবন পাত করেছেন; কিন্তু ইউরোপে তাই তার আর একটু ব্যাপক অর্থ। সে গান, সে বাজনা শুধু সে নয়—যে সমস্ত প্রাণ দিয়ে সুরের বিচিত্র ছন্দে গড়ে তোলে ওই সেই সঙ্গীতজ্ঞ। 'গাইয়ে' 'বাজিয়ে' ছাড়াও পৌঁছে দেয় কাণ যাঁরা, আর তাকে "কানের ভিতর দিয়া মরমে পশিয়ে" দেওয়ার মানুষ আছে সুর-রসিকদের কাছে। প্রথম শ্রেণীর ইউরোপীয় বলে Musician সুধীজন, দ্বিতীয় শ্রেণীকে বলে Musicologist সুর-রসিক। রলাঁ এই দ্বিতীয় পর্য্যায়ের গুণী। সুর ও সুরস্রষ্টাদের বিবিধ রহস্যময় ও অসীম রসোপলব্ধির অনুশীলন করে' পাশ্চাত্য সঙ্গীতের ইতিহাসে তিনি অমর কীর্ত্তি রেখে গিয়েছেন। সঙ্গীতকে কেবলমাত্র শ্রবণের এবং চক্ষুর সাধনার জিনিষ করে' না রেখে, তিনি দেখাতে চেষ্টা করেছেন যে, বিশ্বমানবের শিল্প-সৃষ্টি ও ঐতিহাসিক প্রচেষ্টার একটি সুন্দর সুর আছে—সেই সুর চেনা ও সেই সুর-বোধ সাধারণের, অন্ততঃ আমাদের একটি বড় কাজ, কারণ তার ভিতর দিয়ে মানব-সভ্যতার একটি বড় ঐক্য-বুদ্ধিতে আমরা উপনীত হতে পারি। এই ভরসা রলাঁ তাঁর "ইতিহাসে সঙ্গীতের স্থানে" (De la place de la Musique dans l' Histoire generale.) বিষয় প্রবন্ধে পরিস্ফুট করেছেন।

সঙ্গীতের ক্রিয়া দিয়ে তার বড় সম্বন্ধে পৌঁছান যায়, তবে কেবল উহা মানুষ কি অনুভব বল সৃষ্টি করতে পারে তার দ্বারা বর্ণাঢ্য সমগ্র জীবন ও সাধনা। "Music and Life" (Visva Bharati Quarterly April 1925) এবং "সুর-রসিক রম্যা রলাঁ" (প্রবাসী বৈশাখ ১৩৩২) এই দুই প্রবন্ধে আমি তাঁর নিজের ভাষায় ঐ কথাটি প্রকাশ করতে চেষ্টা করেছি। আজ তাঁর সঙ্গীত-রস-পাথেয়ের সাধনার ইতিহাসে একটু দিতে চাই। যাইবার পূর্ব্বে রলাঁর জন্ম বহুরা তাঁর সম্বন্ধে নানা দিক দিয়ে আলোচনা করে' তাঁর বহুমুখী প্রতিভার স্বরূপটি আমাদের কাছে স্পষ্ট করেছেন; তাঁর শিল্পজীবনী সঙ্গীতজ্ঞ Mon Henri Prunieres * অনেক খবর দিয়েছেন; তাঁর প্রবন্ধ এবং রলাঁ সম্বন্ধে অন্য বই ও লেখা অবলম্বন করে' কিছু কিছু আভাষ আমা 'উত্তরা'র পাঠকদের উপহার দিই।

১৮৯৪-১৮৯৫ এর মধ্যে রলাঁ তাঁর মৌলিক গবেষণা শেষ করে' দুটি থীসিস্ প্রস্তাব এবং প্যারিস বিশ্ববিদ্যালয়ের Doctorat es lettres উপাধি লাভ করেন। তখন তাঁর বয়স ত্রিশ, ফ্রান্সে অধ্যয়ন শেষ করে' তিনি ইতালীয় সঙ্গীত ও শিল্প নিয়ে তখন মেতে আছেন; তাঁর প্রথম থীসিস্ সুষ্টী ও তাঁর সমসাময়িক পূর্ব্বোক্ত ইটালীয়ান অপেরার ইতিহাস—কথাটী একটেরীর পুরুষার লাভ করে। দ্বিতীয় থীসিস্‌টি লাভিন ভাষায় লেখা; গন্তব্যস্থল সঙ্গীতীয় ইতালীর চিত্রকলার অবনতি; ইহা ১৮৯৬ সালে প্যারিসের প্রসিদ্ধ পত্রিকা La Revue

* ফরাসী মাসিক পত্রিকা "Europe" (Feb 1925) বিশেষ সঙ্গীত-সংখ্যা দ্রষ্টব্য।

রম্যা রলাঁ—কৈশোরে

[প্রবাসীর সৌজন্যে]

রম্যা রলাঁ—পরিণত বয়সে

de Paris'ে ছাপা হয়। এই সময় আর একটি পত্রিকা Le Revue de l' Art dramatique প্রকাশিত হয় এবং উক্ত দুটি পত্রিকা ধারাবাহিক ভাবে বর্লিয় সঙ্গীত সম্বন্ধে প্রবন্ধ আলোচনাদি ছাপতে থাকে। তাঁর প্রথম নাট্যাভিনয়াত্মক একটি কাজের ছাপা হয়। Saint Louis (১৮২৯) Acis (১৮৩০) Le Triomphe de la Raison (১৮৩৩) প্রভৃতি নাটকগুলির মধ্যে দু'একটি পারিসের রঙ্গমঞ্চে অভিনীত হতে পারে। বর্লিয় শিল্পজীবনের এই হল সুরু। Don Lorenzo Perosi, Mozart Richard Strauss প্রভৃতি প্রসিদ্ধ সুর-শিল্পীদের নিয়ে বর্লি সঙ্গীত আলোচনা করে' প্রবন্ধ থেকেই বেশ আভাস দিয়েছিলেন যে, আধুনিক বৈজ্ঞানিক প্রণালী ও ঐতিহাসিক গবেষণার সঙ্গে তাঁর জন্মগত শিল্প-প্রেরণা, অসীম সুর সম্বন্ধে তাঁর গভীর অনুভূতি ও মানবহৃদয় সম্বন্ধে তাঁর নিবিড় অনুভবের তাঁর কাজের মধ্যে সমন্বয় খুঁজছে। এই সমন্বয়টি তাঁর মধ্যে বেশ বেশী যায় এমন কম শিল্পীর মধ্যেই পাই। ফ্রাঙ্কে La Fage, Fetis প্রভৃতি দু'একজন সঙ্গীত নিয়ে লেখালিখি আগেই করেছিলেন বটে কিন্তু তাঁরা সমালোচনার কোন স্থায়ী পদ্ধতি তাঁর করতে পারেন নি। ১৮৩৪ সালে বর্লিয়ের সঙ্গে সঙ্গে একদল সুরতাত্ত্বিকের আবির্ভাব হয়: Michel Brenet, Henry Quittard, Pierre Aubry প্রভৃতি মিলে সঙ্গীত-ইতিহাস লেখার বিধি পদ্ধতি করতে লেগে যান। তবু এঁরা ও সুর-শিল্পীর খাঁটিরা ও তফাৎ তাঁরা বিশ্লেষণ করতে থেকে উঠার করে' গেছেন। সঙ্গীত গানের উঠার করতে হলে এখন গান ও রঙ্গমঞ্চ প্রত্নতাত্ত্বিকদেরও বিশেষ প্রয়োজন; না হলে অনেক ঘরগড়া নিছক ও কাল্পনিক মতামত সঙ্গীতের ইতিহাসে ঢুকে পড়তে পারে। কিন্তু ঐতিহাসিক তথ্যের সঙ্গে সঙ্গীতের চিরন্তন সত্যের মিলন যিনি করতে পারেন তিনিই যথার্থ শিল্পী; প্রত্নতাত্ত্বিকদের মধ্যে একমাত্র Andre Pirro এই কাজ করতেও করেছিলেন, এবং তবুও বর্লি এই অপূর্ণ সমন্বয়টি নিজের হাতের তুলিতে করে' অনেক বাকী রেখে গেলেন। বড় তাকে অবশ্য তাঁর সঙ্গীত তাৎপর্য তার ধারাই তাঁর সঙ্গীত প্রবন্ধের মূল্য উৎস।

এই উদ্দেশ্যটি সাধন করবার সুযোগও মিলেছিল। ১৯০০ সালের জুলাই মাসে প্যারিসে আন্তর্জাতিক সঙ্গীত মহাসম্মেলন (International Congress of Music) প্রথম অধিবেশন হয় এবং বর্লিকে তার সভাপতি করে' গৌরবান্বিত করা হয়, তার ফলে সঙ্গীতের ইতিহাস ও সমালোচনা সম্বন্ধে সাধারণের যে উদাসীন্য ও তাচ্ছিল্য লক্ষিত হয়েছিল সেটা দূর হয়। বর্লির প্রতিভার সমাদর করল: তাঁকে প্যারিসের বিদ্যাত শিক্ষাকেন্দ্রে টেনে নিয়ে যায়: প্রথম তিনি তাঁর নিজের বলেই Ecole Normale-এর শিল্পের ইতিহাস সম্বন্ধে অধ্যাপনা করবার ভার নিযুক্ত হন; সেই সুযোগে ক্রমে ক্রমে তিনি সঙ্গীত শিল্পের ইতিহাস সম্বন্ধে আলোচনা করেন এবং তার মৌলিকতা সাধারণে উপলব্ধি করবার সঙ্গে সঙ্গে ১৯০৩ সালে তিনি প্যারিস বিশ্ববিদ্যালয়ের (Sorbonne) সঙ্গীত ইতিহাসের অধ্যাপকরূপে বৃত হন। কিছু পূর্বে ১৯০১ সালে প্রসিদ্ধ Revue Musicale পত্রিকার প্রতিষ্ঠা হয়। Pierre Aubry, Jules Combarieu প্রভৃতির সঙ্গে বর্লিও একজন প্রধান পাণ্ডা হয়েছিলেন। ১৯০৪ সালে Ecole des Hautes Etudes Sociales নামক যে গবেষণা-কেন্দ্র প্যারিস বিশ্ববিদ্যালয়ে স্থাপিত হয় তার মধ্যে সঙ্গীত পাঠাদির পরিচালনার ভার বর্লির উপর পড়ে। এই বছরেই বর্লি তাঁর সুপ্রসিদ্ধ গ্রন্থ Musique et sa place dans l' Histoire লিখে অধ্যাপনা সুরু করেন। তাঁর বক্তৃতার বিষয়-বিশ্লেষণ থেকেই বোঝা যায় এ ক্ষেত্রে কত বড় কাজ তিনি করে' গেছেন:—(১) অপেরার ইতিহাস (১৯০২-১৯০৩), (২) Gluck-এর সঙ্গীত-শিল্প (১৯০৩-১৯০৭) (৩) Grétry ও Hugo Wolf (১৯০৪-১৯০৫), (৪) বেটোফেন্ (Beethoven)-এর পূর্বেকার ইতিহাস (১৯০৪-১৯০৬), (৫) Reinhard keiser। ফ্রান্সে অপেরার ইতিহাস (১৯০৬-১৯০৭), (৬) অষ্টাদশ শতাব্দীর ইতিহাস (১৯০৭-১৯০৮) (৭) Handel ও তাঁর যুগের সঙ্গীত (১৯০৮-১৯০৯) (৮) অষ্টাদশ

পরাজীর সঙ্গীত ইতিহাস (১৯০৩-১৯১০) (৯) Melodrama-সঙ্গীতে কথা-রূপের প্রকাশ (১৯১০-১৯১১) (১০) Mozart (১৯১১-১৯১২)।

একদিকে বিশ্ববিদ্যালয়ে ও পরিষদগৃহে বিশেষজ্ঞের যত এই সব বৈজ্ঞানিক গবেষণা অন্যদিকে সঙ্গীত ও ইতিহাসের ভিতর দিয়ে সাধারণ মানুষের সুখ দুঃখ প্রাণ ভরে তোলা—এই দুটি ধারার অপূর্ব মিলনই রলাঁর জীবন ও রচনাকে এত বড় করেছে। ১৯০৩ সালে রলাঁ "জনসাধারণের নাটক ও থিয়েটার" (Le Theatre du Peuple et le drame du Peuple) নামে প্রবন্ধ লিখে আধুনিক নাট্য-শিল্পের অবনতির জন্য জনসাধারণের স্বাভাবিক নাট্যপ্রেরণার বিকাশে বাধা বলতে লেখে যান। আমাদের দেশের "যাত্রা" একদিন নাট্য-কলা ও অপেরা (Opera) আভিজাত্যের দুর্ভেদ্য দুর্গপ্রাচীর ভেঙে সর্বসাধারণের প্রাণের ভিতর দিয়ে ফুলে-ফলে সুরভিত আমাদের কাছে রলাঁর এই প্রবন্ধের বিশেষ আবেদন ছিল। Le Theatre du Peuple (১৯০৩) বইখানি আমাদের পড়ে নিয়ে পড়া উচিত। সাধারণের এই "ভাষা হারিয়ে গথা বোবার" বেদনা রলাঁর মনে খুব প্রবল, বিশেষতঃ যত বড় বেদনা তাদের যখন আর প্রাণে তখন তিনি ছুটে বেরিয়ে পড়ে তার মধ্যে টান দেন—দুঃখের দুরন্তপ্রাণ যেন অবগাহন করে' জীবনের সব সঞ্চয় সব সম্বল নিয়ে এক মহান্ সুর-সঙ্গতিতে যেন রূপায়িত করেন। ১৯০১ সালে তাঁর জীবনে এক বড় আঘাত-লাভ আসে, তাঁর মুখই চেয়েছি, প্রাণ খুলে হৈরাণে একেবারে ভেঙে পড়ে—তাঁর ভিতরের গোটা মানুষটির যেন প্রাণ থাকলেও নয়—সামনে শুধু অন্ধকার আর ব্যর্থতা—তখন রলাঁ হঠাৎ খবর পান Mayence-এর শিল্পী Beethoven-এর বেদনা মূর্তির; তাঁদের রলাঁ ছুটে গিয়ে সেই বেদনা জনসাধারণের সঙ্গীত-স্রোতে মিলিয়ে দেন; যেন সাহিত্যে গিয়ে এসেন সব সংস্কার যেন মিটে গেছে—সব সঙ্কোচ যেন দূরীভূত হয়েছে। এই সুর অবগাহনের ফলেই তিনি Beethoven-এর অনুপম জীবনী; এই একটি ঘটনা রলাঁর প্রতিভার নানা ঐশ্বর্যময় বৃত্তিকে বিকশিত—সফলে অনুকূল করেছিল একথা বড় নিশ্চয় আশ্চর্যের হবে না।

Beethoven বেদনার সেই উজ্জ্বল জয়মুকুটটি জাঁ ক্রিস্তফের (Jean-Christophe-এর) অনুপম জয়মুকুটে জীবনের রচয়িতা। রলাঁর অনেকেই বিশ্বাস ও বিশ্বাসের কিন্তু রলাঁর ভিতর দিয়ে একটা সমগ্র মূলের সুর ঘুমে, আশা বৈরাগ্য, জীবন-মরণের সমস্যা জীবন ভরা—শুধু তাই নয়, তার সঙ্গীতের মহান্ প্রেরণায় পূর্ণ হয় দৃষ্টি নয় ভরা—আমাদের এই দুর্বলচিত্ত একটি ভরসা করে' রাখা—এই রলাঁর সব চেয়ে বড় কাজ; এখানে তিনি তাঁর আরাধ্য Beethoven-এর মতই একজন অমর Composer; মানব-জীবনের চিরন্তন সমস্যাগুলিকে বড় সহজ অনুভূতি, বড় তান বন্ধনে, সীমে, মূর্ছনায় তুলিতে যেন এক বিরাট সঙ্গীত-মন্ত্রির গড়ে তুলেছেন। ১৯০৪ সালে প্রথম খণ্ড "উষসী" L' Aube প্রকাশিত হয় আর ১৯১২ সালে "নব দিবসের অভ্যুদয়" (La Nouvelle Journee) শেষ খণ্ড রলাঁর বন্ধু Charles Peguy-র Cahiers de la (Quinzaine) নামক মাসিক পত্রিকায় ছাপা হয়।

দুঃ-উদ্যমের মাঝখানে এই সুদীর্ঘকাল আমরা কত সৃষ্টি করে' যেতেন কে জানে কিন্তু বাধা পড়ল, হঠাৎ ১৯১৪ সালে ভয়াল যুদ্ধের নিষ্ঠুর কুঠারাঘাতে যেন বেসুরো সুরের সূচনা হল, এই বেসুরকে রূপায়িত করে' ধ্রুবসঙ্গতি (Harmony) ধরে বোলবার কাজে আমা এগিয়ে এলেন? সে রাজনীতি অর্থনীতির মাতব্বররা নয়—ছুটে এলেন কবি রবীন্দ্রনাথ ও সুরতরিক রলাঁ—

"তোমার পথ তুলায় পথে
কেমন করে' রইব ?"

এই সুর-বেসুরের মুখোমুখীতে পৌঁছে দিয়ে আমি 'উষসী'র পাঠকদের কাছে উপস্থিত বিদায় নেব' কারণ এ পর্যন্তটা সকলেরই জানা আছে। সঙ্গীতের রক্ষণশীল (academic) ও গণতান্ত্রিক (democratic) দৃষ্টি নিয়ে নানা প্রশ্ন আলোচনা আমাদের দেশে আজ দেখা দিয়েছে—একদিকে প্রাচীন যেসান আর একদিকে নবীন আধুনিক আমাদের নানা সুর সঙ্গতির আকর্ষণ টানছে। এ সময়ে রলাঁর মত মহান জীবনী নিয়ে একটু আলোচনা করলে হয়ত যুক্তিতর্কের ভেতর অনেক বিষয় বুঝবার বেশী সুবিধা হবে এই আশায় 'উষসী'র দ্বিতীয় খণ্ড সমাপনের সময় আমার গুরু উমার সঙ্গে অক্ষোভ ঐতিহাসিক বন্ধুদের এই ছবিটি উপহার দিয়ে বিদায় নিই।

কীর্ত্তনের আসরে

শ্রীসরোজকুমারী বন্দ্যোপাধ্যায়—কাশী

কাশীর এক ঠাকুর-বাড়ীতে সেদিন কীর্ত্তন হচ্ছে। গানা—বিয়াই-সম্বাদ। মেয়েদের বসবার জায়গা প্রায় সব ভরে গেছে,—সেই সময় একটী বছর্যা মহিলা এসে আমার কাছে বসে পড়লেন।

সেই মাত্র গৌরচন্দ্রিকা শেষ হয়েছে। এতক্ষণ সমস্ত সকলে থাকিয়ে উঠে নানা ঢঙে ও নানা ভঙ্গীতে কি-সব বলে একটা হট্টগোল করছিল। কথা কিছু বোঝা না গেলেও মাঝে মাঝে তার-স্বরে 'এসরে! অয়! এলো রে!' শুনে শুনে আমি আন্দাজে বুঝলুম, বোধ হয় সমাজনে গৌরচন্দ্রের আবাহন করা হচ্ছে। যা হোক, দুর্বোধ্য হলেও তাদের শরীরের ও সঙ্গীতের ভঙ্গীর কসরৎ ও তন্ময়তা বেশ উপভোগ্য—তবে সেখানে যাপারটা ক্রমেই অসহ্য হয়ে উঠছিল। ভেবে তারা সব ঠিক করে বসে পড়লো—আমিও হাঁপ ছেড়ে বাঁচলুম।

মহিলাটির বয়স প্রায় ৫০ বছর হবে—বর্ণ শ্যাম, মুখখানি অত্যন্ত সুন্দর, যেন কোন সুদক্ষ শিল্পীর হাতটানি দিয়ে ফুটে বার করা। মাথার চুলগুলি ছোট করে ছাঁটা, কপালে চন্দন, মাথে সিন্দুর! তাঁর প্রশান্ত সৌম্য চেহারা। দেখলেই খুব বড় সম্ভ্রান্ত ঘরের বলে মনে হয়।

আমি তাঁর দিকে চেয়ে আছি দেখে তিনি চির-পরিচিতের মত একটু হেসে বল্লেন—একটা পথ ছুটে আসছি কি না? হাঁপ ধরে গেছে! সুকো মানুষ—বেশি ছুটোছুটী পোষায় না।

আমি বল্লুম—অনেক দূর থেকে আসছেন বুঝি?

—দূর বই কি! আমি থাকি দিঘির চৌহাট্টায়—এ অঞ্চলে বড় একটা আসি না। বিয়েছিলুম চৌরাস্তাবাড়ী, গৃহাবনদাসের অবস্থা হচ্ছে কি না। তাই শুনতে রোজই যাই সেখানে! আজ একজন বলে এখানে কেত্তন হবে, ভাবলুম একবার শুনেই আসি, অসুবিধা না হবে। সেখান থেকে সবারই চলে আসছি।

আমার আর কিছু বলবার না থাকায় চুপ করে রইলুম।

তিনি একটু পর নিজে আমায় বল্লেন—তোমায় ত কোথাও দেখিনি! কোথা থেকে আসছো তুমি?

আমি বল্লুম—আমি কাছেই থাকি। তবে এখানে আমি আজ দিনই এসেছি। আমাদের বাড়ী কলকাতায়।

—তাই বলো! তোমরা নতুন লোক! তাই ত বলি—এখানকার লোক হলে আমি আর চিনতে পারি নি? আমার হলো সে আজ প্রায় পঁচিশ বছরের বাস এখানে! এখানকার মেয়েরা প্রায় সবাই আমার মুখ-চেনা—গঙ্গার ঘাটে, মন্দিরে মন্দিরে নিত্য এই যাত্রা বিদ্যেটার হলে দেখছিই তো হামেসা সবাইকে!

কথা শেষ করে তিনি আরও একটু আমার কাছে ঘেঁসে হঠাৎ হেসে বল্লেন—দেখ, আমি বাপু মানুষ বড় ভালবাসি! মুখ বুঁজে বসে থাকা আমার ধাতে পোষায় না। পাঁচটা গল্প-সল্প না করলে বেশ পেট ফুলে ওঠে! তা তোমার সঙ্গে পোরছ হল ভালই, বেশ কথাবার্ত্তায় সময়টা কাটবে!

কীর্ত্তন আরম্ভ হলো।

'ধনি সুবদনী ধনি! ও সুবদনী ধনি! এইবার উঠ্‌বে না কি? রাত হলো, ফেরতে হবে অনেক পথ। উঠে এলো!'

শিয়র থেকে এই চীৎকার শুনে ফিরে দেখি, একটী

আবাহনী বিধবা স্ত্রীলোক থাকিবে। হাতে একটি হ্যারিকেন লণ্ঠন; মুখে অত্যন্ত উদ্বাস্ত ভাব।

একবার কাঁটাকে দেখিয়া ফেলে আমার নূতন বন্ধু বলেন—ব্যাপার দেখছো? এখানকার বাসীদের ব্যাপারই ঐ! আসছেও বেজন—যাবার বেলায়ও তাই! ঐ তো সব মৌলিকা শেষ হয়ে কেত্তন সুরু হল, এর মানেই হচ্ছি যাবার ঘুম, তবে ওনারি কি যাই?

কথাটা শেষ করে এ সময়ে আমার মতটা কি জানবার জন্য তিনি পরাণে আমার দিকে চাহিলেন।

আমি কিছু না বলে শুধু একটু হাসলুম।

বন্ধু আমার পিঠে হাত দিয়ে খুব খুশি মনে বলেন—তোমার বাড়ী কলকাতায় বলে না? ও কলকাতা আমার খুব ভাল করেই দেখা আছে। আমাদের বাড়ী হলো ফিরে···পুর! বড়ত ছিলেন বড় জমীদার—নাম ডাক এখনও কিছু আছে। বড় জমীদারের ছিলেন কি না? তিনি যারা গেলে পাওনাদার সবে আমার ভাইদের যোকদমা বাধালে, সে কি যেমন-তেমন মামলা? একেবারে লক্ষটি বড়ন! কথাটা কি জানো? পাওনাদী অনেক বিষয় হাত্যাতা করে ফেলেছিলেন—পাচ-পাচ বেরে! বড়া মেজদের নামে যা দিয়ে গিয়েছিলেন, তা ছাড়া আরও সব অনেক জিনিষ-পত্তর, হীরে-জহরৎ, টাকা-কড়ি নানা রকমে মেয়েদের চুপি চুপি গোলা হচ্ছিল—জানো তাই আমাদের পেতে বাধা দিলেন। পাওনাদীর ভাব আর ছেলেও কম নয়, তাহলে—

'ধলি, কই গো? ও হুজুর বাবি! উঠবে, না গাল সব সাঁঝিয়ে থাকবো এইখানে? ভাসা আসাজনেই পড়েছি ত গোড়।'

ভিতর থেকে আমার বন্ধুজনে আওয়াজ সেই ভাসা! মেয়েদের মধ্যে থেকে একটি তরুণী বিধবা উঠে এলো। বর্ষীয়সী বলে—এখনও বসলে আর তোমার ওঠবার বাড়ী নেই! মেটিয়াবুরুজের সেই অন্ধকার গলি আর পাশ পাশ দুহুর! সেইখান থেকে মেয়েমানুষ—যদি আসে সেই?

মেয়েটির বোধ হয় সে সময় ওঠবার ইচ্ছা ছিল না। সে বিরক্ত হয়ে বলে—তা হলে তো না এলেই হতো! বিদায়ী থেকে এসে মাঝ থেকে সেই কীর্তন আরম্ভ হলো, আমি যাই-যাই!

তখন কীর্তনীয়া সৌরাঙ্গের প্রথম উদাস অবস্থা বর্ণনা করছেন—ঘর থেকে বিরে এসে অবধি গৌরাঙ্গের মনে সুখ নেই—চোখ বুজে দিলেন—হাজারের পরাণে যেমনই বাদি কৃষ্ণ নাম মুখে আসে! শচীদেবীর আহার-নিদ্রা, বিষ্ণুপ্রিয়ার সেবা, বন্ধুদের স্নেহ কিছুই ভাল লাগে না। লোক-সঙ্গ বর্জন করে নিরালায় বসে সবাই যেন অন্যমনস্ক হয়ে কি ভাবনার বিভোর—কীর্তনীয়াসহ সকলে তাঁর ভাব দেখে চিন্তিত—তাদের মনেও যেন একটা অনির্দিষ্ট আকাঙ্ক্ষার ছায়া।

কীর্তনীয়া সুরটা—বড়রা বিষয় ভাল করে বুঝিয়ে হৃদয়গ্রাহী করে তোলবার তাঁর যেন কসরত—কীর্তন জমে উঠেছে।

বন্ধু কিছুক্ষণ শুনে আমায় বলেন—কি এর ওজ্জো মন দিয়ে? নিমাই-সন্ন্যাস আমার অনেক বার শোনা আছে। আমার ভাইঝি-জামাই খুব কথকতা করে কি না? কলকাতায় তো যার খুব নাম তো! শুনে থাকবে বোধ হয়। তা আপনার লোক—নিজের মুখে তার কথা বলা সাজে না, কিন্তু একবার তার মুখে কথকতা শুনতে বসলে আর উঠতে ইচ্ছে করে না। যেমন বিদ্যে গলা, আর তেমনি কি ব্যাখ্যা! চমৎকার বলে যায়! আমি ও এত লোকের মুখে কেত্তন, পাঠ, কথকতা অনেক শুনেছি—কিন্তু এমনটি কোথাও শুনি নি। আর না হবেই বা কেন? মাতুলালয়ের জন্য? তারপর তার নিজের কথা যদি শোন—মাহ-মাংস খাওয়া, কি হাত-তার হাতে খাওয়া, সে-সব তার চলবে না! দিনান্তে একবার স্নানাহ্নিক করিয়ে, আর রাতে একটু ফল-দুধ! ব্যস্! পূজো-আহ্নিক গীতা-ভাগবত, এই সব নিয়েই আছে!

একটা ফল খাওয়ার পর চুপ করে থাকা তার সহ্য হয় না। আবার আমি বন্ধুর—খুব নিষ্ঠাবান যে!

উৎসাহে বন্ধুর চোখ দুটি জ্বলে উঠলো। মাথাটি

নাড়তে নাড়তে তিনি বলেন—বিয়ে হলে বিয়ে? এই সে-বার আমার ভাই-ঝি দুধভাতে ছুটো ছেলে হয়ে অমনের অসুখে একবারে যেতে বসেছিল—যা যার কিছু হবার নেই, কেবল পেটের অসুখ—আর যদি? বাঁচবার আশা ছিল না। শেষে ডাক্তার-বদ্যি বলে—সিন্ধী-মাড়ওয়ের ঘোল আর সেদ্ধ চালের পোয়ের ভাত খেতে—না হলে এ ছেলে বাঁচানো যাবে না। আমাই শুনে বলেন কি, বরফের বিছে খেয়ে বাঁচতে হবে? এমন বাঁচায় লাভ কি? সে-সব হবে না! হবোও তাই। বিলেত না ওসব থেকে। হুঁ:! এ তো আর লোক-দেখানো ভণ্ডামীর বিছে নয়? বোঝো! ইতিমধ্যে মাঝারাস্তার ওধার থেকে দুটি স্ত্রীলোক একটি অল্পবয়সী মেয়েকে সঙ্গে নিয়ে আমাদের পিছনে এসে দাঁড়াল। তারা বোধ হয় বলবার অবসর পায় নি, একজন আপন মনে বক্ বক্ করছিল—'মাইরা যেন বাপ-মোকপুক্ষের মৌরসি কথা আমলা পেয়েছে! দাঁড়িয়ে দাঁড়িয়ে পা ধরে গেল, একটু বসবার আয়গা দিলে না গো! এসেছিস্ তীরথ শুনতে, সবাই মিলেমিশে আয়গা অড়ে বোস্, তা না-এখানের আড়ি-দিয়ে! মুখ আগুন!'

একটি বয়স্কা মহিলা বেশ রীতিমত আয়গা জুড়ে আমাদের বসেছিলেন। তাঁর বেহায়পি দিব্য পরিপুষ্ট—সর্বাঙ্গে আড়ি আড়ি সোনার গয়না, মুখটি বেশ হাসি-হাসি, একখানি জাল শাল ঢালা দিয়ে গাড়ীটি ছড়িয়ে বসেছিলেন। পিছনের ছেলেটি তাঁকে বলে—তুমি একটু পা গুটিয়ে বসলেই আমাদের বসবার জায়গা হয়ে যায়—অনেকক্ষণ দাঁড়িয়ে আছি।

মহিলাটি বলেন—পা কি আর মুড়ে বসবার যো আছে রাই! যে বাত—বাতের কামড়ানিতে জর আসি!

হঠাৎ তাঁর দৃষ্টি আমার উপর পড়লো—বাতের ব্যথা ভুলে তিনি আমার দিকে অনেক চেয়ে রইলেন, বললেন—আপনি কোথায় থাকেন এখানে? এ-সব জায়গায় আপনাকে ত আগে কখনো দেখি নি?

আমি একটু হেসে বললুম—আজকে আমি অল্পদিন এসেছি। কলকাতায় থাকি।

তাঁর হাসি-মুখখানি আরো প্রফুল্ল হয়ে উঠলো। বলেন—ঠিক ধরেছি আমি। কলকাতার লোক দেখলেই চেনা যায়। সে তো আর এখানকার লোকেদের মুখে লিখা থাকে না। কথার শেষে তিনি সমবেত মেয়েদের দিকে একবার হাসি-মিশ্রিত বাক্যিলাভনীতে চাইলেন।

কাছের জন একটি সুশ্রী মেয়ে তার সখীকে বলছিল—কালীঘাটীতে তার 'কর্ণাঞ্জুন' যাত্রা হবে শুনছি। যাবে যাবে সেখানে, বুঝলি? আমি তাই 'কর্ণাঞ্জুন'টা শুনতে বড় ভালবাসি।

মহিলাটি তার দিকে চেয়ে বলেন—'কর্ণার্জুন' তার লাগে তোমার? আমিও তা খুব ভালবাসি। তবে যাত্রা নয়, থিয়েটার। কলকাতায় অনেক বার আমি গেছি।

তারপর তিনি আমার দিকে ফিরে বলেন—কলকাতা থেকে বেড়াতে এসেছেন বুঝি? বাসী ভালমানুষ, আমি বড় ভালবাসি। আমার ছেলে এখানে ডাক্তারী করে কি না! পাঁচের ক'টা মাস আমি প্রতিবছরই এখানে কাটিয়ে যাই। এই ছেলে না, কলকাতায় ত আমাদের পাড়ী-পাড়ী না হলে এক-পা বেরোবার যো নেই, আছেই, বাড়িতে বসে থেকেই বেশির ভাগ কাটাতে হয়। এখানে সে বিষয়ে অবাধ স্বাধীনতা। পাড়ী-ঘুড়ির কোন বালাই নেই—ইচ্ছে হলেই বেরিয়ে পড়া যায়! নয় কি?

আমি তাঁর কথায় সম্পূর্ণ অনুমোদন করলুম।

তিনি আরও উৎসাহিত হয়ে বলতে লাগলেন—তার পর দেখুন, বাবার বাড়ির মুখ এখানে কলকাতার চেয়ে ঢের বেশি। তরি-তরকারির মধ্যে কপি, ওলকপি, বেগুন, মূলো, এ-সবের অভাব—বাজনদরের বেগুনগুলো কি নরম আর মিষ্টি, দেখছেন ত? মূল পেয়ারা মুড়ি-মুড়ি—লাফের লম্বা; দুটো খেলি—চাকার মত পেট হবে; দই রাবড়ি সবই আছে—খাবও অনেক! কলকাতায় দই খাচ্ছ ত এখন খুব টাকা পাচ্ছ দিয়ে যাঁরা খাও, আর এখানে আট আনা—ছোট মণ আনা। বুঝিয়ে নয়!

তীর্থের শুনতে এসে এসব সম্বন্ধে আলোচনা করবার

প্রতি মা যশোদের চমকার বাড়িয়ে যাত্ত মেরে বহুর—তা ঘুরিয়ে আছে বৈ কি।

ডাক্তার-জননী বলেন—বাড়ীর আর একটা ঘুরিয়ে এই যে, বাংলা দেশের সব জিনিসই এখানে পাওয়া যায়। তা এই পলমা ঝাঁচকলা থেকে মুক্তি-মুক্তকি পর্যন্ত—

আমার পূর্ব-বন্ধু এতক্ষণ বিশেষ সহিষ্ণুতার সহিত এই আলোচনা শুনছিলেন। মুক্তি-মুক্তকির পর আর তাঁর ধৈর্য রইলো না, তিনি আমার পিঠে সজোরে এক চৌকা দিয়ে বলেন—চলি, এখানে কেবল শুনতে এসেছো, না গল্প করবে? এবেলা যাই বাড়ি, খোকা না মন দিবে।

হঠাৎ বন্ধুর এ-রকম অধিকার-বোধ ও শাসন দেখে বিস্মিত হলেও আমার মনে আশা হল, এবার বুঝে এঁর ভুলটির উদয় হয়েছে, কৌতুকটা বোধ হয় ভাল করে খোলা যাবে।

কিন্তু সে বৃথা আশা। ডাক্তার-জননীর কাছ থেকে কৌতুকের ঝোলাটি নিয়ে আমার সহিতে নিয়েই তিনি মুখরকে বলেন—বাড়ীর আয়োজন দেখেছো? বুঝো হয়ে মরতে চললি—এখন জলযোগের নাম শুনে, যে খায় হবে,—তা না, শুধু খাবার গল্প, আর খাই-খাই! লজ্জাও করে না! বিষনাথের নাম একবার মুখে এলো না, বাড়ীতে এসেছেন খাবার মুখ করতে! ছিঃ! ছিঃ!

তার পরে গলাটা আরও একটু নামিয়ে বলেন—দেখ, এটাও বোঝো না যে যখন না ডাকলে কারুর নিমন্ত্রিত হয় না, এই যে আজ ডেকে ডেকে গণ্ডাখানি খাবারি, তা আর কি হিসেবে? ডিবেতে কি করে? এবে শুধু আগুনে ঘি ঢালা, আমার ভাই-কি-আমাই ভাই হলে—বলিহে ফুলশয্যে—

পাশের দিক থেকে একটি বৃদ্ধা খুব খুব করে কাশতে লাগলো। সে কাশি আর থামে না। কাশির বহরে সে মুষড়িয়ে মুষড়িয়ে পড়ছিল।

একটু সাম্লাবার একজন তার হাত ধরে উঠে পড়লো। বলে—আর থাকতে হবে না, তোমায় ঘরে রেখে আসি চল। এই রোদ মাথায় কন্-কনে হাওয়া, আর কাশীর হুজুর শীত-কি ফুরো আমুনের মাঘে নয়? ঘরে ও কথা শুনবে না, কেউ শোনা চাই! ছেলে এখন ফেলে যেতে।

পাশ দিয়ে যেতে যেতে বৃদ্ধা আমার পা বাড়িয়ে দিয়ে চলে গেল! তার জন্য একটু সহানুভূতি বোধ করা, বা আমার দিকে ফিরে দেখা, কিছুই তার দরকার মনে হলো না। শুধু নিজের মনেই বল্লে—যা বলবে যাই! পোড়া চোখে কি আর নজর আছে।

জায়গাটা খালি হতেই এতক্ষণ যারা শঙ্কিতেছিল, তারা ছুটে এসেই ঝিল ভরে পা ছড়িয়ে সব জাঁকিয়ে বসে পড়লো।

কৌতুকটা তখন মাটিয়েছে—হরিনাথের বক্তা এসেছে! নিতাই-বৌর সকলকে ঠেলে ঠেলে প্রেম বিলোচ্ছেন! নবীনা চলছেন!

বন্ধু একবার একটু শুনে ডাক্তার-জননীর মুখ-ঘুরু-পুটি দলের মেয়েদের দিকে দৃষ্টি ফিরোলেন। তাঁর বোধ হয় তখনো মনের কোণ ঘেটে নি, বল্লেন—দেখ, আজ অধিক লোকে জমা হলে যাবে, কিন্তু সত্যিই,—খাবার মোক্ষটা আমার মোটেই নেই। আমি-এই সন্ধ্যেবেলা খালা উঠে কেলার-ঘাটে বাইকে যাই। ফিরে আসবার সময় ওই দিক থেকে একটি পোয়া দুধ নিয়ে আসি। আহ্নিক-পুজো সেরে দুখটুকু দিয়ে একটি বাটি চা, ব্যাস্! সেই আমার দিন-রোজের খোরাক। চাটুকু খেয়ে সারা-দিন লেখা-লেখা মুখে, কখকতা শুনে ব্যালাটি কাজিয়ে ফিরমুখ হয়ে, নিজের ঘরে দুটিনো বাটনা বেটে কে পাঁচ জন খাবে? দুটো চালে-ডালে এক সঙ্গে চড়িয়ে তারপরে খোটা দুই সকলকম আলু সিদ্ধ ফেলে! আর কি? ফেন গলে নামিয়ে, আলু দুটো না ঘেটে, একটু ঘি দিয়ে সপাসপ সিদ্ধ মাখিয়ে! এক বিয়ের পাপ চুকলো!

আমি তাঁর খাওয়ার ইতিবৃত্ত শুনে একটু বিস্মিত হয়ে বল্লুম—রোজ এই সামান্য খাওয়া খেয়ে থাকেন? আর কিছু না পারেন, শুধু দুধটুকু খালা জায়গা একটু নতুন করে খেয়ে রাতে দু-চারখানা লুচি খেলেও ত হয়!

বন্ধু বোধ হয় মনে মনে খুসি হয়ে উঠলেন। বল্লেন—তুমি মানুষ বড় ভাল। ঘর-কন্নট নেই। আমি একলি

পাড়াগাঁয়ে মানুষ বড় ভালবাসি। কি জান? এখানকার দুধি বাড়িয়ে যাতে দুধি-টুধি বড় পাই না, তল-বিটী খেয়েই থাকে। তোমায় তবে বলি—মনে আমার ভাবের ঘরে চুরি এসে চুপি চুপি বলছে—আমায় কে কিনি দিয়ে পাছ, সেদিন ঘরে তোর দিয়ে, তাই আদিয়ে আমি ঘরের দুধি কেউ খেয়ে ফেলি। কি তোমরো বল?

আমি হেসে বল্লুম—সে আপনি ভালই করেন। আমি ত সেই কথাই বলছি।

তিনি প্রসন্ন হয়ে ডাক্তার-জননীর দিকে লক্ষ্য করে বল্লেন—ওরা সব খাই-খাই করে—কিই বা খেতে ওরা? তবে খাওয়ার পর তরি তোষ। আমার শ্বশুর বড় জমীদার ছিলেন, জানই ত? তার উপর তাঁদের বংশটা ছিল, তা—ঘি প্রসঙ্গ! এখন তত সর্বত্র দেখা যায় না। সব কি সমান! খশুর-শাশুড়ী, ছেলে-মেয়ে তা কি সব, যেন দুধে-আলতায় গোলা, জলছে! শ্বশুর যখন যারা যেতেন, বাড়ি ত আমাদের নবীন উপরেই, নিজেদের বাঁধান ঘাট, তাতে সকলে ধরাধরি করে বাড়িয়ে যখন ঘাটে আনলে, তখন কি আর তোমরো! তাঁকে একবার দেখবার জন্যে বাড়ি শুদ্ধ লোক ভেঙে পড়লো! ঘাটের চারদিক আলো করে শুয়ে আছে, যেন একখানি পুতুলের চাঁদ! আহা—সে কি রূ—প—কি রূ—প!

বন্ধু একটু হাসলেন, বোধ হয় পূর্বপত্নির উপরে বিরক্ত হয়ে পড়েছিলেন, আমিও ধাক্কা পেয়ে কীর্তন শুনতে মন দিলুম।

কীর্তনীয়া গাইছেন, গৌরাঙ্গ নবদ্বীপে শ্রীবাসের প্রাঙ্গণে উপস্থিত। শ্রীবাসের পুত্র লক্ষ্মীকান্ত, ঘরে কান্নার রোল, শ্রীবাসের ভ্রূক্ষেপ নেই! অন্তিমের গৌরাঙ্গকে দেখছেন! আত্মবিস্মৃত ভাব! গৌরাঙ্গ বলেন—শ্রীবাস! তোমার বুকে কি কিছু আঘাত লাগছে? শ্রীবাস বলেন—না প্রভু! তুমি যখনসম—তুমি যেখানে উপস্থিত সেখানে কি কোন অমঙ্গল থাকতে পারে? গৌরাঙ্গ তখন কীর্তন সুরু করলেন। শ্রীবাস প্রেমানন্দে বিভোর—উল্লাসের সঙ্গে নৃত্য করছেন, বলছেন—গৌর হরিবোল! হরিবোল! হরিবোল! শ্রীবাসের মুখপুর অমনি উঠে বললো! হরি-নামে চতুর্দিক পূর্ণ হয়ে উঠলো!

হঠাৎ পাশ থেকে মেয়েদের অস্ফুট মৃদু চেঁচা-মেচি খোলদাস পেয়ে উঠলো! চেয়ে দেখি যে ভিনজন পা ছড়িয়ে বসেছিল—তাদের সঙ্গে দুটি নবাগতার জমকা মেয়ে গেছে!

নতুন মেয়েরা বলছিল—তোমরা পা সরিয়ে একটু সার দোস না বাছা! তা হলেই ত আমরা বসতে পাই! কতক্ষণ দাঁড়িয়ে থাকি বল? আমরাও ত কীর্তন শুনবো বলেই এসেছি?

উপবিষ্টার দল থেকে একজন মুখ ফেরিয়ে বল্লে—কীর্তন শুনতে এসেছো ত মাথা ঘষে ঘষেছ একবারে! ঐ যারে মেয়ে পায় না? যত ছাসনা মেয়েছেলে এইখানে! সরে কোথায় বসবো শুনি? ও-দিকে বসলে কিছু দেখা যায়? না শোনা যায়?

নতুন দিতীয় মেয়েটি একটু রাগের সুরে বল্লে—বসবেই না-ই বা কেন? তোমার ত কিছু দেখা দরকার নয়? ঘুমুচ্ছ যেন না! মানুষ দুটো টাল দাঁড়িয়ে থাকবে—তবু একটু পা সরিয়ে বসতে না? আচ্ছা হিংসুটে মেয়েমানুষ ত!

এই কথার পরেই মুখ ঘুরলো! প্রথম দল গলা একটু উঁচু পর্দায় তুলে বল্লে—আ মলো! এ মাগী কেরে? মরে পরে কীর্তন করতে এল কেন! বলি, বাদমন্দ করতে আমিও জানি যে না কি? বাঁচুয় এই পা ছড়িয়ে বসে—আসছা কে নিতে পারে দিক্, গায়ে পড়ে গাল দিচ্ছেন, উনি আবার ঘর কথা শুনতে এসেছেন! আ—মুখে আগুন!

ফুলুল ব্যাপার বেগে উঠলো! আমি অবাক্ হয়ে চেয়ে রইলুম! একটি বছর চোদ্দো-পোনর বয়সের মেয়ে আমার পাশে বসেছিল, যার বাবা সিল্কী ও কাপড় পরবার ঢঙটা দেখে বোধ হল, সে কোন ঘরের মেয়ে! দুই হাতে কাপড় ধরে সে আমার মুখের দিকে চেয়ে হাসতে লাগলো।

বন্ধু একবার মুখ ফিরিয়ে ব্যাপারটা দেখলেন, নিতান্ত উপেক্ষার ভাব—যেন এমন হয়েই থাকে।

ডাক্তার-জননীও সব দেখছিলেন। তিনি একজনের কাঁধের উপর দিয়ে মুখ বাড়িয়ে হাসতে হাসতে আমায় বললেন—খুব অবাক লাগছে বুঝি? হবেই ত! নতুন এসেছেন! আমি এমন ঘোলখাল অনেক দেখেছি।

তিনি আর একটু সরে এসে বলতে লাগলেন—সেদিন জানি বলা হয়েছিল, বুঝেছেন? এই দিন চারেক আগে আমি এক জায়গায় রান্না করতে গেছি, পাকা ছিল মুর্গীয়াসনের উপরে! বেশ জমেছিল, ঘোল বাঙলা পেয়ের দিকে; তীমের আর মুর্গীয়াসনে লাফা-লাফানি লাগিয়ে যখন খুব আস্ফালন করছে, সেই সময় ঝোল থেকে টুপ করে তীমের মাথার একটি ডিম! আচমকা ডিম পেয়ে তীম বেচারার হতবুদ্ধি। তবু যা হোক সে আবার একটু হাত বুলিয়ে, এদিক ওদিক চেয়ে আবার আসর জমাবার সেই চেষ্টা করেছে, অমনি মাথার উপর আর একটা! এবারের চিকটা বেশ বড়! তখন ত আসরে খুব চেঁচামেচি গোলযোগ পড়ে গেল! কিছুক্ষণ হট্টগোলের পর আবার যখন সবাই পোলাও খাবার জন্য খুব জমবার যোগাড় করছে, তখন দেখা গেল, তীম একেবারে নেতিয়ে! মুইলো তখনি একজন ডাক্তার ডাকি! অনেক টানাটানি, সাধাসাধি, তীম কিন্তু আর কিছুতেই গজুলো হলো না! কি করেই বা যায় বলুন? ডাক্তার ডেকে ত আর মৈতুক প্রাণটা মানুষ ফিরে পাবে না!

গল্পটি বলে ডাক্তার-জননী হেসেই অস্থির! আমিও সে হাসিতে অবশ্য যোগ দিয়েছিলুম, ইতিমধ্যে বন্ধু আমায় টেনে নিয়ে একধারে। তাঁর দিকে কটাক্ষে চেয়ে গম্ভীরমুখে বললে—বড় দয় আমার গল্প!

তারপরই তাঁর সেই বুদবুদি বাবার কথাটা মনে পড়ে গেল। তিনি বলেন—সেই যে তখন বলছিলুম, আমার পাগড়ী ও আমার পাঁচ বছর বয়সের সময় খুব গরীবের ঘর থেকে আমায় নিয়ে এলেন। আমার কথা বেমক্কা তা? একেবারে পাগলা, অথচ পকলুম ফিরে সেই ছেলের ঘরে! তারপর আমায় মানুষ করবার জন্যে সে কি পরিশ্রম। বাবার মুখে ফোটা যোগ আর বাগানো, দর বলা, তাকে মুখুর-ফুল ফোটে, সেখান বেশম দিয়ে যা আসা, সে কি খুব! তারপর খাওয়া—যেখানে যে কিছু হয়, তিন ঘুটো বিনটে জোগাড় বাবার সেরা থেকে আরম্ভ করে ঘর ঘর যেতো, তারপর কলমুল, খৈ, মনী, লক্ষেশ, বাবড়ী, ঘি, দুধ সে কত আর বোলবো? খাওয়ার আর সংখ্যা নেই! আমরা পরব বোটম! মাছ-মাংস খাওয়ার ত পাট নেই! তা ছাড়া সংসারে খাওয়া কত রকম হতে পারে—তাই বলি, খাওয়ার নাম শিখে গেছে আমার। হলে ডাক্তার-জননীর দিকে একটা কথা-বিনিময়ের দৃষ্টিপাত করে তিনি আবার বলতে লাগলেন, খাই খাই ত করে অনেকে, তবে লক্ষি কেউ পায় কজন? এখন রাজযোগ খাওয়া, এ কি মুখের কথা? এই মুক্তো বয়স পর্যন্ত, যতদিন পাগড়ী বেঁচে ছিলেন, ততদিন আমার খাওয়ার এই ব্যবস্থা!

বন্ধু একটু থেমে কীর্তনের দিকে মনোনিবেশ করলেন! কিন্তু সে মুহূর্ত মাত্র। কীর্তনীয়া তখন গাইছেন, গৌরাঙ্গ সন্ন্যাস নেবার জন্য যাচ্ছেন; মায়ার, নিত্যানন্দ, অদ্বৈতাচার্য, শ্রীবাস প্রভৃতি তাঁকে নানা রকমে বুঝিয়ে ঘরে রাখবার চেষ্টা করছেন, আমি সেই দিকে একটুখানি ঝিঁকেই বন্ধুর কানের কাছে আবার অবতরণ করতে আরম্ভ করলুম।

—তা-যাই বল, আমার পাগড়ীর মত এমন পাগড়ী কিন্তু আর হতে হয় না। সেই আমার পাঁচ বছর বয়স থেকে এই অবধি, আর নিজের মেয়েত্যাগ পর্যন্ত, কি যাই করেছেন আমায়! নিজের মায়ের বুকি পেটের মেয়েকেও অমন ভালবাসতে পারে না। আমিও জেনেছি, শেষ পর্যন্ত প্রাণপাত করে তাঁর ভালা করেছি। না করে হয়? অমন হবে যে! এই বাড়িতেই তাঁকে নিয়ে পাঁচ বছর একা আমি—বুঝেছ? তখন আর ঘরকন্নার ঘর বলতে কিছুই নেই। মামলায় মামলায় একবারে সর্বস্বান্ত—এদিকে ছোট ছেলের পেটে অন্ন-জল! তা শেষ পর্যন্ত আমিই সব করলুম, মুখাগ্নি পর্যন্ত! তিনিই আমায় মুখাগ্নি করতে বলে গিয়েছিলেন কি না? ডাক্তারের সঙ্গে তর্কটা হয়ে গিয়ে আর তাঁর মুখও যেমন দেখি নি, তাঁর হাতের আগুনও বেন্ত্রি! কেন কি বল? তা আমার যা কাজ—সে আমি করেই করেছি! তবে তত

সবই তো তিনি! এক পাড়াটা বলে কথা, আর ঘরের কাছে, নিশ্চয়ই, সবই আমার চেনা চিনিই, তবে—ঐকে বিয়েছি তাঁরই কাছে—তাহলেও এই তখনকার পুজো আহ্নিক, এমন কি—জিভ্যা পর্যন্ত, সবই ত তাঁর কাছে শেখা।

জিভ্যা—কথাটা শুনে আমার বড় কৌতূহল হলো। কাছিতে এসে পর্যন্ত উঁহাকে বলবার সময়েও দুবারই ত ও-কথাটা শুনে আসছি কিন্তু আজ পর্যন্ত জিভ্যা যে কি—তার মানে আবিষ্কার করতে পারি নি।

বন্ধুকে কথাটা জিজ্ঞাসা করায় তিনি প্রথমটায় খানিক আমার দিকে চেয়ে রইলেন—বোধ হয় আমার মত অনভিজ্ঞলোকে এ তত্ত্ব বলা যায় কি না, তাই ভাবছিলেন, যা হোক তার পরই তিনি একটু এদিক ওদিক চেয়ে আমার কানে মুখ রেখে কিস্ কিস্ করে বল্লেন—জিভ্যা, কি তা জান না? ও নিবেদন পেয়ালের কাছে। মন একবার জিভ্যার ঘরে ঢুকে তখন আনের কাছে ব্যাঙো আজলেও আর তোমার বাইরের দিকে মন থাকবে না। বুঝেছ ত?

জিভ্যার রহস্য জেনে হলো। আমি বুঝেছি, স্বীকার করায় তখন তিনি খুসি হয়ে চোখমুখ ঘুরিয়ে বলতে লাগলেন নিখেছিলুম ত সবই। কিন্তু আমার কি কিছু হলো ছাই! তোমার কাছে সত্য কথাই বলছি, ও চোখ বুঁজে মনস্থির করতে বসলেই আমার প্রাণটা যেন কেমন ধড়ফড় করে ওঠে! তখনি চোখ চেয়ে উঠে পড়ি! নিত্যিই পুজো-আহ্নিকটা না করলে নয়, তাই ওটুকু করি, তা চেয়ে বেশি আমার দ্বারা এজন্মে আর হবে না! হবে কি করে? বসুনিটা ত দেখছো? ওটা এক রত্ন কামাই ইয়ার যো নেই!

বলে তিনি নিজেই খুব হাসতে লাগলেন, আমারও তাঁর সঙ্গে যোগ দেওয়া ও কথাবার্তা শুনে যেন কৌতুক মনে হচ্ছিল। আমিও হাসলুম।

কীর্তন যেন চলছে, আশ-পাশের ছেলেদের গলাগুলোও যেন জমে উঠেছে, ঘর-সংসারের কথা, জিনিসপত্রের দামের কথা, পরীর জামাকাপড় কথা ইত্যাদি মুখ-দুঃখের সব বিষয়ই আলোচনা হচ্ছিল, আমি এদিক ওদিক চেয়ে সব দেখছি, ইতিমধ্যে বন্ধুর সেই আগের মন্ত্রের পরিশিষ্ট আওড়াটা মোদ্দা মনে পড়ে গেল।

তিনি বল্লেন, সেই যাওয়া আসার গল্প করছিলুম না? তা বেশ! ও সবে বিশেষ কিছু হয় না, অল্প যে আমার দলা-মাত্রা, অত যে পরিষ্কারে হলো, ও কি আর হলো? বলে তিনি তাঁর হাতখানি আলোয়ানের ভিতর থেকে বার করে আমায় বল্লেন—দেখতো ত! এ যে একবারে শাদা হয়! এ আর কি হবে? তবে অত পাই ঘরে একটু বেশ লাল লাল, আর একটু কালচে আভা, এই পর্যন্ত—তাঁদের কাছে কি আমি দাঁড়াতে পারি? মোদ্দাকথা আমার কি হবার ছিল! তোমার কাছে আর কি মোলেমো সে কথা? বেশ ছিল, বেশই কি চলছিল! অমন যে বড় ঘরের ছেলে—তা কখনো তার পানে কি একটু উঁচু নজর ছিল? সময় পড়লেও তাঁর মাকে একটা অসমান দিতে পারতো না।

বন্ধু একটু থামলেন, তাঁর হাসিকথা মুখখানি তখন বড় করুণ মনে হলো। কি একটু ভেবে নিয়ে তিনি আবার বলতে লাগলেন, আমি তো তাঁর পায়ের যুগ্যিও ছিলুম না, তবু আমার আদর কত! কখনো যদি পায়ে হাত বুলিয়ে দিতে বলতেন, তাঁর সেই জোছনার মত ধবধবে পায়ের উপর আমার এই কাল পেত্নীর মত কালো হাত রেখে রেখে আমার নিজেরই ঘেন্না করতো। আমি তাড়াতাড়ি হাত লুকিয়ে তাঁর পায়ে হাত বুলাতুম—বলতুম—(ঈষৎ হাসিমুখে) মালো! আমার কি পেত্নীর মত কালো বিশ্রিরি হাত, তোমার পায়ে এ হাত আমি দেব করতো না। তিনি অমনি তখনি (লজ্জা মুখে টেনে টেনে) আমার মুখ চেপে বলতেন—ছি—ছি—ও কথা কি বলতে আছে? আমার ত ভাই কখনো ও-কথা মনে আসে না!

বন্ধু একটা নিশ্বাস ফেলে বল্লেন—সেই একদিন কপাল পুড়লো। অমন যে দেবতার মত সোয়ামী—তাঁকে যখন হারালুম, বুক ফাটা যন্ত্রণা আর ধরাসনে মেরে উঠে নি! তবু আমার মরণ হলো না। আমার ভাইকি-জামাই

করছে, তিনি নিজে ভক্ত ছিলেন, বেশ ব্যাস করে তিনি বৈষ্ণবধর্মের চরণে লীন হয়ে গেছেন। যা-তা করে তাঁর শোক করতে নেই, করলে পাপ হয়! তাই তনে তনে শেষ বুদ্ধি খেটে উঠে বসলুম। মনে মনে, আজিত ব এক দিন সেখানেই যাব। এ কাড়াকাড়ি ছুনিয়ের বই ন নয়। পালাবে যাব, এ সবও ত বাইরার চৌহদ্দির নয়—এ যে চিরকালের, তবে কিছু কেন শোক করে তাকে কষ্ট দিই! ছোট ভাইকে সঙ্গে নিয়ে বেরিয়ে পড়লুম। ভাড়াটের সন্ধানটান পরাটান করে শেষে এই বাড়ীতে এসে বসেছি। তবে যদি এর আগের বোঝাম, বৃন্দাবনে যাব না করে এখানে এলুম কেন? তা শেন, ও সব বৈষ্ণবী-ফুলো আমাদের নেই। যে বয়েসে, সেই বিশ্বনাথ বাবের তখনে যাই ত নয়! আমার ভাইটি-আমাই বলে, হিরির আজ্ঞে আছা, কোন কেন নেই! এতে যে ভেব-জান করে সে ভক্ত নয়—সে অবিশ্বাসী—তাই বিশ্বনাথের চরণে আমার নিয়ে পড়ে আছি। যে দিন আমার দিন ফুরোবে, তাঁর নাম করতে করতে চলে যাব!

বন্ধু বিস্মিত নীরব রইলেন। আজিত নিস্তব্ধ ভাবে তাঁর বিশ্বাস ও ভক্তিকে সমুজ্জল মুখখানির দিকে চেয়ে রইলুম। মনটা শ্রদ্ধা ও সম্ভ্রমে ভরে উঠলো।

তখন কীর্তন চলছিল—গৌরাঙ্গ সন্ন্যাস করবেন—দ্বিপ্রহর—পূর্ণ নিশার রাতে বেরবার সবাইকে নিয়ে কীর্তনানন্দে মেতেছেন, মহা সংকীর্তন জমে উঠেছে। অনেক রাত যায় দেখতে দেখতে বন্ধু হঠাৎ খোকাবের সংকল্প করে আমায় একটা মেলা দিতে বললেন—বেশ! কীর্তনের নামও জমে, তবে যাত্রা থিয়েটারে যেমন রাত বেশ বেড়েটড়ে যায়! ঐ নামটা আমার বড় ভাল লাগে! এই বেশির একটা আমার 'খোলা খোলনী' সেজে যা নাচলে—ফুরুবার!

বন্ধুর কথায় কি মনে পড়ায় আমায় বলেন—তুমি ত অনেকদিন ধরে, 'আলিবাবা' থিয়েটার দেখছ?

আমি ঘাড় নেড়ে সম্মতি জানালুম।

তিনি তখন ধীরে ধীরে আমাটি গায়ে দিতে দিতে বন্ধুকে বললেন—মেলা আর কুড়ির নামটা কেমন, তা বলো! ঐ নাচ দেখবার জন্যে আমি এই শরতে তিনটি শো টাকা—বুঝেছ ত? যতদিন ধরে বলেছ, আমি ডাইরেক্টরের সঙ্গে কথা পেকেছি তিনটি বিয়েছি! ডাইনো বলতো—পিসীমা! এ কি রোজার বাজির টাকা যেন হয়ে যাবে, আমায় দিয়ে দাও না? যাবার এর টাকা উঠিয়ে নেওয়া—তা যাই বল যাদু! এর এর নাচ দেখেছি, কিন্তু মেলা আর কুড়ি যেমন নাচে, এমন নাচ কোথাও কিছু দেখলুম না।

আমি একমনে নাচের গল্প শুনছি—হঠাৎ শিয়র থেকে ফুলের মত নরম হাতে কে আমার জড়িয়ে ধরলে। শিয়র ফিরে দেখি, বছর দুই বয়সের একটি ছোট মেয়ে দু'হাতে আমার গলাটা ধরে খুব মনোযোগ দিয়ে আমায় দেখছে! পরে একটি গোলাপী রঙের ফ্রক, মাথায় লম্বা কালো চুলে ছোট ঝলমলি টায়রা, চোখদুটি ডাগর ও কৌতূহলে ভরা! পুতুলের মত সুন্দর মেয়েটিকে আমি কোলে নিতে গেলুম, সে এলো না; শুধু সন্ত্রস্ত মুখে আমায় দেখতে লাগলো।

ইতিমধ্যে একটি তরুণী এসে তাকে কোলে তুলে নিলে। একটু অপ্রতিভ ভাবে হেসে আমায় বলে—ছেলেটা বড় দুষ্টু! এতক্ষণ বেশ ঘুমোচ্ছিল, জেগে উঠে খালি জ্বালাতন করে বেড়াচ্ছে।

তরুণী কিন্তু তার মার কোলে চাপা থাকলো না। সে সকলের কাছে ঘুরে ঘুরে সব দেখে শুনে বেড়াচ্ছিল। এত আলো, এত লোকজন, এই সব গান-বাজনা! পরে এ সব কি চারদিকে ছড়িয়ে তবে সন্ধান নিতে হবে না?

খানিক পরেই একজন ঝাড়ুদারনী আওয়াজে চেঁচিয়ে উঠলো—ও মা! এ আবার ছেলে গো! দেখ-দেখি, এই পোষবাসের ঝিকে যাবের কাপড়খানা একবারে ভিজিয়ে দিলে! আমি মুচ্ছোযাদুর, এখন কি করি? এখন ছেলে নিয়ে লোকে রাস্তে বেরোয়? কটি ছেলের মায়ের মান পোষবার এত সখ কেন? আমি যে এখন যদি চক্ চক্ করে বেঁপে! আবার স্নান যা হোক!

আশ-পাশের মেয়েরা চেঁচামেচি শুনে যে যার কাজ, আলোয়ান ফেলে এত জমে গেছিল! তরুণী মাকে,

সন্ধ্যার মুখির দিকে সবারই দু'চার চড় বসিয়ে দিলে। মুখি গোলমাল দেখে তার ছোট ছোলাবার ঝোলাটা ফেলছিল, চড় খেয়ে সে তার ঘরে ঠেঁয়াতে লাগলো।

তখন পুরুষদের দিক থেকে 'ছেলে থামাও!' 'ছেলে থামাও!' 'দুধ!' 'দুধ!' ইত্যাদি—আর মেয়েদের মধ্যে থেকে ঝোলাও ছাপা হচ্ছে, ঝোলাও বা ঝোল-গলায় অনেক রকম মন্তব্য উঠে বেশ খানিকটা গোলমাল বেধে উঠলো।

ডাক্তার-জননী দুলে দুলে হাসতে লাগলেন। ছেলেটি মুখে তখন চাপা দিলে। বন্ধু একবার চারদিকে চোখ বুলিয়ে গম্ভীর ভাবে বল্লেন—এর চেয়ে যে ছুটো চাকুর-বেহারার নাম শুনবো, সে এরের জ্বালায় হবার যো নেই। ছিঃ!

কিছুক্ষণ পরে গোলমাল থামল। তখন দেখা গেল, কীর্তনীয়া গাইয়ের—বিষ্ণুপ্রিয়া নিদ্রিতা—নিমাই উঁর মুখের দিকে চেয়ে আছেন—নিমাইয়ের চোখে জল! তিনি বল্লেন—তোমায় শুধু দুটী দিয়েই এনেছিলুম, দুটী দিয়েই যেতুম! আজকের ঘুম ভাঙলে তোমার এতদিনের দুঃখ অনেক হয়ে দাঁড়াবে জীবন বহন করবে—যতক্ষণ ঘুমিয়ে থাকবে ততক্ষণই শান্তি। কীর্তনীয়া নিমাইয়ের উক্তি ঘুরিয়ে ফিরিয়ে গাইলেন—'ঘুমি জাগিলে আমায় পাওয়া হবে না—ঘুমায়ে থাক!'

সকলে মন্ত্রমুগ্ধের মত শুনছে, অনেকের চোখে জল এসেছে। এই সময় আমার পিছন থেকে একজন একটু ঠেলা দিয়েই আমি বিরক্ত হয়ে মুখ ফেরালুম। একটি মেয়ে থান-পরা আধাবয়সী স্ত্রীলোক—মলায়, হাতে ভক্তমালের মালা—তিনি পিছনে দাঁড়িয়ে! তাঁর বাঁ-হাতে এক তাড়া বই ছিল, ডান হাতে একখানা বই আমার দিকে এগিয়ে দিয়ে তিনি বল্লেন—মাখী-কল্যাণ—মাখী সঙ্কিয়ানন্দের শিষ্যা খিরিবালা দেবী মেয়েদের মাঝনা পথের উপদেশ দিয়ে লিখেছেন—তার আনা যায়—নেবেন?

আমি শুধু 'না' বলে মুখ ফিরিয়ে নিলুম। সন্ধ্যা থেকে রাত দশটা বেজে গেল, কীর্তন আরম্ভ হয়ে আসছে, তবু আরেকটাও মন দিয়ে শুনতে পেলুম না। বিরক্তি ও অস্বস্তিতে মন ভরে উঠছিল।

মেয়েমানুষের পথে ঘেরে বড় ঘরে—আরেকজন বলিয়াছি, যায়েও! এখানে কি দোকান খুলেছে, না খেলা হচ্ছে? কেবল ঘুমাতে এসে খেয়া-খেয়া আর ঝোলার পড়ি—কি সব লিখিয়ে যে?

তার পর অনেক গান শুনে মনে—এ কীর্তনে গান হয়—বৈষ্ণবাচারীতে আজকাল মুক্তাবলম্বন করছে—সেও যেন গান! সেদিন মানভঞ্জন গানটি যা গাইলে, চমৎকার! মনে মনে মেয়ে নিজের মনেই গুন গুন করতে লাগলেন।

আমার পাশ থেকে একজন খুব চাপা-স্বরে আমার দিকে চেয়ে বল্লে—দুটী ঘুম যেতে পারে দেখছি! সেই যে সন্ধ্যে থেকে বক্-বক্ করতে সুরু করেছে, একটী বার বন্ধ হল! আপনার আর কিছু খোলা হল না?

আমি যেমন বিরক্তির ভাবে থাকলুম।

বন্ধু দু'একবার ঘাড় নেড়ে বল্লেন—আঃ! গান-টান আর মনে আসে না! ঘুমাও খেয়ে একবারে! আগে কতদিন গান, মেয়েদের গান, মানভঞ্জন এসব আমার মুখস্থ ছিল। বাড়ীতে তখন রোজই আসর, গান, কেতন এসব একটা না একটা লেগেই থাকত তা! সে সব এক দিনই গেছে! যাক্ এ পালাটা কতদূর হল?

তিনি একবার কীর্তন শুনতে মনোনিবেশ করলেন। নিমাই চলে গেছেন, রাত্রি-শেষে বিষ্ণুপ্রিয়া জেগে উঠেছেন, কীর্তনীয়া গাইছেন:—

"জাগিয়া বিষ্ণুপ্রিয়া আগিয়া উঠিয়া,
পালঙ্কে বুলায় হাত,
প্রভু না দেখিয়া, চমকি উঠিয়া
চিত্রে করে করাঘাত।"

তাঁর সঙ্গীরা সকলে মৃদুস্বরে গাইছে—তিনি বিষ্ণুপ্রিয়ার বিলাপ ব্যাখ্যা করছেন—পালঙ্কের উপর প্রভুর পায়ের নূপুর ও গলার হার পড়ে ছিল—বিষ্ণুপ্রিয়া নূপুর তুলে নিয়ে বুকে চেপে ধরলেন—বিষ্ণুপ্রিয়া শুধু মুখ ফেটে যেতেও তাঁর মুখ ফোটবার উপায় নেই! তিনি নিস্পন্দে কাঁদছেন। সে কি মর্মান্তিক নিষ্ঠুরতা! মনে হচ্ছে, তাঁর এ দুঃখটা

আজার চলচ্চে যেন মুক্তাক্ষরে—বাবার আর বইয়ে পাচ্ছে না, শুধু হয়ে তাকিয়ে। আকাশে চন্দ্র, তারা তার হয়ে তাঁর দিকে চেয়ে রয়েছে! পথের জল কেঁপে কেঁপে ফুলে ফুলে উঠছে।

প্রভুর হাত ধুয়ে নিয়ে বিষ্ণুপ্রিয়া আবার বললেন। কোন দিন—আর কোন দিন কি তিনি ফিরে আসবেন? বিষ্ণুপ্রিয়া অন্ধকারে কাতরভাবে 'আমি এ সব দেখিয়া মরিব বুঝিয়া—আর না পাইব ফিরে'—

আলো-অন্ধ লোক চিত্রার্পিতের মত শুনছে, বিষ্ণুপ্রিয়ার মৃদু বিলাপ হয়ে সকলের মনে তাঁর প্রিয়-বিরহের মর্মন্তুদ ব্যথা জাগিয়ে তুলেছে—অনেকে চোখের জল ফেলছে—কীর্তনীয়ার ভাবাবেগে কণ্ঠরোধ হয়ে আসছে, কোঠার খুঁটে চোখ মুছে মুখ ঘুরে বসা পরিষ্যার অন্ধে তিনি আমার মাইছেন—তখন মৃদু হাসে আমায় বলেন—তুমি বাসীখণ্ড শুনেছ? তাতে নেই যে ফেলোর গল্প আছে, সেটা জানো! আমি ফেলোর কথা—

আমি অত্যন্ত কাতর হয়ে বলব—আপনি কীর্তন শুনবেন না? বেশ গাইছে এখানটা! শুনুন না একটু!

তিনি মুকুলিয়ানো চলে একটু হেসে ঘাড় ঘুরিয়ে বলেন—ও-সব আমার ঢের শোনা আছে। আমার ভাইজি-জামাই ওর চেয়ে ভালো গাইতে পারে।

তাঁর হয় ত অনেক শোনা আছে, কিন্তু আমার যে কিছু শোনা নেই, শুধু শোনবার আগ্রহেই বাসীর এই পদ্য বোঝা পদি ছেড়ে দিতের মাঝে একটা পদ এসেছি—সে বিষয়ে কোন মনোযোগ না দিয়ে তিনি বলতে লাগলেন, যা বেশ! সেই ফেলোর কি হলফটি! সেই কথাই বলছিলুম। শুন মহেন—ফেলো আমি হাজার বছরের পাপের প্রায়শ্চিত্ত করবো, তুমি আমায় দেখা করতে পারবে? ফেলো বলে—হাঁ শুনবেন! আমার সাধন থাকলে আমি আপনার দেখা ছাড়বো না। আজকের ত শুনব প্রাচিত্তি, আর ফেলোর দেখা আজই হলো, সে কি এক মজা! তা বেশ, আমার যাদু, একটা খুব ভাল আছে—আমি ফিরে এসে কথকতা করতে পারি—সেটা আমি এখনই শুনবো, সেই তোমার কাছে (আমার মুখের কাছে হাত ঘুরিয়ে) তোমরা এখানে হবে—হ!

আমার আর কীর্তন শোনা হল না—প্রভু আপন মনেই বলতে লাগলেন—এই শুক্লেন-ঘাটে আমার জানা-শোনা একটি নদিনী আছেন, বড় সাধক। এখন তিনি যাবে এখানে পদার্পণ, তা আমায় বলেন—যা! আমি এলো পরে যাবি—তোমাকে ত রেখে পারি না, তা তুমি সেখানে যা কথা-টথা শুনবে আমায় এসে শুনিয়ে যেও। আমি কথকের মুখে শুনে শুনে গোটা বাসীখণ্ড তাঁকে শুনিয়ে এসেছি। যদি ভক্তি থাকে, তবে দুটো কথা শুনলে মনটা ভাল থাকবে। আর লোকের উপকার করবার ভিন্ন ত আমার আসিনা বল?

তবে একটু থেমে বলেন—তা তোমার ত সব কথাই বলেছি—আমার যাদু পেটে-মুখে কথা নেই! সরলা বলিও থাকে ত পারি দিই, তবে সেটা আর বেশি হয়ে ওঠে না, আমার ত আর ছেলে পুলে হয় নি! শুধুমের বিষয় থেকে আমার বরঞ্চাই পাই। তা সেও বড় কম নয়। কিন্তু হাতে আমার কিছু থাকে না। যাদের বাড়ির সব পুরুষে পুরুষেই সন্ন্যাস! আমা যে বড় গরিব মেয়ে! তা ছাড়া আমার অনেক বরুপত্তর আছে। এই যেমন আমার বোষ্টমি-জামাই বোস হয়ে এখানে হাওয়া খেতে এলো, সঙ্গে লোকজন অনেক! আমার এখানেই ত তিনটি মাস হইলো! খরচটা বোঝ, আমাই দুটুক! একটু এদিক ওদিক হলে ত চলবে না!

বলে তিনি নিজের মনেই একটু হেসে অন্যান—তা থাক্, সে কথা আমি কখনো ভাবিনি, বুঝলে? টাকা নিয়ে কেউ আসেও নি—নিয়েও যাবে না, ফিরে যেমন যাবো যেন? খরচটা চলে যেলেই হল। আমার যাদুটী মনে যেলেন, যোগাব কখনো অভাব হবে না। তখন শুধু পরম শুরু তিনি, তাঁর কথা তো মিথ্যে হবার নয়! দিন আমার যেটেই যাবে।

হঠাৎ একটা হো-হো-রব ও সোরগোল উঠলো,—চেয়ে দেখি—কীর্তনীয়া বসে পড়েছেন। পুরুষেরা ও মেয়েরা সব এক সঙ্গে উঠে পড়ছে।

বন্ধু যত থাকিবে ভেবে ভেবে বলেন—কথা ! কেমন শেষ হয়ে গেল এর মধ্যেই ?

* * * *

কীর্ত্তন ত শেষ হলো—তার পরেই চারিদিকে বিষম চেঁচামেচি ও গোলমাল ! সকলেই আগে যাবার জন্য ব্যস্ত ! বন্ধু আমায় কিছু না বলেই সেই ভিড়ের মধ্যে কোথায় মিশে গেলেন। অনেক ঘরে চেঁচামেচি করে খবরের কাগজ খুঁজে দেখি, সেই সময় আবার তাঁর গলা শোনা গেল, তিনি যাচ্ছেন বলছিলেন—কোথা দিবসে-রোমান্সের যাচ্ছ ? তবে আমাকেও এই অন্ধকার গলিটা হাতড়ে যেতে হবে ভেবে নিলুম। একটু পরেই ওরে বাপ—বাবা !

ক্লিওপেট্রার মৃত্যু *

শ্রীযোগিন্দ্রলাল বসুমজুমদার—কলিকাতা।

পাত্র ও পাত্রী

মিসরের রাণী ক্লিওপেট্রা ; তাঁহার সহচরীদ্বয়— চারমিয়ন ও ইরস ; ক্লিওপেট্রার অনুচর সৈন্যাধ্যক্ষ সেনানায়ক ডলাবেলা ; এবং প্রহরী প্রভৃতি।

[পূর্ব্বাভাষ—রোমসম্রাট ও ত্রিবিধের সৈন্যদের অধিনেতা আন্টনি যখন একটি বিষয়ভোগ করিতে আরম্ভ করিল, তখনকার অর্থ অনাবশ্যক রমণী ও অতীব রূপবতী ক্লিওপেট্রার আলোচনা করা হইল। কিন্তু সৌন্দর্য্য ও যৌবনই চিরকাল স্থির নয় ; পরিবর্ত্তনে সৌন্দর্য্যের মধ্যে পরিবর্ত্তিত হইয়া আসিতেছে তাহা কিন্তু কখন দেখা যায় নাই। অনন্তযৌবনী ক্লিওপেট্রা সৌন্দর্য্যের উপর আধিপত্য বিস্তার করিয়া যে আসিয়াছে, তাহার উজ্জ্বলতার মধ্যে আসিয়া মরণ দূরে। ধনে-ধিরে আসিয়াছে। এই ভোগের পরিণতি কিরূপ তাহাই বিশ্লেষণ করিবার জন্য ক্লিওপেট্রা সৌন্দর্য্যের মধ্য হইতে আন্টনির অধিকার করিবার জন্য সুদূরপ্রসারিত আকাশ পরিত্যাগ করিয়া আলেকজান্দ্রিয়ার আসিয়াছে। সীজার এইজন্য কিছু ভাবিয়া তাহাকে আলেকজান্দ্রিয়ার না করেন এ জন্য সে আলেকজান্দ্রিয়ার ও মিসরদেশের আন্টনির অধিকার করিয়া নিজের করিয়াছে।

মৃত্যু—সেকেন্দ্রিয়া—প্রাসাদ-সংলগ্ন উচ্চ অন্তঃপুর। ক্লিওপেট্রা, চারমিয়ন ও ইরস।

ক্লিও। শুনিলি ত' তোরা ! আমারে ভুলাতে চায়
রোমরাজ্য দিয়ে—আপনার মান যাতে
না যায় আপনি ! দেখ্ দেখি, চারমিয়ন !
[চুপি চুপি কথা

ইরস। আর কেন, রাণী ! ফুরাল সুখের দিন—
আসে যামিনী তমসিনী।

ক্লিও। যা লো ইরা করি—
বলিয়া রেখেছি আমি, সব ঠিক আছে,
বিলম্ব না হয়।

চার। এখনি চলিনু, দেবি !—
[ডলাবেলার প্রবেশ]

ডলা। রাণী কই ?

চার। দেখিছ না—সম্মুখে তোমার ?
[প্রস্থান

ক্লিও। ডলাবেলা ?

ডলা। দেবি ! করেছিনু প্রতিশ্রুতি
আজা পালিবারে,—সে যে ধর্ম্মবিধি মম
শিরোধার্য্য মোর ! এবে এই নিবেদন
করি তব পায়ে। সীজার লিখিয়া পেরে

---

* Shakespeareএর Antony and Cleopatra নাটকের শেষ অঙ্কের শেষ দৃশ্য হইতে।

ভবিষ্যৎ অভিযানে। যাবেন তাঁহারা—
সর্ব অঙ্গে পাইবেন আপনারে দেখা
পুরুষ, আজি হ'তে তৃতীয় দিবসে।
এ সংবাদ যা' করিবে বহন এখনি!—
পাঠাই আদেশ, দেবি! পত্রবাহক এবে।

ক্রিও। বড় ধীর! বহিলাম বসি।

ডেলা। চির দাস
আমি তব, আমারে বিদায় দেহ রাণী!
এখনি ফিরিতে হবে সীজার-সকাশে।

ক্রিও। যাও বীর, সঙ্গে যাইবার।

[ডেলাবেলার প্রস্থান

কি ভাবনা
ভাবিস্ ঈরস! বিপদের সঙ্গ মোরা—
নিয়ে যাবে দেখাইতে রাজধানী মোরে।
বড় বিশ্রী যাদুবের ছল, ক্রীতদাস—
কবর্য বলেন সাথি, অপাপ্তি অন্তে,
তাহের কাঁটামো পরে তুলিবেক ধরি'
আমাদের দুইজনে—সে সব মুখের
অনেক আগেই-গড়ে পাসরোধ হবে!

ঈরস। রক্ষা কর, রক্ষা কর, ওগো দেবগণ!

ক্রিও। সে যে নিশ্চিত, ঈরস!—বড় দুর্ভিনীত
দুই নাগরিক—উহাদে যাহারে যায়
আরাধনা জানি, বড় মূর্খ প্রাণ করি
হরিতে পাষাণী পান—মুখরা আমাদেরি
দুরোদরছাদন! নিরক্ষর নাটোরার
মুখে মুখে প্রহসন করিবে রচনা—
যেন পুরী রোমেরাজ প্রমোদ-কাহিনী,
আমি অভিনয় হ'বে মূর্খ-বিনোদন!
আসিতেছে পশ্চিমে হয়ে, দুরাগত আঁখি,
মরণ যাদব সাথিয়ে বিশ্বেশ্বরী—
টাইবারি মুখিত-তটে, রোমাইবে ঘটি
নষ্ট নষ্টিবর!

ঈরস। কোথা যাব!

ক্রিও। এ যে প্রশ্ন, সুনিশ্চিত!—নাহিক সংশয়।

ঈরস। দেখিব না এই চক্ষে সে দশা তোমার,
তার আগে নিজ হাতে ফেলিব উপাড়ি
এ দুই নয়ন, দেবি!—নয়ে যোর আগে।
সেই ভালো! আয়, মোরা এখনি করিয়া
বধ করি সীজারের ক্রুরপথা হরে।

[চারচিত্রনের পুনঃ প্রবেশ]

আয় চারচিত্রন! তোরা দুই সখী মিলে
সাজাইয়া দিবি মোরে রজন-দুহিতে,
রাজরাজেশ্বরী বেশে। আজি পুনরায়,
সাজাবে তরুণী মোর তরঙ্গিণী-তুলে,
নিজ-হাতে নীল বারি বিকাশিয়া যবে
আঁটনি-সমরে। যা যা, দুই যা ঈরস্!
আর কেন, চারচিত্রন!—বিলম্বে কি ফল?
এই তোরে শেষ আজ, এই শেষ দুটী,—
সাধা ছিনিয়াছ আজন্ একেলা বসি'
বাঁধিয়াছি তোর! আর নহি নিয়ে আর
আমার দুখুট-বলি, গরবোদ্ধিরাজ,
আর হেত আড়াল।

[কেলেপ কোলাহল

ও কি শব্দ হয়?

[জনৈক প্রহরীর-প্রবেশ]

প্রহরী। যখন আসিছে এক মূর্খ গ্রাম্যবাসী,
বলিছে না মানো,—আনিয়াছে মুড়ি করি'
ফলক-ডালী।

নিয়ে আয়, দেখি তারে।

[প্রহরীর প্রস্থান

মুড়িয়ে সে ফল নয়—মুড়ি আনিয়াছে!
কে বুঝিবে কারে দিয়ে কত উপকার!
আর আমি নারী নই—প্রতিজ্ঞা অটল,
কোন-মন বাঁধিয়াছি কঠিন পাষাণে!
বিষ্ণু নবরূপধারী চলন চরিত্র
করিবে না এই চিত্তে আধিপত্য আর।

[প্রহরীর পুনঃ-প্রবেশ]

প্রহরী। যেন এই আসিয়াছি রাজে।

ত্রিও। যাও যেন.
তুই যা বাহিরে।

[প্রহরীর প্রস্থান

কি আছে কপালে তোর?—
নীলবরবিহারিণী যাবে বৃন্দাবনী?
স্বর্গধামে হবে প্রাণ মিলা যাদবার?

গ্রামবাসী। যাই ত' নিয়ে আসায়: তুই কিন্তু মেয়েমানুষির পরতনেও যাচি পারবা না—নাড়াচাড়া এর ত' নির্জন যায়া যাবা, তাহিন মোচি তুমতি পাইবা না। অ্যাকবার যদি কেমড়ে যায় ত' অমন্ত কি অমেছ—আর বাঁচবা না।

ত্রিও। কেউ অমেছে, তুই চোখে দেখেছিস্?

গ্রামবাসী। দেখ ভাগ্লায়! তু যদি অমনো, তবে মেয়েলোকিরি সাথায় করেলো! এই কালই এক্ষ্ণ তোর উল্টেলো। বড় ভালো ছিল যাগীডা! যা এক্ষ্ণ, নিয়ে কত্তা কইত যো। মেয়েমানুষির ওই বড় দোষ। তা' ভালো কত্তা হয়, ত' নিয়ে কইলি যা? সে এই পোষাডার গুণির কত্তা তা কইতি লেগেলো!—বলে, কি বল্লা! যাত্তা আমি মেরে ওইছে—অ্যানো লেগেক মারি লেগেছে। তা, মেরে পোক্ষার দর কত্তা কি বিশেষ কিছি আছে? ওর আমা বাপ বিলিও বাঁচব নেই: কেমন না? এ পোষা বড় মজার পোকো!

ত্রিও। আচ্ছা, তুই এখন যা।

গ্রামবাসী। পোষার হাউস তোমার ভালো করিই রেখে যাবো।

[মৃদু গমনোদ্যত ভঙ্গি।

ত্রিও। তুই এখন যা।

গ্রামবাসী। আর ভাগ্যাগো—ভর তা কাম ও তা' করবেই কিন্তু।

ত্রিও। আচ্ছা, আচ্ছা,—তুই এখন যা।

গ্রামবাসী। আর ভাগ্যাগো—ভার আর হাতি ওরি দিও না যাবো। ও পরিমি বড় খাচড়া!

ত্রিও। তাই হবে, তোর ভাবনা নেই—তুই যা।

গ্রামবাসী। যে আজ্ঞে। ওরি কিন্তু খাবি দিও না—ওরি খাবালোও না, আর অমন ঘরি ঢ্যালানোও তাই?

ত্রিও। আমায় যাবে?

গ্রামবাসী। তুই আমন ধারুলা! আমি গো খানি, মেয়েমানুষির পরতনেও যাচি পারে না। ও জিনিষ ভাবনামার খানা নয়, ওরি পরতান হাতি করি পেকিয়ে না রেখে। কিন্তুক্ তাই বল আপুনি, মেয়েমানুষির বিয়ে অমনীর মাচা অবস্থামারেই খ্যাচিম করি হাকে না—অমনা ওরি পড়ে ত' পাচলা ওই খাঁচটুকির ভাওয়াল নেই ওরি নাগে!

ত্রিও। তুই এখন যা বল্লি।

গ্রামবাসী। এক্ষে এই যাবাং। পোষার হাউস তোমার ভালো করেই রেখে যাবো।

[প্রস্থান

[রাজবেশ ও মুকুট হস্তে ইবসের পুনঃ-প্রবেশ]

ত্রিও। এসেছিস্ রাজবেশ!—যে লো পরাইবে,
প্রাণে বড় ভাসিতেছে ইবসের সাধ!
বিশ্বের রাজাধানু এ অবনে আর
দুসিব না নাই। আয় আয়, নেরে কেশ্!
ওই শোন্, মনে হয়, অ্যাকনী আসিছে—
উঠিয়া বসেছে বীর!—বাখানিছে কত
মোর বীরপণা, হাসে মুখ খল খল
সীজারের আখ্যোয়ার দেখি, আসে সে যে
এত আশা ভালো নয়, দেবতা সহে না!
যাও—যাই, যাযী! ওই রাজে অধিকার
ভাবিব আটুই আমি মরণে ভিনিয়া।

আমি আর যাব আমি,—তুমি যেই তব
দিব বিসর্জন। এই যে, হয়েছে সাজা?
এইবার অবসর পেব আপনার
নিধি আর মোর,—বিদায়, বিদায়, সখী!
স্নেহময়ী চারুমিতা! ঈশ্বর! বিদায়!
উদ্যত ছুরি, ঈষৎ পড়ল ও ঝুঁকে।
একি! পড়ে গেল!—ছিল কি অন্তরে মোর
এত কাপুরুষ!—প্রাণ গেল যে ছাড়ি'
এতই সহজে! তবে কি মোহ ক্ষুদ্র-শেল
শেল নয়, প্রণয়ীর প্রণয়-ঈক্ষণ!—
মোহ বাধা, তবু তার পরশ মধুর!
এ যে নিঃসঙ্গে আঘাত। পলক ফেলিতে
দেখি পলাইয়া, আমারে অমর জনে—
এ জীবন কিছু নয়, নাহি প্রয়োজন
ধরিবারে কোন কথা বিদায়-বেলায়?

চারু। হে আকাশ! চালো বারি ঝরঝরি' অবিরাম—
অজোরে বরুক অশ্রু দেবতার চোখে!

ক্রিও। একি লজ্জা!—আমারে ফেলিয়া গেল পিছে!
যদি তারে আসে দেখে প্রেমিক আর্টনী,
লাজিবে তাহারি আগে প্রথম চুম্বন—
আমার সে স্বর্গসুধা তুলিবে ঈশ্বর!
[একটা দর্প যেন হাসে অলক্ষিত
তবে আর আলাতুক যব! ছিন্ন কর্
এই ধনুক, ভোর এই তীক্ষ্ণ বজ্রাঘাতে
তুচ্ছ জীবন-প্রতি,—তুচ্ছ বিষয়!
তুলে ওই! কে-বা দেখ করে'! যদি বিধি
মৃত্যু না ঘটায় মোরে, তবে এইক্ষণে
শুনিবারে মুখে মোর—নীরব দাড়িয়ে,
নীরব পলক, তার কিছু বুঝি নাই!

চারু। একদা পূর্ণিমা রাতে!

ক্রিও। আহা, চুপ চুপ!
দেখিস্ না ঝুঁকে মোর অন্তরের দিক!—
আমি যাদী, আমারে সে পাঠায়েছে মুখ
গুপ্ত দান করি'!

চারু। দেখ মুখ ফেরে গেল!

ক্রিও। একি মুখ! মুখমুখ! চঞ্চল-চরণ!
আহা মো আর্টনী!—আয়, তবে দুইও আয়
[সঙ্গে একটা দর্প ধরিতে পারিল
আরও ধরতর—
[অন্তরের উদ্যত পলক ও ঝুঁকে।

চারু। তবে ধরার মরণে?

যাক্, দেখ!—হ'ল পাখি, বিদায়! বিদায়!
তবে ফুরা! পঙ্ক বহু, আজ ক্রোড়ে মোর
ধরণীর অতুলনা মানব-দুহিতা!
মুছে' যাক্ ধীরে ধীরে অশ্রু-বাতায়নে
পদ্ম-রবিনিভা; প্রভাতের রবিচ্ছবি
আর না উঠিবে ওই মহিমা-আনন
উষার আঁকিতে।—মুকুট যে ধরা হ'ল,
ঠিক করে' দিই, পরে যাবাই বারিটি।

[দুইজন প্রহরীর প্রবেশ]

১ প্র। রাণী কই?

চারু। আমারো ধীরে কথা কও।

১ প্র। সৌভাগ্যের মুখ—

চারু। দেখা হ'য়ে গেছে তার।
[একটি দর্প যেন ফুটিল

আয়, আয়, দেরা কেন্! আসর হয়েছে!

১ প্র। কে তোমরা দীর্ঘ এস! স্থান ভাল নয়,—
রাজারে বিষেছে কীটি!

২ প্র। এই যায় দেখা
একেবারে অনাবেলা, দীর্ঘ তাও তাঁরে।

১ প্র। একি দেখি, চারুমিতা! একি ভাল হ'ল!

চারু। খুব ভালো! কথা যার ভুবন-বিজিত
রাজকুলে, এই তাঁর উপযুক্ত কাজ।
হায় মোর সৈনিক!—

[মৃত

আমি, ...

[ভদ্রাবেলার প্রবেশ]

ভদ্রা। কি সংবাদ বেহাইন?

২ স্ত্রী। সব মরে গেছে!

ভদ্রা। সীতার! আমরা সব অভাগী বটে। যে রাজ্য দুঃসাহস বিষাদিতে এত বেটা, ভাই হ'ল শেষে!

বেলখো। সরে' যাও, সরে' যাও, আসেন সীতার!

[অনুচরবর্গের সহিত সীতারের প্রবেশ]

ভদ্রা। যে রাজন্! লঙ্কা আজ তব অনুযায়ী, যাহা ভক্ত—তাই হ'ল।

সীতার। বড় ধ'রপণা করিল অহিয়ে! আমার কৌশল কেহ করেছিল নারী, তাই রাবীর রাজন রাখিয়াছে নিজ হাত।—মৃত্যু হ'ল ভিলে! ভক্ত ভাই?

ভদ্রা। বল দেখি, সর্বনেশ অনে কে.ছিল হেথায়?

১ স্ত্রী। নিরক্ষর গ্রামবাসী এনেছিল দুগন্ধ হরণী—বুড়ি এই পড়ে' আছে।

সীতার। বুঝিয়াছি, বিষ ছিল সাথে।

১ স্ত্রী। মহারাজ! এই বিষু আগে বেঁচেছিল চারদিন, বাজারে বসিতেছিল তথা; দেখিনু, মুহূর্তখানি পরাইছে ঘিরে দুয়া রাক্ষিনীর—বক্ষ যাবে ধরণরি, হঠাৎ পড়িয়া গেল!

সীতার। অপূর্ণ মরণ! বিষ যদি পান করে, প্রমাণ তাহার স্ফীত অঙ্গ, বিকৃত বরন, এ দেহ সুঠাম!

দেহ দেখেছে রূপের ঠাম, বসিবারে আসেন আপনী!

ভদ্রা। এই যে রয়েছে মুখে ফীন ফেন-রেখা, কেমন করম এ কি?—বাহুতেও তাই!

১ স্ত্রী। এ যে রাজ আশ্চিকের,—যেন রেখা বুড়ি-জলে পারার উপর রয়েছে লাগায় ঠিক—দেখিয়াছি তব এমনি লালের রাগ বহুরূপের যার নীলবর্ণ-ছুরে।

সীতার। তাই হবে, বসিয়াছে তাহারি বন্ধনে। তবিয়াছি বেহাবার রাজদ্রোহ-সুখে—বৃদ্ধার সরল পথ! যত আসে, নিত্য নব সন্ধান তাহার করেছিল অন্তরাল বিপদ-ঈশ্বরী। রাবীর পালন-বাণি বহি অহে যাও দেখা হ'তে, আর এই রমণী দু'জনে। সবের অন্ত্যেষ্টী পানে ধরি' দিব আর অহিয় বরন; এ ধরায় আর কোথা রহিবে না আর কোনো সমাধি তখন এ দেহ মুছনে। দেহ অপূর্ণ রহিবে যাদের তারণে আজ, তাদেরো মানসে জনমে বিস্ময়;—যেমন পৌরব আজে, অন্তরিকে অন্তেষ্টিক বলবাহিনী! যত দৈত্য যোর করিবে প্রমান-ভাষা বিষম-ভয়ীর, তাদেরও ধাবে সব রাজধানী রোষে। ভদ্রাবেলা, দেখো যেন এ কাজ সমাধা হয় যথাসময়োচিতে।

[সকলের প্রস্থান।


সপ্তধারা

[illegible] [illegible] [illegible]

[illegible]

[illegible]

[

[illegible] তারি সহচরী। দুষ্ট অরিন্দম হৈবে

তরবারী।

[illegible] বিদায় হইয়া [illegible]
[illegible] হইল [illegible]
[illegible] হইয়া [illegible]
[illegible] হইল [illegible]
[illegible] হইয়া [illegible]
[illegible] হইয়া [illegible]
[illegible] হইয়া [illegible]
[illegible] হইয়া [illegible]
[illegible] হইয়া [illegible]
[illegible] হইয়া [illegible]

কন্যা হিসাবী তব আমি নিবেদিনী। তাহে স্থান তব

অরি ঘরিণী।

[illegible] [illegible] [illegible] [

গুরুর দশা

শ্রীবরেন্দ্রচন্দ্র রায়—কাশী

১

গুরুভোজনের বিষয় ফলের কথা পাছকার বলিতে কোনই দ্বিধা করেন নাই। তাহা, ইহার ফল ভোগ করিতে হয় সকলকেই, কাহারও এখানে রেহাই নাই। পারীরিক স্বাস্থ্য-রক্ষার বেলা যাঁহারা এতই তৎপর, মানসিক স্বাস্থ্যের বেলায় তাঁহারাই কেন যে এমন বে-পরোয়া, তাহা ভাবিবার বিষয়। এককের অথবা দুটি ছাড়া আর একজনের থাকা যদি ভাল হইতে থাকে, তাহা হইলে তাহার উপকার হয় সে ভোর করি ও-বিষয়ে চুপ করিয়া থাকিতেই ভালবাসে। এমন কি চুপ না করিয়া ও-বিষয়ে বিপরীত ভাবে মুখর হইয়া উঠিতেও দেখা যায়। গুরুভোজন সম্বন্ধে আমাদের পাছকারমহাশয় তেমনি অনুকূল মুখরতার পরিচয় দিয়াছেন। তাহার ফলে, একজনের মানসিক ব্যাধি এবং দুর্বলতা বৃদ্ধির ফলে, আর একজনের পুষ্ট থাকে, মনে, সম্পদে অর্থাৎ লক্ষ্মী-শ্রীতে ভরিয়া উঠিতে থাকে।

গুরুভোজনের দিকে যেমন রোগীর ঝোঁকটাই বেশি, তেমনি গুরুজনের দিকেও আমাদের হিন্দু সন্তানদের একটা অস্বাভাবিক রকমের ঝোঁক দেখিতে পাওয়া যায়। এই গুরু প্রতি বিষম লোভের মনস্তত্ত্বটা বুঝিবার চেষ্টা করা যাক্।

মানুষের মনে কোনো একটা সংস্কার গড়িয়া উঠে দুইটি কারণে। অন্তরের একটা সংস্কারের দিকে প্রবলতা থাকা চাই আর সেই সংস্কারটিকে জাগাইয়া এবং বাঁচাইয়া রাখিবার বাহিরের দিক হইতে একটা চেষ্টাও চাই। আমাদের অন্তরে এই গুরু-প্রবলতা রহিয়াছে কি না, যদি থাকে তবে তাহার স্বরূপ কি?

২

অন্তরাল হইতে শিশুকে আমরা যেমনি ডাকা দিয়া আসিতে থাকি। সে আমাকে পাইয়া, ধরিয়া ফেলিয়া, ছাড়িতে, বলিতে গিয়াছে ইহা আমাদের সহ্য হয় না। অতিরিক্ত স্নেহ শিশুর অসহায় ভাবের চেষ্টা করিতে থাকে। তেমনি স্নেহে স্নেহে আমরা করিয়া দিয়া আমরা-জনটাকে অত্যন্তের অতিপাশে জড়িত করিয়া তবে ছাড়ি, কিন্তু এই সহজ সত্য কথাটাকে স্বীকার আমরা করিয়া এড়িয়ে। যে যেমন করিয়া তবু শিশু কোল ছাড়িয়া ধরণীর উপরই আপনার বিশ্বাসের স্থান করে, আর আত্মবিশ্বাসের অমৃত পানে করিয়া তাহার বড় হইবার শক্তি আসে। যারা ঠেলিয়া তাদের শক্তির বিকশিত হইতে থাকে এই স্নেহের স্নেহে।

তার পর ছোট বেলা হইতেই অনেক স্নেহেও এই লালনের লালসিক স্নেহ শিশু। সর্বনাশ বড় হয় করে না। শিশু আপনা-আপনি হোঁচট খাইতে চায়, সিঁড়ি বাহিয়া উঠে প্রণাম করিতে তাহার কৌতূহলের আর অন্ত নাই। স্নেহের স্নেহ আসিয়া শিশুর এই বিকাশের প্রয়াসকে নিষ্ফল করিতে চায়। ছুতো লয় আসিয়া শিশুর হাতে পায়ে কাল্পনিক এবং সেই ভয়ই ঘুমেরও সুখল পরাইয়া দেয়।

আমার বৈশেষ আসে মন-বিকাশের এক আকাঙ্ক্ষা প্রেরণা লইয়া। এই মন-মরা শিশুর দলও আমার কৌতূহলের প্রেরণায় বাহিরে যাত্রা করিতে চায়। এক নূতন স্বাধীনতা তাহাদের অন্তরে জন্ম-কামনা করে, কিন্তু আমার অভিভাবক প্রবীণ মন সেই বিকাশের পথ

আঙুলিয়া লাফাইয়া থাকে। নবীন ভাব, নবীন চিন্তা, নবীন উদ্যম সব ব্যর্থ হইয়া যায়।

অভিজ্ঞতার প্রবীণেরাই জানে যে, জীবনের যাহা কিছু নবীন প্রকাশ তাহা শুধু তাহাদের দ্বারাই সম্ভব হইয়াছে, বালকদের দ্বারা তাহা কখনো সম্ভব হইতে পারে না। সুতরাং প্রবীণের একমাত্র জোরের জোর, নবীন না পথ হারাইয়া ফেলে। তাহাদের পথ হারিলেই যে নবীন পথ হারাইবে, তাহাতে আর সন্দেহ থাকে না। তবুও প্রবীণ প্রথম ভাবে নবীনকে পুরানো পথে পুরানো ঘাটে না ফেলিয়া চলিতে পারেন না; ইহাই হইল আদু ব্যথা।

এদিকে বিশ্বকালে যাহাদের বাকি-খাজনা কেবলি বর্ধিত হইয়া আসিয়াছে, যাহাদের ঘাটে ঘাটে নূতন নূতন চৌকি নজর-চৌকির ঘর তুলাইয়া আছে, সে তো চোখ বুজিলেই হয় পার। সে চোখ না-বুজিয়া যে-কারণে হাতে ধরিয়া, যে-কোনোও চলিয়া যাইতে পারিলেই বাঁচে। এমনি করিয়া আমাদের পরিবর্তনের শিক্ষা সুদূর ভবে চলিতে থাকে

কিন্তু যে-আমারও উপর নির্ভর করিলে ঠিক নির্ভরযোগ্য কিছু কাটানো যায় না তো। অন্তর বলিতে যাহা এটা ঠিক না, ঠিক না। তাই এই যে-কোনো ব্যক্তিটিকে একেবারে 'ভগবান্ বলে' করিবার অনেক ব্যবস্থা উদ্ভাবিত হইয়াছে।

আমাদের দেশের লোকেরা বড়ই ধার্মিক; ইহ-সংসারের জন্য চিন্তা তত নাই, পরলোক সম্বন্ধে যত প্রকারের দুর্ভাবনা আমাদের পাইয়া বসিয়াছে। দুর্বল বলিয়া আমাদের সাহস যত বেশি, পরলোকের চিন্তাও আমাদের তেমনি। চক্ষু যে দুর্বলদের এখানে উপায়ের তাহাদের আর অস্বাভাবিক কি আছে! গুরু-ভগবান্ বলিলেন—তয় নাই, গো—বৎসের চক্ষু বুজিয়া আমার পায় মাথা ঘুষাইয়া পড়িয়া থাক, তোমার সব বোঝা আমার, নিশ্চিন্ত হইয়া আমার সেবা কর।

গুরু পথের আধ্যাত্মিক যাত্রা যাহির হইয়া গেল, তখনও যখন করিয়া প্রমাণ করিলেন সত্যের সাক্ষী এবং এম, এ-রা যে গুরু হইয়াছেন ভগবান্। তাহার পর মিশনারিরা ইহাও বলিল, অন্ধ গুরু, সুতরাং অন্ধ যে ভগবান্ তাহাতে আর সেকেলের সন্দেহের স্থান রহিল না। আরো শাসন-বাণী প্রচারিত হইয়া গেল, 'সংশয়াত্মা বিনশ্যতি।' কোনো ভরসের সাহস করিয়াছে কি বলিয়াছে বাপ-মায়েরা! যেটি যদি সেটি তাহাদের না করিয়া চল, তুমি অন্ধে তোমার অন্ধত্ব ঘুচিয়া-কথা হইয়া যাইবে।

গুরু-ভগবান্ কি করিতে পারেন তাহার অন্ধ প্রমাণ বয়সের বিশ্বাসে, সেই জন্য গুরু কি-ভাবের তাহার সম্বন্ধে কোনো চিন্তাই নিষ্প্রয়োজন বড় একটা নাই। কি-ভাবের তাহা বুঝিতে পারার মত আত্মবিশ্বাসও নাই বলিয়াই তো কি-করিবে পারেন সে সম্বন্ধে বিশ্বাস এত অবাধ হইয়া উঠিতে পারে। আর আত্মবিশ্বাস না হারাইতে পারিলে, অমন দয়া-দাক্ষি অর্থলাভও কিছুতেই হইতে পারে না। আন্ধুর যাইতে হইলে তাহার জন্য বিশেষ প্রয়াসের প্রয়োজন হয়; কিন্তু আত্মবিশ্বাস হারাইয়া যদি দিগ্‌ভ্রান্তির হাতে আত্মসমর্পণ করিতে পারি, তাহা হইলে তো একেবারে অনায়াসেই যত-ইচ্ছা নরকাভিমুখে যাত্রা চলিতে পারে! সুতরাং আত্মবিশ্বাস হারানোর দুবিয়া দুবিয়া বৎসরা গুরুতর হইয়া উঠিতে কালবিলম্ব করেন না। আন্ধুর যাওয়ার সঙ্গে না হয় দিগ্‌ভ্রান্তির ভাগ সঙ্গে মিটাইয়া লইতে কতি নাই, কিন্তু বৎসরা তো এ কথাটি বুঝিতে পারেন না যে, ও-ভাবে সত্যকার ক্ষুধা মিটাইবার ভারটি সমাধা করা গুরুতর ব্যাপার। তাই দুর্বলেরা শেষ কালে না-বলিয়া পথ পায় না। তবে বলিবার বেলা ইহারা মনে করে যে, মার্গির ভয়ে চাপিয়া বসা হইল। এটা সান্ত্বনা বটে।

৪

গুরুরা একটা বিশেষ জন্ত বটে, কিন্তু বর্ষাটাও এক রকমের বিশেষ গুরুরা, যাহা গুরু-ভগবান্ আশ্রিত জন্তু

বলিয়া প্রচার করিলেন। আত্মাকে তার, আপনার স্বরূপে প্রত্যক্ষ কর, এই ছিল এই দেশেরই সাধনার মূল রীতি, কিন্তু আপনাকে ভক্ত বলিয়া জানে এই অপূর্ণ অহমাসনে প্রতিষ্ঠা করিলেন গুরু-ভগবান্। ভক্ত হইবার সাধনায় কিছু সময় লাগিত, কারণ এই সাধনার শক্তি নিজের অন্তরে সঞ্চয় করিতে হয় না, আত্মশক্তিকে বর্জনের দ্বারা ভক্তের নির্ভরতায় হয়। পড়াইয়া যাইবার গতি অর্জন করিতে হয় এতদিন নিশ্চেষ্টতার দ্বারা।

ইহাতে আমাদের মনে কম-আরামের সঞ্চারিত করিয়াছে এই কথাটিই আমরা বলি। আমাদের দেশের গুরু-ভগবানের সম্বন্ধে যে এই কথাটি আরো বেশি সত্য, সেই কথা বলিবার কথা নয়। চতুর পথপ্রদর্শক এই কথাটি জোর-গলায় বলিয়া চলিয়াছেন যে, বিদ্যার্থীর শিক্ষাই দেশের এখন সবচেয়ে দরকার। চতুর জানে যে, এই জাতির সত্যকার লক্ষ্যে পৌঁছাইবার নিজের ভবিষ্যতের পক্ষে ভয় শুধু এরে।

ইউরোপ এই দেশে যন্ত্রি-যাত্রা এবং বিচার-ব্যবস্থার বাহন লইয়া আসিয়াছে। ইহাই তো চিরকাল মানুষের অন্তরতম বাণী। জড়তা হইতে প্রাণে, অন্ধকার হইতে প্রকাশে, নির্দ্বিত্ব হইতে বিশ্বাসে, পরতন্ত্রতা হইতে স্ব-তন্ত্রতায় অভিব্যক্তিই তো এই সৃষ্টির অন্তরতম ব্যাপার। মানবাত্মা চিরকাল ইহার উল্টা পথে চলিয়াছে। তাই প্রতি মানুষের অন্তরে যে ভগবান্ বিশেষ সত্তায় সত্তা হইয়া আছেন তাঁহাকে বলির করিয়া গুরু-ভগবান্ মানুষকে লইয়া চলিয়াছেন। যে-সব মানুষের যোগ্যতর দোষা ছিল, যাহারা এক একটি বীর-শিষ্যের মত উঠে আপনাকে তুলিয়া ধরিতে চাহিয়াছিল, তাহারা মাটিতে মুখ লুটাইয়া পড়িয়া, এক হইয়া মাটিতে মিলাইয়া গেল। মাটি উর্বর হইল কিন্তু প্রাণের কথা রহিল সুপ্ত; তার পর শিষ্যানুগ্রহযোগ্য উর্বরা মাটির ভালবেসে আত্মাহুতি সাধন করিয়া চলিলেন।

৫

গুরু-ভগবানের এই যে মারণ-অস্ত্র, ইহার সাধনা আজ দেশে নানা রূপে চলিয়াছে।

যেখানে মানুষ কিছু জানে না, বুঝে না, সেখানে সে বড়ই দুর্বল। কি করিলে মানুষ যে ভগবান্ হইয়া যায় তাহাকে জানা নাই, অথচ ভগবানের পায়ে সব ভার ফেলিতে পারিলেই নিশ্চিন্ত হইতে পারা যায়। ঠিক এমনি সন্ধি স্থলে গুরু-ভগবানের আবির্ভাব হইয়া থাকে। কিন্তু গুরু-ভগবান্ যে ভগবান্ এই প্রতিষ্ঠার করিবার সাধনা আছে। এই সাধনাটির নাম ভেদী-সাধনা।

এই ভেদী-সাধনার অনেক রূপ আজ দেশে বিরাজ করিতেছে। ভেদী-সাধনার অনেকটি রূপ আজ প্রকাশ করিব বিচার করিয়াছি। এই ভেদী-বাহির উদ্দেশ্য হইতেছে সর্বপ্রথম তাক্ লাগাইয়া দেওয়া—কোনো একটা ব্যাপারে। তাক্ লাগাইয়া দিতে পারিলেই ভাবণ-যন্ত্রের ক্রিয়া আরম্ভ হইল. তেমনভাবে বিস্মিত না করিতে পারিলে ভাবণ-যন্ত্রের ক্রিয়া হয় না। এক বার যদি সে কোনো রকমে বিস্মিত হইল, তার পর যে আমিই ভগবান্ তাহা বুঝাইতে কতক্ষণ লাগে! গুরুকে তখন যাহা বলি তখন সে তো তাহাই করিবে- কর্তা তো আমি, সে তো তখন কল মাত্র।

৬

যাহারা নিজের সাধারণ ভাবে বংশানুক্রমিক পেশা হিসাবে এই ভগবান্ হইবার পেশা করিয়া আসিতেছে তাহাদের কথা বেশি বলিতে চাহি না। তাহার কারণ, এই ছোটো পেশাদারেরা ঠিক সচেতন ভগবান্ নয়। তাহারা ও তাহাদের শিষ্যেরা একটা অভ্যাস হিসাবে এই কাজটি করিয়া চলিয়াছে। গুরু মরিলে এক বার দুইবার আসেন, কলস ভোলার ঠিক পরটাতেই। দু'একদিন থাকিয়া দু'চারিটা নব উপদেশ দিয়া ও ভোজন-দক্ষিণা নিয়া তিনি চলিয়া যান, আর পশ্চাতে রহত এক-আধ টুকরা অন্ন শিষ্যের খানে ফেলিয়া যান। মরার মরার জানাজানি হয় তাহাতে কেউ কাহারো কম করে না।

যেখানে কবি হইতেছে সেইখানকার নীলার কথাই বলি।

বিশ্ববিদ্যালয়ের বিশুর পাশ দিয়াও যাবার সময় পাশ্চাত্য-বিদ্যার প্রতি কোনোরূপ শ্রদ্ধা দেখা যায় না, বরং বিদি আরো বেশি করিয়া নানা রকমের দৌরাত্ম্য আর অসুস্থ সংস্কারের ভক্ত হইয়া উঠিতে থাকেন, তাঁহার প্রতি সাধারণ লোকের ভক্তি একটা শ্রদ্ধা জন্মিয়া যায়। তাহার কারণ, সাধারণ লোকের মনে, তাহাদের নিজেদের এই সব দৌরাত্ম্য এবং কুসংস্কারের জন্য নিজেদের ওপর একটা অশ্রদ্ধা এবং অবিশ্বাস রহিয়াছে। তাহাদের বিদ্যা-বুদ্ধি নাই, সুতরাং কি করিবে, সংসারের মোহ কাটাইতে পারে না বলিয়া তাহারা জানে। কিন্তু হঠাৎ যখন ওই বিশ্ববিদ্যালয়ের উচ্চশিক্ষিত ব্যক্তিরা এত বিদ্যা-বুদ্ধি লইয়াও ওই সবের প্রতি শ্রদ্ধা দেখাইতে থাকে, তখন তাহাতে সাধারণ লোকেরা ভরসা করে, ভাবে, ওই লোকটি তাহাদিগকে অন্ধকার সমুদ্র হইতে মুক্তি দেবে। তাহারা মনে মনে তখন বলে, তারা হইলে পরে ওই ঘড়ি এবং টিকটিকি দোকা কিনিতে হয়, আর আমাদের ওই মাথিয়া-চলার ব্যারামটা বড় কম নয়—হুঁ! এই বলিয়া তাহারা আপনার কোন্ ভয়-দৌরবকে ফিরিয়া পায় আর তাহারা ও-সব মনে না তাহাদিগকে মুক্ত করিয়া আপনাদের ঘাড়টাকে সেই নীচ হইতে অনেকখানি ওপরে টানিয়া তুলিয়া আনে। ভরসা আর এক পাক জড়াইয়া বসে।

এই যে অনসমাজের অন্ধতা পাইটি, এটি যদি ভাঙিয়া যায় আর একখানি বিদ্যার সঙ্গে যদি পাশ্চাত্য-সমাজের কুসংস্কার একখানি ভঙ্গ করিতে পারেন আর সেই সঙ্গে যদি দেশ প্রকৃতির সম্বন্ধে যথার্থভাবে কথা বলিতে শুরু করেন, তাহা হইলেই দেখিতে পাওয়া যাইবে যে, ইনি শুরু-ভগবান্ হইয়া বসিয়াছেন।

এই শ্রেণীর শুরু শিক্ষিত সম্প্রদায়ের নিকট প্রসাদ পাইয়া থাকেন এবং হিন্দু সমাজের মেরু স্বরূপ হইয়া বিরাজ করেন। শুরু, শিষ্যের দৃষ্টিতে ভগবান্ হইয়া উঠেন, কিন্তু তা-বলিয়া শুরুর শুরুত্ব প্রয়োজনগুলি কেমনের হইবে? শিষ্যের অজ্ঞতার উপরেই গুরু, আরো যে সর্বপ্রকার পতন ও প্রয়োজনের মূল কারণ তাহা বুঝাইবার কে? তাঁহার খোঁজা হয় না। তাই তাঁহার শিষ্যের প্রয়োজন হয়, মূলধনী শিষ্যের মেরুদণ্ড যে অনেকখানি তাহাকে খাঁড়া করিতে হয়। বিধবা শিষ্যাদের তবেই বেশি করিয়া সংপুরুষের সংসর্গ বর্জন করিবার পালন চলিতে থাকে, তাহাদের সেবা গ্রহণ করিয়া তাহাদিগকে উদ্ধার করিবার আনুগত্যও তবেই বাড়িয়া চলিতে থাকে। শিষ্যেরা ইহাকে ভক্তির অপরিসীম কৃপা বলিয়া মনে করে। যাহা হউক হয়, তখনও তাহারা ভিক্ষাকে সেবার মত আদায় করিয়া লয়, যে অন্তরঙ্গ করে সেই আপনাকে অনুগৃহীত মনে করিয়া ধন্য হইয়া যায়, এই চতুরের চাতুরীর প্রসাদে। তার পর একদিন আসে—কিন্তু দুর্ভাগ্যের এমনি অন্ধ যে, তখনো ওই বিদ্যা আসর ছাড়িয়া উঠিয়া যায় না, তাই তখন তাহা এই বলিয়া সান্ত্বনা পায় যে ভাল মানুষকে সংসারে নানা নিন্দাই সহন করিতে হয়।

পাশের কেহো নিয়া এই শুরু একটি সম্প্রদায়ের প্রবর্তক বলিয়া বাখিয়াছেন। শুরুর আসেন যত ইহারা সূল-সন্ধ্যা করে, জিহ্বা-জপ করে, তার পর আফিঙটা ধরিয়াছে কি করিতেছে, সমাজের কোনো সংস্কারের কোথাও প্রয়োজন আছে কি নাই, সেই সব বিষয়ে সম্পূর্ণ নিশ্চিন্ত হইয়া জীবনযাপন করিতে থাকে। তারা ভাবে, পরলোকের ইনসিওর্যান্সটা তারা যেন পাকা করিয়া লইয়াছে, সুতরাং কেন যাকগে না এই দুনিয়া, তাহাতে তাহাদের কি আর হইবে!

ছোটবেলায় বেদের তাবাগা দেখিয়াছি। সকলের সামনে বসিয়া বেদে তাহার খাপিয়াতে ফুঁ দেখাইয়া গাইয়া তাহুকরীয় হাড়খানা মোঁয়াইয়া 'আয় আয়' বলিয়া অনুচ্চ ধ্বনি করিত আর কোথা হইতে হাতের মুঠায় একটা সাপ আসিয়া আবির্ভূত হইত, ইহা করিয়া মুখ দেখাইত, মুখে বিষই নাই। কি যে মন্ত্র পড়িত আর মুখ হইতে কত রঙ করিয়া এক সাপি চক্রকে বলার টানা করিয়া পড়িত। তার পরদেশে তাবাগা দেখাইয়া

মুখ-তরা হাসির টাকার থলির বদলে হাত পাতিয়া লওয়া ভিক্ষা চাহিত। সেই ছোট বেলার ব্যাপারটা যে নিতান্তই বাহিরের ব্যাপার তাহা বুঝিতে পারিয়াছি অনেকদিন, তাহার ও লোকটা একটা মায়ার বেশে, আর সে সাজটি যেন দেখাইতেছে বলিয়া খীকার করিয়া বসিত।

কিন্তু কবি বলিয়াছেন তুমি তার ক্ষুদ্র নহ, ক্ষুদ্র তাহা নয়। কি আশ্চর্য সত্য কথাটাই কবি বলিয়া ফেলিয়াছেন। যেন কি জানিত যে তাহার ওই বাহিরটার মধ্যে অন্তরাত্মা যৌবন বিকৃতি হইয়াছে আর আমরাই কি বুঝিতে পারিয়াছিলাম যে ওই বেশে কত বড় লোক! সে-কথা বুঝিতে আরো যেন যে-দিন অনুত্তানন্দের আবির্ভাব হইল বিজ্ঞানের 'অন্তঃপুর' হইতে। অনুত্তানন্দ লোক নন, তিনি ভগবান, মানব, তার উপর পুরী হইয়াও সন্ন্যাসী। সুতরাং তিনি যেদিন দেখাইতে লাগিলেন যে আকাশের নীলিমা হইতে মাটি পর্যন্ত তৈরী হয়, আলোকের কণা হইতে তিন লক্ষ টাকার হীরা বাহির হয়, এবং তাহার মেহের লোহকূপ হইতে বড় বড় দর দামী পাথর বাহির হয়, তখন তাহা যে কত বড় 'লোভের ব্যাপার তাহা বুঝিতে এক নিমেষও লাগিল না। আর তিনি যে সূক্ষ্ম শরীরে যখন-তখন এখান হইতে বিজয়ে চলিয়া যান তাহাও বুঝিতে কোনো ক্লেশ হইল না। কারণ যেদিন রাতে বিজয়ে যান সেদিন তাঁহার ঘরে ভিতর হইতে তালা বন্ধ থাকে এবং সকালে যখন বাহির হইয়া আসেন তখন তাঁহার হাতে বিজয়ের পত্র থাকে। অথচ ফলপতি এত করিয়া হাতে-পায়ে ধরিয়া সিন্ধুকে বন্ধ হইয়াও তাহার মধ্য হইতে বাহির হইয়া আসিয়া একটি রাতের ভরে যেন আর পারেন না। ব্যবসা করিতে গিয়া লোকটা ভগবান্ হওয়ায় পর্যটাকে বন্ধ করিয়া দিল। ব্যবসায় এতটুকু ফেরা না করিয়াও যে একটা বৃহৎ ব্যবসা চালান যায় তাহা সে কোনো দিনই না বোঝে হয়।

এই অনুত্তানন্দেরা কি করিয়াছেন?

৮

বড় বড় বিজ্ঞানেরা অনুত্তানন্দের কাছে গিয়া ধ' হইয়া গেছেন। তাঁরা অনুত্তানন্দের সঙ্গে তর্ক তুলে না, তাঁহার কথার সন্দেহ তুলে না। বেশ প্রশ্ন করিলে তিনি মিষ্ট হাসি হাসিয়া বলেন ও কি তোমাদের বিজ্ঞানের কর্ম বাপু! আমি তোমাদের বিদ্যার ধার ধারি না, তবে এ বিদ্যা তোমাদের ওই বিজ্ঞানের দ্বারা আবিষ্কার করিতে পারিবে না, ঠিক জানিয়ো। তার পর তিনি এই বিদ্যা যাহাতে আমার তাহাদের প্রচার হয় তাহার চেষ্টার কথা বলেন; বিজ্ঞানমন্দির প্রতিষ্ঠার সুরে কহেন। বিজ্ঞানেরা লোভ ও ঈর্ষার দ্বারা অনুত্তানন্দকে বাধা করিতে লাগিয়া যান আর সেই বাধার দ্বারা তাঁহারা বিশ্ব-বিদ্যালয়ের জন্য এবং ফলপতি হইতে বহুমূল্য সব যন্ত্র-পাতি আনাইবার জন্য বাধার চিত্তরথে অর্থ ঢালিয়া দিতে থাকেন। যদিন যেদিন হইবে সেদিন ওই সব যন্ত্রের চলার পথ চাঁদ। হয়ে-আসনে উঠিয়া আসিবেই, এ বিশ্বাস তাঁহাদের আছে।

ওদিকে অনুত্তানন্দের মঠ বড় আশ্রম নিয়মা এবং পুরী, কাশী এবং বৃন্দাবনে তৈরী হইতে থাকে। ভগবানের সেবা করিয়া যাহারা চরিতার্থ হন, গুরুদেবও নিজের জামা-কাপড়ে উজ্জ্বল পরাইয়া, ছাত্রাবলীর নবনীত সেবায় প্রস্তুত হইয়া উঠিতে থাকেন—বিজ্ঞানেরা অনুত্তানন্দের জ্যোতিষের দৃষ্টির জ্যোতিঃ দেখিতে পায়। বিজ্ঞানেরা তাঁহার বিদ্যার আর তল পায় না। সুতরাং তাঁহার জীবনী লিখিতে বসিয়া যায়।

এমনি করিয়া অনুত্তানন্দেরা আশ্রমের অদ্ভুত কর্মীদের অনবরত তাড়িয়াই একদিন যোর তরি লোভাতুরের বিজ্ঞানমন্দির প্রাঙ্গণের কাছে যাইয়া হইয়া দাঁড়ান; তখন তাঁহার অসবাস্ত কীর্তিই তাঁহাকে চিত্তরথে ধরান্ করিয়া তাড়িয়া যায়। মূর্তি প্রতিষ্ঠা, পূজা ইত্যাদি চলিতে থাকে নিত্যকাল। ভগবানুদের এই সব লক্ষ্য কেনই বা থাকে, কেনই বা অসম্পূর্ণ থাকে তাহা কে জানে!

আর একজন ভগবান্ আকাশ পরিক্রমির পদরা লইয়া এই দেশের নানাস্থানে আবির্ভূত হইয়াছেন।

ইহারা প্রত্যেকেই বাস্তবের। দুজনের সামনে ঘোর-বর্ণনার কথা বলিতে পারিলেই দুজন নড় হইয়া পড়ে, ওজস্বিনিজস্ব শিষ্যমণ্ডলীর যদি এক সঙ্গে ঘণ্টা দশেক কথা বলা যায় তাহা হইলে দেখিতে পাইবেন যে উহাদের মধ্যে যেমন একটা ব্যক্তিস্বাতন্ত্র্যের স্পষ্ট রূপ ফুটিয়া উঠিবে। ইহারা পুরুষ হইয়া নারীর মতই অত্যন্ত বেশি বিষয়প্রবণ। এই ভগবানেরা এই দর দিয়া এবং দিয়া লইয়া এক অপূর্ব লীলার সূত্রপাত করিয়াছেন।

এই লীলানন্দেরা হিপ্নটিজমের অদ্ভুত ব্যাপারের আমাদের দেশে চালি হওয়ার ব্যাপার করিয়া চলিয়াছেন। লীলানন্দ বলেন আমি ভগবান্। এবার কলিযুগে আর কোনো কোনো রূপ রাখিবনা; যে যে-ভাবে আমাকে চাহিবি, পাইবে সেই রূপেই। কৃপা করিয়া এবারে আর কোনো তপস্যারই প্রয়োজন রাখিব না। আমাকে যে স্থান করিবে অনায়াসে সে আমাকে পাইবে। এইরূপ শক্তিহীন দুর্বল বিশ্বাসের বল এতটা শুনিয়াই খসিয়া যায়। বিনা সাধনায় সিদ্ধির মত লোভীর পক্ষে লোভনীয় আর কি আছে!

লীলানন্দের রোমশক্তির বলে যাহা বলিয়া দিয়া থাকিতে পারে। তাহারা দু দিন তিন দিনের সাধনায় এক একজন কি যে হইয়া যায় তাহাতে আশ্চর্য লাগে। কেহ পলকে ঘরে বেসরি গুরু-ভগবান্‌কে দেখিতে পায় আর হাউ হাউ করিয়া কাঁদে, কেহ বহুদূরে থাকিয়া তাঁহার স্পর্শ পায়, কেহ ঘুমাইবে দিয়া তাঁহাকেই স্বপ্নের মধ্যে পায়। কেহ বাহিরাবে, কেহ সমাধিতে ইত্যাদি নানা ভাবে তাঁহাকে পাইতে থাকে। গুরু-ভগবানের আশ্চর্য বিভূতির পরিচয় পাইয়া লোকেরা অবাক্ হইয়া যায়। গুরু-ভগবানের আশ্চর্য কৃপায় তাহারা বেকলেরও ভিতর তাহারা আরো ঘোরাও রাজবন্দী শক্তি কেমন একটা বড়াচড়া করিতে থাকে।

ফলে, লীলানন্দের আসন পক্কিতে ভরিয়া যায়; লীলানন্দের চালিসাসে লীলাবতী যোগিতারা বিরাজ করেন। সকলেই জানাবিই: উঁহাদের পায়েই কতগুলি উঁহাদের-পারা বিরাজ করিয়া আছে বেকুবের মত, তখনো ঠাকুরের প্রেমলীলা দেখিয়া আহা-হা করে, তখনো কাঁদে। কেন যে আহা-হা করে, কেন যে কাঁদে তাহা যে জানে!

সাধারণ কোনো সামাজিক মানুষের আশে পাশে তাহার অজ্ঞাত আসবার দু-চারিটি লক্ষণ যদি আমরা দেখিতে পাই, তাহা হইলে আমাদের ঘর-বেষ্টের নানা রকম বিশ্লেষণের আর অন্ত থাকে না; আমাদের বৈঠকী মজলিসে আমাদের চোখে-মুখের ইঙ্গিতে এর কথাই আমরা বলিতে চাই, বলি। এই আমরাই যখন লীলানন্দের প্রভাবলীলা দেখি, তখন একিসে বিস্ময়ে অভিভূত হইয়া যাই। তাহার কারণ, লীলানন্দ যাহা করেন তাহা তো সাধারণ মানুষের কর্ম নহে; স্বয়ং ভগবান তাঁহাদের আধারে নামিয়া বিহার করেন। আমাদের মাত্র দুটি চক্ষু আপনার ইন্দ্রিয়শক্তির দিয়া তাঁহাদের রাসলীলাকে কতটা করিয়া দেখে? ইন্দ্রলীলা কি সহজ কথা নাকি!

লীলানন্দের কেহ আসার ওই ঘোর করিয়া সব-কথার মধ্যে। সকলের সম্মুখেই লীলানন্দ লীলাময়ীকে বুকে টানিয়া লন। আমরা অবাক্ দৃষ্টিতে চাহিয়া থাকি—আর দুই হাতকে পাশন করিতে করিতে ফুরাইয়া যাই এটা ঘোরের অধি ঈশ্বরের কথা, বেশের আহার কথা বেমন করিয়া ফোটে নাই। লীলানন্দের নিকট নানা দূর দেশ হইতে অগণিত ভক্তের ব্যাকুল পত্র আসে, তাহারা যে যেখানে বসিয়া বসিয়া এই ভগবানকে আপন আপন ভাবানুযায়ী পাইতেছে—তিনি যে তাহাদের নিকট মূলপরীরে বিরাজ করিতেছেন এরূপ তাহাকে লেখা যায়। গুরু-ভগবান্ এই সব পত্র তাঁহাদের ছাপ-দেওয়া বাসন্তী লেফাফে সকলকে, আর বড় বড় পণ্ডিতেরা মুগ্ধ হইয়া নিজ ভগবানের পায়ে লুটাইয়া পড়ে। তবে যারা ভগবান্‌কে এমন সহজে সেই দূর দেশেও পায় তাহারাই কেন যে আবার এত সহজে মরে, তাহার কথা জানিবার অবসর তাহাদের হয় না।

এই লীলানন্দ, প্রেমানন্দ, ভগবানন্দের এই আশ্চর্য কলার উৎপাতে বহু সংসার অকাল হইয়া গেল, সংসার-

যখন ছিল বলিয়া স্নেহ-মমতার সাথে লইয়া যাইতেছে তো আসা যায়। ঠাকুর মাথের সঙ্গে বলিয়া দিয়া নানা ছলের ছলকে কথা বলেন. আমরা ঠাকুরের কথা কি বুঝি! দেখিতে পাই, কথায় বলে পিত্যেসের ফল ফল দেহে বিজোস করিয়া যায়। চোখে-মুখে এক আশ্চর্য ভাবের খেলা। স্বামী স্ত্রীকে ঠাকুরের চরণে দান করিয়া বৈরাগী হইয়া যায়, স্ত্রীও স্বামীকে অনেক সময় চিনিতে পারে না। দুই লোকে বলে বিশ্বনাথের, উভয়ের মনে গুরুকরণ হইলে কি লাভের সম্ভাব আর তাহার ভালমন্দ থাকে! সব ভাসিয়া যায়!

আবার মাঝে মাঝে হাসপাতালে উচ্চাঙ্গ অবস্থায়, মুহূর্তাধারে অন্তরঙ্গতা কথা শুনিতে পাওয়া যায়। যারা শোনে, দুর্ভাগিনীদের কথা শুনিয়া শিহরিয়া ওঠে। কিন্তু সে-সব কথায় আমাদের ভুক্তি যেন টলে না, এই সব আনন্দময়ের লাবণী আমাদের অবসান ঘটে না, ভক্তিমতীদের আজও আসনারও শেষ হয় না।

কিছু পরিমাণ শাস্ত্র বাক্যের ভেজী, কিছু ব্যাখিত, কিছু বিশ্বনাথের, কিছু চালাকী, আর অবাস্তব ভোর-বিশ্বাসের ভরসাতে নিজের অসাধারণ শক্তির নানা ছলের বাহিনী বলিতে পারা, সেই সঙ্গে একখানি ছলা করিয়া চলার ভাব,—এই সব মিলাইয়া ভগবান্। আজকাল সমাজ এই ভগবানের পূজায় লাগিয়াছে।

পূজারত বাহিনীতে পাই গুরু একরূপ আর আর পাই তাঁহার আর এক রূপ। যোগা হইতে মানুষ যোগায় আসিয়াছে তার একখানি অভিনব আলেখ্য! মনুষ্যত্বের অধিষ্ঠাত্রী, অন্যায়ের বিচারক, অন্যায়ের ক্ষমাকারক, সমাজ ও সংসারের কল্যাণের জন্য উৎসর্গিত প্রাণ, এক একটী বিশ্বাসভক্তির মানুষ ছিলেন সমাজের গুরু। আর আজ বিলাসী, ভোগলোলুপ অবতার, কামের অভিনব পূজারী এই গুরু-ভগবান্। বিশ্বনাথের জন্য গুরু-যোগের কইয়া গাছের তর্ক উৎপাদন করে, পরমাচার্য আচার্যী ছিলেন এই নদীর যেখাইয়া মাঝিদাবকে আধার দিয়া চলা করে। সকলে এই ধারা হইতে সরিয়া পলাইয়াছে।

মানুষের সহজ বিচার-বুদ্ধিটা একেবারে মেটেলে হইয়া গেছে! পাছ-পাথরের পূজা করিতে করিতে বুদ্ধির এমন দুর্গতি হইবে না তো কি হইবে আর! মানুষকে ভগবান বলিতে ইহাদের বাধিবে কেন!

যারা সত্য নয় তাহাকে সত্য বলিয়া পূজা করিলে তাহার শাস্তি ভোগ করিতেই হয়। মানুষ যত বড়ই হোক, যত মহৎই হোক, যত বড় কল্যাণকারীই হোক, তাহাকে তো ভগবান্ বলিয়া চালানো সমীচীন নয়। কি জানি সমাজের কোন্ মহাপুরুষের খাতিরে এই অসত্যকেই আমরা স্থাপন করিলাম সর্বত্র। পুরি পরমগুরু হইলেন, পিতামাতা পরমগুরু হইলেন, তাহার উপর গুরুঠাকুর একেবারে সাক্ষাৎ ভগবান্ হইলেন। তাহাতেই কল আর ভোগ করিতেছি সর্বত্র।

মানুষের পূজা করিতে করিতে মনুষ্যত্বের লোপ পাইল আমাদের। পিতামাতার গুরুত্বের মহিমা এবং তাহার চাপ রহিল, কিন্তু পিতামাতাকে দেবতে উন্নীত করিবার সাধনা রহিল না; গুরু ঠাকুরের ভগবত্তার পরম-জারি চলিল সমানেই, কিন্তু গুরু আপনাকে মানবত-সত্তার তুলিয়া ধরিবার প্রয়োজন অনুভব করিলেন যেন!

যাই যাহাকে দেবতা বলিয়া, ঠাকুর বলিয়া পূজা করিতে লাগিলাম সে দিন দিনে ক্ষুদ্র ক্ষুদ্র পরমের নিজ সোপানে নামিয়া আসিতে লাগিল আর পূজারীরাও চলিল সেই সঙ্গে। তাই দেখে আজ দেবতাও নাই, মানুষও নাই, রহ্ পূজার বাঁটি যেমনি রহিল। এই গুরু পূজার মোহের কথা মনে পড়ে—আর আশ্চর্য হইয়া যাই। 'গুরুদেব' না বলিতে পারিলে যেন আমাদের শান্তিই আসে না মনে। তাই যাঁহার মধ্যে আমরা একটু কিছু বড় দেখিতে পাই তাঁহাকেই গুরুদেব বলিয়া না ডাকিতে পারিলে আমাদের সবটা ভক্তিই যেন ব্যর্থ হইল বলিয়া মনে করি। যে-সমাজে এই গুরু-ব্যবসার প্রতি কথায়ার

থাকা যাই, সেই সম্প্রদায়ের মধ্যেই দেখিতে পাই 'ভগবান' তৈরী হইয়া গেছে। আমাদের পুরাকালে ভগবান তৈরী হইয়াছে।

মানুষ সর্বদাই রহস্যের এবং বিরাটের সন্ধানী। আপনার অন্তরদেশকে সে মুক্ত করিয়া অসীম করিয়া উপলব্ধি করিতে চায়, তাই সে যেখানে তাহার প্রকাশ দেখে সেখানে আপনাকে নিবেদন করে। তাহারই নাম পূজা। কিন্তু পূজা আর পূজার যে এক বস্তু নয়। সে যাই হোক, আমাদের দেশে কেন, মানব সমাজে সব দেশেই কোনো না কোনো ভাবে এই সন্ধান এক বিচিত্র রূপ ধরিয়া বসে আর তাহাতেই মানুষের পতন হয়। আদর্শকে বাস্তবের মধ্যে টানিয়া ধরিবার প্রয়াস মানুষকে একদিন মিথ্যার দাস্যে টানিয়া লইয়া আসে।

মানুষের মধ্যে কল্যাণ দেবতার ভাবও জোতিঃ ফুটিয়া উঠে। পিতা কোথাও পরম দেবতারি, মাতা কোথাও মহীয়সী দেবী, রাজা কোথাও মহামহিমান্বিত, প্রভাব সর্বজনমান্যকারী, পতি কোথাও আদর্শ পুরুষ, গুরু কোথাও মহাপুরীতে মহান্—এমনি কে অস্বীকার করিবে! কিন্তু ইহার সঙ্গে যে-শাস্ত্রকার জোর গলায় করিলেন যে পতিমাত্রই পরম দেবতা, পিতামাত্রই সাক্ষাৎ হর-গৌরী, রাজামাত্রই স্বয়ং বিষ্ণু আর গুরুমাত্রই একেবারে ভগবান-যোনমন্ত্রী, অজ্ঞানান্ধকার নাশন ভগবান্, সেই শাস্ত্রকারকে মিথ্যাবাদী ছাড়া আর কি বলিতে পারি। জনসাধারণকে মুগ্ধ করিয়া তাহাকে নানাভাবে শাসনে রাখিবার বিচিত্র ব্যবস্থা হয়ত ইহার মধ্যে ছিল কিন্তু সত্য সেদিন ধর্ষিত হইল। মানুষের সঙ্গে মানুষের যেখানে সত্য সম্বন্ধ তাহা সেদিন মিথ্যা আদর্শের জোরে আচ্ছন্ন হইল। সেদিন হইতে মানুষের সত্য ব্যক্তিত্বের বিকাশ বিঘ্নিত হইল; কারণ, মানুষের কাছে মানুষ মানুষ হইতে পারে না।

যাহা বৃহৎ তাহার পূজা করিয়া, তাহার জন্য সাধনা করিয়াই মানুষ বড় হইয়া থাকে। পাথরকে ভগবান্ বলিলেই ভগবান্ পাথর হইয়া যায় না, এই সোজা সত্যটা এতদিনেও বর্ণপোচর হইল না আমাদের। ভগবান্‌কে মানুষ করিলে মানুষ ভগবান্ হয় না এটা কত আমাদের বুঝিতে বাকী রহে! তাহে আবার ভক্ত দিয়া চলিবার ভগবান্ চাই, অথচ মানুষকে ভগবান্ না করিলে ভগবান্ এখন কথায় কথায় কোথায় পাওয়া যায়!

আমাদের এই গুরুর কথা কাটিবে কেমন করিয়া তাহাই ভাবি! দেশে দেশে এই গুরুবাদকে বাদ দিয়া চলিতে আরম্ভ করিল মানুষ, আর আমাদের দেশে গ্রামে গ্রামে সহরে সহরে বজ্জাতরাজ আর পূর্ণাবতারের সংখ্যা কেবলি বাড়িয়া চলিল! সমস্বরে স্বাধীনতা এবং সমষ্টিগত স্বতন্ত্রতার বাণী প্রচারিত হইতেছে আর আমাদের ঘরে ঘরে কেবলি পরতন্ত্রতার জোড় আওয়াজ চলিতেছে!...

একটা জাতিকে-জাতি যদি অত্যন্ত দুর্বল এবং জীবনীশক্তিহীন না হইয়া পড়ে, তখনো গুরুবাদ এমন প্রবল হইতে পারে না। একদল ভণ্ডের প্রভাব কখনো এতখানি বাড়িতে পারে না। মানুষ মাটিতে ভর দিয়া বাঁচে না, তাহার সত্যকার শক্তি তাহার নিজের পায়ে, এই কথাটি এমন করিয়া মানুষ ভুলিতেই পারে না, যদি না তাহার শক্তি একেবারেই ক্ষীণ হইয়া পড়ে। এই আত্মহীন অবসন্নতাগ্রস্ত জাতি কি করিলে শক্তির পথ পা দিবে তাহা যে জানে!—ইতি শ্রীগুরু!

বৈষম্য

উপন্যাস

শ্রীসুরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়—ভাগলপুর

মানুষের জীবনের খুব অল্প অংশই তাহার জ্ঞানের অধিগম্য; বাকি অনেকখানি বুদ্ধির অগোচরে থাকিয়া যায়—রহস্যময়! বোধ করি, ইহাতেই বিধাতা অদৃষ্ট করিয়া থাকেন।

অ-দৃষ্ট কথাটির অর্থ কিন্তু সহজ: পরম মূল-মূলাধারের সৃষ্টীসূত্র সংসারের পর্যন্ত-তন্তুর ছবের অন্তরালে নিহিত থাকিয়া ইহা জন্মে মানুষের মনে, একটি অনির্বচনীয় নিগূঢ় অর্থ-সম্পদ্ দান করিয়াছে। মানুষের নিজস্ব, জন্মের পূর্বেই যা কি ছিল এবং মৃত্যুর পরেই যা কি হইবে চিরদিনই অবিজ্ঞাত থাকিয়া গেল!

দার্শনিকগণ কালে-কালে বহু তত্ত্ব আলোচনা করিয়া ইহাই নানা রস-সম্ভোগ করিয়া চুকিয়াছেন: কিন্তু তবে,—'তুমি যে তিমিরে—তুমি সে তিমিরে!'

বর্তমানে শুধু এই কথাটুকু বলিয়া রাখা যাইবে,—মানুষের ভাষা-কবির জ্ঞান-সাম্রাজ্যের মধ্যে অদৃষ্ট-দেবী তাঁহার চির-রহস্যের ঘূর্ণ যবনিকা বিস্তার করিয়া নির্বাক দাক্ষিণ্যে বসিয়া আছেন! সেখানে মানুষের সকল চেষ্টা ব্যর্থ-প্রতিহত; বুদ্ধি নত-মস্তকে মৌন হইয়া দাঁড়াইয়া! এবং চিত্ত ঘর বিদায় দুই হস্তে তুলিয়া নতি করিয়া বলে:—

হে অগোচর,

যিনি বলেন, আমি তোমাকে জানিতে পারি নাই, তিনি তোমাকে জানিয়াছেন। আর যিনি বলেন, আমি তোমাকে জানিয়াছি, তিনি তোমাকে জানেন না!

তুমি সত্যস্বরূপী বিজ্ঞানের নিকট অবিজ্ঞাত এবং অসত্যস্বরূপী অবিজ্ঞানের নিকট বিজ্ঞাত!

* *

ইয়াম্ রামলাল মুখোপাধ্যায় কি কারণে অবস্থাপন্ন, মূল-মর্মে পরীয়ান্ দুইটি কালে তাহাতে বঞ্চিত করিয়াছিল তাহা রামলাল জানে না, তাহার পিতা-মাতারও জানা ছিল না এবং এই বিষয়ে অন্য-কেহও যে কিছু বলিতে পারে, এমনও মনে হয় না।

কালাপাহাড় ঘরে চাঁচা ঘোর পাকিয়ে গর্জন ক'রে বললে,—"খবর্দার! তুমি এখানে চাঁ-চোঁ করলে এখনি গলা টিপে খতম করব!— ভালো চাও তো এখান থেকে যাদে যাদে স'রে পড়, বুঝলে যাদু? ও চাঁদ মুখ থেকে আমি খুলব না!"

ক্রোধে অপমানে আনন্দের কপালের উপরে শিরা ফুটে উঠল! দুই হাত মুষ্টিবদ্ধ ক'রে সে তক্তাপোষের উপর থেকে নীচে নেমে দাঁড়াল, কিন্তু তখনি উষা তার জামাটা নিয়ে এগিয়ে-এসে তার হাতে দিয়ে বললে,—"আপনার পায়ে পড়ি, এখনি চ'লে যান!"

তার ভীত-ব্যাকুল মুখের ভাব দেখে আনন্দ রোষ বহুকষ্টে নিজেকে সাম্‌লে নিয়ে, তাড়াতাড়ি নিজের জামাটা গায়ে প'রে ফেললে। তারপর রোষবিকৃত মুখ তুলিয়ে ঘরের ভিতর থেকে বেরিয়ে গেল। আস্তে আস্তে গুনতে গেলে, তার পিছনে কালাপাহাড়ের হাসির আওয়াজ!.....

পথের উপরে চলতে চলতে সিগারেটের 'কেসটা বার করবার জন্যে আনন্দ পকেটের ভিতরে হাত দিলে। কিন্তু সিগারেটের 'কেসে'র সঙ্গে আর একটা জিনিস তার হাতে ঠেকতেই সে চমকে সেটাকে টেনে বার করলে।

সে হচ্ছে তার সোনার ঘড়িটা যা কাল রাত্রে, —যখন আনন্দের সঙ্গে উষা নিজে ঘড়িটা লুকিয়ে তার পকেটের ভিতরে রেখে দিয়েছিল!

—ক্রমশ

লাইব্রেরীর উপকারিতা বৃদ্ধির উপায়

লাইব্রেরীর ব্যবস্থার ভার যদি কোন উপযুক্ত অথচ যা শিক্ষিত কর্মচারীদের উপর অর্পিত না হয়, তাহলে সাধারণ লোকে এগুলির সম্পূর্ণ সুবিধা গ্রহণ করতে পারবে না। শিক্ষা-বিস্তারের সহিত লাইব্রেরীগুলির আয়তন ও পাঠকের সংখ্যা বেড়েছে ও সেই কারণে কর্মচারীদের কাজও বেড়েছে। কিন্তু সেই অনুপাতে অর্থাৎ যা কর্মচারীদের বেতনের হার বাড়ে নি। সেই জন্য আমেরিকার লাইব্রেরীর সুযোগ্য অধ্যক্ষের অভাব অনুভব হচ্ছে।

লাইব্রেরীর বইগুলিতে যে জ্ঞানভাণ্ডার সঞ্চিত আছে, সাধারণ লোকে যদি অল্পায়াসে সেগুলি না পায়, তাহলে লাইব্রেরী স্থাপনের উদ্দেশ্য ব্যর্থ হয়ে যায়। লাইব্রেরীর আয়তন থেকে তাতায় পাঠকেরা যে সব বই পড়তে চায়, কর্মচারীরা সবগুলি আর সেগুলি দিতে পারেন না, অনেক সময়ে পাঠককে নিরাশ হয়ে ফিরে যেতে হয়।

এই সব অসুবিধা দূর করবার জন্য New York এর Carnegie Corporation ৩০ লক্ষ ডলার (১ডলার=৩।০ টাকা) দান করেছেন। এই লক্ষ ডলারের আয় থেকে কোন একটি বিদ্যালয় বিশ্ববিদ্যালয়ে লাইব্রেরীর অধ্যক্ষ তৈরী করবার জন্য একটি বছর বিদ্যালয় খোলা হবে। অপর এক লক্ষ ডলারের আয় থেকে অন্যত্র স্থানে কয়েকটি লাইব্রেরী স্থাপিত হবে। অবশিষ্ট টাকার আয় থেকে একটি লাইব্রেরী এসোসিয়েশন্ গঠিত হবে ও তার কার্য্য নির্ব্বাহ হবে।

(Scientific American)

ভারতবর্ষ ও জাপান

প্রায় ১৪০ বৎসর ধরে ভারতবর্ষ ইংরেজের শাসনাধীন হয়েছে। প্রাচীনকালেও ভারতবর্ষ এসিয়া ইউরোপ ও আফ্রিকার অধিবাসীদের কাছে সুপরিচিত ছিল। ভারতবর্ষের খ্যাতি শুনেই আলেকজাণ্ডার এই দেশ জয় করতে যাত্রা করেছিলেন। যীশুখ্রীষ্টের ৩০০ শত বৎসর পূর্ব্বে ভারতবর্ষের বৌদ্ধধর্ম্মের প্রভাব বৌদ্ধ সন্ন্যাসী ও প্রচারকেরা সমস্ত এসিয়া ও ইউরোপের প্রায় পর্য্যন্ত বিস্তৃত করেছিলেন। রোমানেরা ভারতবর্ষের সঙ্গে বেশ পরিচিত ছিল। ভারতবর্ষ থেকে বহুমূল্য প্রস্তর, সিল্ক ও অন্যান্য পণ্যদ্রব্য রোমে পাঠান হ'তো। ভারতবর্ষের সহিত ব্যবসা বাণিজ্য ভেনিস্, জেনোয়া ও তুরস্ক সাম্রাজ্যের উপকূলস্থিত অন্যান্য নগরগুলি সমৃদ্ধিশালী করেছিল। প্রায় দু-হাজার বৎসর পূর্ব্বেও ভারতবর্ষ ও তুরস্ক সাম্রাজ্যের মধ্যে অবস্থিত নগরগুলির মধ্যে বাণিজ্য সম্বন্ধ ছিল। স্থলপথে ভারতবর্ষের সহিত ব্যবসায়ে নানা প্রকার অসুবিধা হতো, তাই বহুদিন থেকেই ইউরোপের উদ্যমশীল ও সাহসী অধিবাসীরা জলপথে ভারতবর্ষে আসবার নূতন আবিষ্কার করতে চেষ্টা করছিলেন। এই উদ্দেশ্যে কলম্বস্ স্পেন থেকে আটলান্টিক মহাসাগরে পাড়ি দিয়েছিলেন। ভারতবর্ষে তিনি আসতে পারেন নি, কিন্তু আমেরিকা আবিষ্কার করেছিলেন। পর্ত্তুগীজ নাবিক Vasco Da Gama সর্ব্বপ্রথমে জলপথে ভারতবর্ষে আসেন। এই পথ আবিষ্কার হবার পর ইউরোপের প্রধান জাতিগুলি,—ইংরাজ, ফরাসী, ডচ্ প্রভৃতি,

ভারতবর্ষের সঙ্গে তাঁদের ব্যবসা বৃদ্ধির চেষ্টা করতে আরম্ভ করেন। অষ্টাদশের মধ্যভাগে ইংরাজ, ফরাসী, ও ওলন্দাজ এই তিনজন ব্যবসায়ীর মধ্যে বাণিজ্যের প্রতিযোগিতা হয়। এই প্রতিযোগিতার ফলে ফরাসী ও ওলন্দাজ পরাজিত হয় ও ইংরেজই এই ব্যবসায়ে প্রথম স্থান অধিকার করে। তার পর কি ভাবে বণিকের ব্যবসা থেকে রাজত্বে পরিণত হয়, ইতিহাসপাঠিকা পাঠকমাত্রেই তা অবগত আছেন, এখানে তার উল্লেখের প্রয়োজন নেই।

ভারতবর্ষের সহিত তুলনায় জাপান একটি ক্ষুদ্র দেশ। আয়তনে জাপান ভারতবর্ষের সাত ভাগের এক ভাগ মাত্র। জাপানের লোক-সংখ্যা ভারতবর্ষের লোক সংখ্যার এক পঞ্চমাংশ। জাপান এশিয়ার পূর্ব-প্রান্তে কয়েকটি দ্বীপের সমষ্টিমাত্র। এশিয়া মহাদেশের সঙ্গে তার কোন যোগ নেই। ভারতবর্ষ এশিয়ার মধ্যস্থলে অবস্থিত। ভারতবর্ষের মত জাপানের প্রাচীন ইতিহাস নেই। ৭০ বৎসর পূর্ব পর্যন্ত বাহিরের জগতে। সঙ্গে জাপানের কোন পরিচয় ছিল না। এই সময় আমেরিকার Commodore Perry বলপূর্বক জাপানে প্রবেশ করেন ও বাহিরের জগতের জন্য জাপানের দ্বার উন্মুক্ত হয়। জাপানের প্রধান ধর্ম, বৌদ্ধধর্ম ভারতবর্ষ থেকে এসেছে। তার শিল্প ও কলার জন্য জাপান চীনের কাছে ঋণী। কিছুকাল পূর্বপর্যন্ত ভারতবাসীদের মত জাপানীরাও একটি প্রবল জাতি ছিল। তাদের বৈদেশিক বাণিজ্য প্রসার লাভ করেনি। ইংরেজের অধীন হবার পূর্বে ভারতবর্ষ একটি সমৃদ্ধ দেশ ছিল। জাপান কিন্তু সে সময় ছিল না।

অল্প সময়ের মধ্যে—মাত্র ৫০ বছরে—জাপানের আশ্চর্য পরিবর্তন হয়েছে। জাপান আজ এশিয়ার সর্ব-প্রধান ও জগতের অন্যতম ঐশ্বর্যশালী জাতির অন্যতম হ'য়ে দাঁড়িয়েছে। ভারতবর্ষের অবস্থা কিন্তু বিপরীত। দু-হাজার বৎসর পর্যন্ত ভারতবর্ষ এশিয়ার প্রধান দেশ ছিল। আজ কিন্তু ভারতবাসীরা জগতের একটি নিম্নস্তরের জাতিতে পরিণত হয়েছে।

ভারতবর্ষ ও জাপানের ইতিহাস আলোচনা করলেই কি কারণে যে এই দুই দেশের অবস্থার এত প্রভেদ হয়েছে বেশ বোঝা যায়। ভারতবর্ষ প্রায় ৭০০ বছর একটি বিদেশী জাতির অধীনে এসেছে। জাপান তার স্বাধীনতা হারায় নি। স্বাধীন ছিল বলেই অল্প সময়ের মধ্যে জাপান এরকম অসাধারণ উন্নতি করতে সমর্থ হয়েছে।

বর্তমান সময়ে সকলেই একবাক্যে স্বীকার করেন যে, দুনিয়ার অন্যান্য কোন জাতিই উন্নতি করতে পারে না। জাতির উন্নতি অবনতি শিক্ষার উপরেই নির্ভর করে। জাপান ও ভারতবর্ষের শিক্ষা ব্যবস্থা আলোচনা করলেই আমাদের অবনতির কারণ বোঝা যাবে।

বাহিরের জগতের সহিত যে দিন জাপানের যোগসূত্র স্থাপিত হ'লো সেইদিনই জাপান সর্বপ্রথমে জাপানী নর-নারীর মধ্যে সার্বজনীন শিক্ষার প্রয়োজন উপলব্ধি করলেন। ১৮৭২ খৃঃ অব্দে শিক্ষার জন্য একটি নতুন আইন পাশ হয়। "Education is essential for all persons, and whereas in the past learning has been looked upon as a means of securing official position, henceforth the whole population of the country, regardless of classes, must be educated, so that no village shall contain a person devoid of learning nor any house contain an illiterate inmate."

এই আইন পাশ হবার পরেই প্রাথমিক ও উচ্চ শ্রেণীর স্কুল, কলেজ ও বিশ্ব-বিদ্যালয় জাপানের নানা স্থানে স্থাপিত হয়। কৃষি, শিল্প ও টেক্‌নিকাল শিক্ষারও বিশেষ ব্যবস্থা করা হয়। এ ছাড়া ইউরোপ ও আমেরিকার বড় বড় কলেজ ও বিশ্ব-বিদ্যালয়, কৃষি, শিল্প ও টেক্‌নিকাল প্রতিষ্ঠানগুলিতে দলে দলে জাপানের মেধাবী ছাত্রেরা নানা রকম শিক্ষা লাভ করবার জন্য সরকারের সাহায্যে যেতে আরম্ভ করে। সেখান থেকে শিক্ষা সমাপ্ত হবার পর তারা দেশে ফিরে এসে দেশবাসীদের নানা বিষয়ে শিক্ষা দান করতে আরম্ভ করে।

বহু পূর্বে জাপান শিল্পক্ষেত্রে ভারতবর্ষের চেয়ে কোন অংশে উন্নত ছিল না। বৈদেশিক বাণিজ্যের প্রতিও তাদের বিশেষ টান ছিল না। জাপানীরা যে সময় নানা দেশীয়ে বিব্রত ছিল। শতকরা ৮৫ জন অধিবাসী কৃষিজীবী ছিল। কয়েকজন শোগুন যে নিজ স্বার্থসিদ্ধির জন্য জাপানে প্রবেশ করলেন, সেই বিদেশী ভাবের আবহাওয়ায় উন্নতি লাভ করলো। জাপান সরকার জাপানকে এশিয়ার সর্বপ্রধান জাতিতে পরিণত করতে সংকল্প করলেন ও তাদের উদ্দেশ্য সিদ্ধির জন্য এই উপায়গুলি অবলম্বন করলেন।

(১) আপামর জন-সাধারণের শিক্ষার ব্যবস্থা। (২) দেশের শিল্পোন্নতির জন্য সরকারী সাহায্য প্রদান। (৩) বৈদেশিক বাণিজ্য ও নৌ-শিল্পের শ্রীবৃদ্ধির জন্য সরকারী সাহায্য। (৪) প্রথম থেকেই জাপানের ঘর-বৃদ্ধির চেষ্টা।

জাপানের বিগত ৮০ বছরের ইতিহাস আলোচনা করলে মনে হয় যে, স্বাধীন জাতি হ'লে আমরাও এই সময়ের মধ্যে জাপানের মত উন্নতি করতে পারতুম। আমরা তা যে পারি নাই এর বিশেষ আমাদের অবস্থার পরিবর্তন হয় নি।

(Modern Review)

এলেন কেই

গত এপ্রিল মাসে, তাঁর স্বইডেনের বাসভবনে, নারী-অধিকারবাদের অগ্রদূত, শ্রীমতী এলেন কেই পরলোকে গমন করেছেন। তাঁর মৃত্যুতে সমস্ত জগৎ ক্ষতিগ্রস্ত হয়েছে। তাঁর দীর্ঘ জীবনে (১৮৪৯—১৯২৬) নারীদের অবস্থার যত পরিবর্তন হয়েছে, পৃথিবীর অন্য কোন সময়ে এত পরিবর্তন হয় নি। নারীর অধিকার প্রতিষ্ঠার জন্য তিনি যেমন মন গঠন করেন নি, তা তেমন মনের মেরুদণ্ড গ্রহণ করেন নি। এই জন্য তাঁকে এই প্রচেষ্টার মেয়াদ আগে থেকে কোন ক্রমে অন্ত হতে হয় নি। বিশ শতাব্দীর প্রথম ভাগে নারীরা যখন ভোট, ব্যবসা, শিক্ষা ও শিল্প-ক্ষেত্রে পুরুষের সমান অধিকার ও তাদের জীবন স্বাধীনভাবে, বিয়ের উদ্দেশ্যে নিয়ন্ত্রিত করবার জন্য সংগ্রাম আরম্ভ করেন, এলেন কেই তখন এই আন্দোলনে যোগদান করেন নি। তিনি এর বিরুদ্ধে মত প্রকাশ করেছিলেন—সমস্ত জীবনের বিশ্বাসের ফলে হয়েছিলেন। আবার নারী-আন্দোলনে আরম্ভ করেছিলেন বলে তাঁর সমসাময়িকেরাও তাঁকে বিশেষ শ্রদ্ধির চক্ষে দেখতেন না। এই সব অধিকার যখন নারীরা লাভের তখন বহু লোক বুঝতে যে, রাষ্ট্রের অধিকারই নারীর চরম ও শেষ অধিকার। এলেন কেই যে সব কথার বাণী প্রচার করেছিলেন, তার সমসাময়িকদের কাছে তা অভিনব না হলেও অবশ্যই। নারী-অধিকার প্রসঙ্গে নতুন শব্দও আবিষ্কার করেছিলেন ও বহু বছর থেকে স্ত্রীজাতির সম্বন্ধে অনুসরে যে ধারণা চলে আসছে সেগুলি তাঁরা যাচাই করে দেখতে আরম্ভ করেছিলেন। ১৯০০ খৃঃ অব্দে তাঁর লেখা বই "Century of the Child" বা "শিশুর শতাব্দী" প্রকাশিত হয় ও এটি নব যুগের সূচনা করে। তিনি প্রচার করে গেছেন যে, প্রত্যেক নারীরই কি সন্তানের জননী হবেন কি না তা স্থির করবার অধিকার আছে। জন্ম-নিরোধ প্রথা অবলম্বন না করলে তাঁর আদর্শ কার্যে পরিণত হবার কোন সম্ভাবনা নেই। এলেন কেই কিন্তু জন্ম-নিরোধের প্রয়োজনীয়তা সম্পূর্ণ ভাবে উপলব্ধি করেন নি। নারীদের চরম বিশ্বাস যে মাতৃত্বে এই সত্যটি তিনি বিশ্বাস করতেন। নারী যদি অন্য ভাবে সব বিষয়ে পুরুষের অনুকরণ করেন, তা হলে তাঁর জীবন সার্থক হবে না। এলেন কেইয়ের শিক্ষার সার-মর্ম এই যে, নারীকে তাঁর নিজস্বের নারীত্ব ও মাতৃত্ব ফুটিয়ে তুলতে হবে। অন্যকে যদি শিক্ষা কালোপযোগী করে তুলতে হয় তা হলে শিক্ষা, শিল্প ও রাষ্ট্রীয় জগতে পুরুষের আদর্শের অনুকরণ করা নারীর পক্ষে সমীচীন হবে না। পুরুষ যে জগৎ সৃষ্টি করেছে, তাতে শিশুর স্থান নেই। শিশুর জন্য নারীকে এমন নতুন জগৎ সৃষ্টি করতে হবে। মাতৃত্বের পূর্ণ বিকাশ হলেই তিনি এ কার্যে সফল হবেন।

(The Birth Control Review. America)

শ্রীবাসবীকান্ত মুখোপাধ্যায়—লক্ষ্ণৌ

ভুঁইচাপা

শ্রীযতীন্দ্রমোহন বাগ্‌চী—কলিকাতা

ভুঁইচাপা তুই ভুঁয়ে ফুটে' মুদিয়ে থাকিস্ চুপে—
চোখে রেখে' চির আষাঢ় বাথার পরে ছুপে।
নীল আকাশের আলোর পরশ
নীল চোখে তোর দেয় না হরষ—
মাটির কোলের মায়া তবু আঁচল চোখে তুপে।

স্বর্ণ-চাঁপা বাতাস্ যদি ঈষৎ আবীর পায়ে,
ধরার ধরা এড়িয়ে চরণ যদি যায় সে ধেয়ে,
তখন চোখে জল মাখে
সরম ভিজায় বিরস প্রাণে,
যত্নে হাতে আনায় টানি চাঁদের কনে যারে।

তুই রেখা যাস্ ভুঁয়ে ব'য়ে মৃত্তিকা মা'র বুকে,
মায়ের স্নেহ রসের ধারা লেগেই থাকুক্ মুখে।
আমি যখন পথের মোড়
আমি যখন সবার পিছে
থাকুক্ সে তোর আসনখানি সজল-হরষ বুকে।

"গুরুর দশা"র প্রতিবাদ *

শ্রী——বাণী

১

কোনও বিষয়ের সমালোচনা করিবার পূর্ব্বে সে বিষয়টা কি তাহা জ্ঞান করিয়া জানিতে হয়। আলোচ্য বিষয় সম্বন্ধে যাহার জ্ঞান যত বেশী সমালোচনাও তাহার তত ঠিক হইবার সম্ভাবনা। বিশেষতঃ, যে সব বিষয় পারিবারিক জগতে আবহমান কাল হইতে পরম্পরায় পরম্পরায় বহিয়া চলিয়া আসিতেছে, এবং যাহার সম্বন্ধে পৃথিবীর ছেলেমেয়ে একটী ধারণা লইয়া রহে—সকল ছেলেই মাতৃভাষার অবধি নাই, সেই সকল বিষয়ে কিছু বলিবার পূর্ব্বে প্রাথমিক তথ্য সংগ্রহ না করিয়া যা-তা একেবারে উপেক্ষা করিয়া শুধু নিজের অনোভাবের কতকগুলি লক্ষণ তাহার ঘাড়ে চাপাইয়া যারা মনে আসিল তাই বলিয়া আক্রমণ করাকে কি নাম দিয়া তাহা বলা কঠিন।

যাবতীয় তথ্য সংগ্রহ করিয়া তাহার পর সমালোচনা করিতে হইলে অত্যন্ত পরিশ্রমের আবশ্যক হয়। কাজে-কাজেই সাধারণে এতটা পারিয়া উঠেন না, এবং সেজন্যই তাঁহাদের চলনার মূল্য নাই। কিন্তু যাহারা সদা সর্ব্বাই চিন্তাশীল এবং যাঁহাদের লিখিবার পটুত্ব আছে তাঁহারাও যদি এই নিয়ম পথ অবলম্বন করিয়া নিজের লিপি-কুশলতার সাহায্যে যা-তা লিখিতে আরম্ভ করেন তাহা হইলে তাহা সাহিত্যিক দুঃখের কথা হইয়া পড়ে।

২

ঠিক ইহারই একটী নিদর্শন উদাহরণ গত সংখ্যা 'উষা'র "গুরুর দশা" নামক প্রবন্ধটীর মধ্যে পাওয়া যায়।

প্রবন্ধটী পড়িলেই মনে হয় যে লেখকের মনে এক সময় একটা ভাব জাগিল যে অমুক বিষয়টী আমাদের

---

* এই প্রবন্ধটি লেখক উষাকে উদ্দেশ্যেই এক আকারে লিখিয়া 'গুরুর দশা' পাঠান—তাহার ইংরেজির দিকের অংশ ও লেখক নাই। তাহাতে যেন কেহ ভুল বুঝিয়াছেন এমন সম্ভাবনাই অধিকতর তাহাদেরই অধিকতর। আমরা বিষয় একটু উপেক্ষা করিয়া এখানেই আমরা ক্ষান্ত হইলাম। উঃ সঃ

সংস্কারের কথা বা আমাদের culture-এর কথা আছে বলিয়াই আমাদের এত অহংকার। সে কিনিসটির স্বরূপ কি এবং তাহা আছে কি ভাবে প্রশ্ন করিবারও যেন আবশ্যক হইল না। আবশ্যক হইল শুধু ইহার সম্বন্ধে নিজের ধারণা, এবং তাহাকে support করিবার জন্য কতকগুলি distorted facts, এবং কতকগুলি even fact মাত্রের অস্তিত্ব লেখকের মস্তিষ্ক ছাড়া অন্যত্র কোথাও নাই। এই সব উপাদান তথ্য সংগ্রহের পর বক্তৃতা উপাদের বিচার চলিল এবং একতরফা ডিক্রীও হইয়া গেল।

৩

লেখক বলিয়াছেন যে, শিশুকাল হইতেই আমাদের ধারণীয় বিষয় যাবতীয় কৌতূহলের বিরুদ্ধে "অভিভাবক প্রহরীর দল···সদা আগলিয়া দাঁড়াইয়া থাকে" ও আমাদের মনে প্রাণে "পরনির্ভর" করিয়া তোলে। বস্তু হইলেও স্বীকার আমরা "যে কাহারও উপর নির্ভর না করিয়া নির্বাচনার দিন কাটাইতে পারি না" এবং "যে কোনও ব্যক্তিকে একেবারে চলমান্ যন্ত্র করিবার অপরূপ ধারণা উদ্ভাবন করিয়া" বসি। লেখকের মতে ইহাই শুরু।

লেখকের মতে শুরুর লক্ষণ কি কি :—

১। যাহারা খুব বড় "হিপক্রীট"।

২। "তাকু লাগাইয়া দিতে" যাহারা অসম্ভব মজবুত।

৩। যাহাদের মাথা "কৃপা করিয়া চলার ভাব" পুরা মাত্রায় বর্তমানে

৪। যাহারা "অন্যান্য জোর বিশ্বাসের জমীতে নিজের অসাধারণ শক্তির নানা রকম কাহিনী বলিতে পারেন।" ইত্যাদি।

লেখকের কথায় শুরু কি উপদেশ দেন :—

১। "বৎসের চক্ষু বুজিয়া আমার পায়ে মাথা লুটাইয়া পড়িয়া থাক তোমার সব বোঝা আমার!"

২। "আপনাকে জড় বলিয়া জান···ও আত্মশক্তিকে বর্জন করিলেই সিদ্ধিলাভ হইবে।"

৩। এ সম্বন্ধে "কোনও রকমের লাভ করিবার কি করিবার বাসনাকে!···একপ করিলে মৃত্যু-অন্তে তোমার অন্তর স্বর্গ উঠিল বলা থাকিবে।" ইত্যাদি। *

ইহাই হইল লেখকের শুরু-তত্ত্বের সারাংশ।

৪

শুরুতত্ত্ব সম্বন্ধে যাহার ধারণা এইরূপ বিধি যে ইহার বিষয় আলোচনার ব্যাপারে আশ্চর্যের কিছুই নাই। কিন্তু আশ্চর্যের বিষয় তিনি এই সব অভিমত তথ্য কোথা হইতে সংগ্রহ করিলেন।

শুরুবাদ শুধু আমাদের দেশে নয়, পৃথিবীর কোন না কোন অঞ্চলে দেখিতে পাওয়া যায়। সংস্কৃত সাহিত্যের কথা ছাড়িয়া দিলেও ইংরাজিতে ও ইউরোপের অন্যান্য সকল ভাষাতেও এ সম্বন্ধে আলোচনা কম হয় নাই। বাংলা ভাষার ইহার অপ্রতুল নাই। লেখক দেখাইয়া দিতে পারেন কি তোমার কোন্ দেশে কোন্ সম্প্রদায় এই সব উপদেশ দিয়াছেন? বাংলা দেশে দুইটি মহাপুরুষ সম্বন্ধে বিস্তর কথা আছে—একজন খ্রীষ্ট বাবরক্ত সবরহস্য ও অন্যজন খ্রীষ্ট বিরোধক মোহান্ত। ইহাদের উপদেশাবলীর মধ্যে কোথাও কি মানুষের জন্য বলিবার কথা আছে?

৫

কেহ শিখাইয়া না দিলে আমরা কোনও নূতন কিছু শিখিতে পারি না ইহা একটি অবিসম্বাদী সত্য। শিখিতে গেলেই আমাদের কাহারও না কাহারও নিকট সাহায্য গ্রহণ করিতে হয়-ই। এখন প্রশ্ন হইল বিদ্যা সম্বন্ধে এই কথাটা যদি তখন প্রযোজ্য—যাহা সকল বিদ্যার শ্রেষ্ঠ বিদ্যা তাহার সম্বন্ধে এ নিয়ম খাটিবে না কেন? শুরু-কৃপা ব্যতিরেকে ইহার অনুশীলন অসম্ভব। এখন যদি নিজ শুরুর উপদেশ-মত না চলিয়া নিজের খেয়ালমত পথে চলে তবে তাহার কতদূর উন্নতি হইবে বলাই বাহুল্য। যে শিখাইবে তাহার যে সে বিদ্যার অধিকার আছে এখানে তাহা ধরিয়া লওয়া হইতেছে।

৬

ব্যক্তিস্বতন্ত্রতার অর্থ হইতেছে নিজেকে সবের পূর্ণতা হইতে মুক্ত রাখা। ইহাই চরমে (in the limit) গিয়া যাহা দাঁড়ায় তাহাকে নাম পূর্ণ-অবস্থা বা মুক্তি। লেখক যাহাকে "আপনার অন্তরলক্ষ্মীকে মুখর করিয়া অসীম করিয়া উপলব্ধির" কথা বলিয়াছেন বস্তুতঃ ইহা তাহা হইতে ভিন্ন নহে। তবেই এই চরম বা পরম ব্যক্তিস্বাতন্ত্র্য লাভ করিবার পথ-প্রদর্শক। ব্যক্তিস্বাতন্ত্র্য যতক্ষণ এই অবস্থা প্রাপ্ত না হয় ততক্ষণ তাহার নাম স্বেচ্ছাচার। স্ব-তন্ত্র হইবার ইচ্ছা যাহাদের মূলধন,—ইহার উপলব্ধি হয় শুরুর উপদেশ অনুসারে চলিলে পর—স্বেচ্ছাচারিতার পথে নহে। কামনা বা বাসনার দাস হওয়া যতই হেয় হয়।

---

* লেখক যে style-এ বিষয়টির আলোচনা করিয়াছেন তাহা সত্যই অপূর্ব। এমনই সুর যে বিষয়ের সারাংশ (যদি কিছু থাকে বা থেকে) কি এরূপ তথ্যের করিতে হয়! এইরূপ আলোচনার ফলে করিয়া বিষয়টির পরিচয় দেওয়া যায়।

অতএব আমরা দেখিলাম যে, ব্যক্তিস্বাতন্ত্র্যবাদ ও গুরু-বাদ উভয়ের মূল উদ্দেশ্য একই। গুরু-বাদের দ্বারা আমরা আমাদের ঈপ্সিত বস্তু লাভ করি। তথাকথিত ব্যক্তিস্বতন্ত্রবাদ পথে আমরা আমাদের কামনা-বাসনার পথেই ঘুরিতে থাকি। এইখানেই এই উভয় পন্থার বিরোধ। একটি প্রেয়ের পন্থা, অন্যটি শ্রেয়ের পন্থা। প্রেয় ও শ্রেয়ের মধ্যে যাহা শ্রেয় তাহাকেই গ্রহণ করিতে হয়। পরিণামে বুঝিতে পারা যায়, যাহা সত্য শ্রেয় তাহাই জ্ঞেয়েরও চরম আদর্শ।

অন্যান্য তুলনায় ইহাই হইল গুরু-বাদ, "জ্ঞেয়ী-সাধনা" ইহা নহে—ইহা দ্বারা সত্যোপলব্ধি আসে নাই। জ্ঞেয়ের গুরুত্ব লক্ষণ ও উপলব্ধিপ্রণালি ইহার মধ্যে কোথায় স্থান পায় তাহা দুর্বোধের বিষয়। তিনি ভ্রমদর্শী তিনি দ্রষ্টা অন্য কেহ সত্য-গুরু হইতে পারেন না।

৭

যাহা হউক, শুধু গুরু-বাদের দোষ-গুণ সাধারণভাবে বিচার করিলে, তাহা যে ভাবেই হউক না কেন, কোনও বিশেষ শক্তি-বৃদ্ধির কারণ হইত না। মানুষের নিজের মত প্রকাশের স্বাধীনতা চিরকালই আছে। কিন্তু তাঁহার গুরুবাদের নির্দেশ যখন তিনি যে তিনটি উদাহরণ দিয়াছেন তাহা নানা কারণে অত্যন্ত আপত্তিজনক। যে তিনটি উদাহরণ দিয়াছেন তাহার মধ্যে এত বেশী ব্যক্তিগত ছাপ রহিয়াছে যে তাহাকে type বলিয়া উড়াইয়া দেওয়া চলে না। আর যদি সত্য-সন্ধানী ইহাদের 'জ্ঞেয়ী' বাদ দিয়া ফেলিয়া থাকেন তাহা হইলে তিনি সত্যের অনুরোধে সর্বসমক্ষে আসিয়া তাহা প্রকাশ করিলেই পারিতেন,—এই ছদ্মবেশের প্রয়োজন কি ছিল। ইহারা সকলেই ত জীবিত আছেন ও এখনও ঐ প্রকার "জ্ঞেয়ী-সাধনা" দিয়াই লোকের ভক্তি পাত্র হইতেছেন।

৮

যাহারা সত্যসন্ধানী জ্ঞেয়ী তাঁহাদের অলৌকিক শক্তি থাকিবেই। ঐ শক্তিকে "বিভূতিমত্ত্ব" বা ঐ ধরণ কিছু বিশেষণ নাম দিয়া অভিহিত করা আবহমান একটা ফ্যাসনে দাঁড়াইয়াছে। শুধু একটা নাম দিলেই কিছু explanation হয় না—শুধু নাম দেওয়া হয় মাত্র। জ্ঞেয়ের দ্বিতীয় দৃষ্টান্তটির দ্বারা তাঁহাকে জ্ঞেয়ের সহিত তুলনা করিয়া একজন বড় Hypnotist বলিয়া দেখিয়াছেন তিনি সকলই কি, তাহা পরীক্ষা করিবার তাঁহার ইচ্ছা ও অবকাশ হইল না, (যদিও ইচ্ছা করিলে তাহা তিনি পারিতেন) শুধু লোকের কথা ও নিজের ধারণা এই [illegible] একত্র করিয়া যাহা মনে আসিল বলিয়া গেলেন।

Hypnotism এর মূলে যাহার সত্তা—reality যাহে না, তাহার সত্তা ideal অর্থাৎ কল্পনায় ও ভাবময়। উহার কোনও material existence থাকে না। Hypnotism এর ইহাই প্রধান লক্ষণ। অথচ এই লোকটি যে সব বস্তু নির্মাণ করিয়া দেখান, তাহা যে সত্যকার জিনিষ এবং তাহা যে একটির পর একটি বহু অন্যান্য বাস্তব পদার্থের ন্যায় দীর্ঘকাল স্থায়ী হয় সে সম্বন্ধটা প্রথম-লেখক আবিষ্কার চেষ্টাও করিলেন না। লেখক ইহার সম্বন্ধে কতকটা সঠিক সংবাদ রাখেন তাহা তাঁহার "আত্মার নীলিমা হইতে পরমধু বৈরাগী"র কথাটার মধ্য হইতে প্রকাশ পাইতেছে। তিনি যে সকল কথা ইহার সম্বন্ধে বলিয়াছেন তাহার বেশীর ভাগই অসত্য এবং যেটুকুর সত্যের ভাগ আছে তাহাও এত distorted যে তাহাকে মিথ্যা বলিলে অত্যুক্তি হয় না। এ সম্বন্ধে তিনি যাহা বলিয়াছেন তাহার প্রত্যেকটি কথা লইয়া তাঁহার ভুল প্রতিপন্ন করিতে পারা যায়।

৯

ব্যক্তিরও সর্বজ্ঞই আছে এবং গুরুরও প্রয়োজন হওয়ার যে তাহা প্রথমে অস্বীকার করিয়াছি তাহা বলিতেছি না। তাই বলিয়া কি আদর্শের বিষয় করিতে হইবে? বর্তমান বিজ্ঞানের সাহায্য লইয়া কত লোকে তাহার কত ব্যাখ্যাই করিতেছে—তাই বলিয়া কি বিজ্ঞানকে মানুষের অকল্যাণকর মনে করিতে হইবে। সেখানে ব্যাখ্যার তারতম্য ও অসিদ্ধিই হইবে, কিন্তু সত্যান্বেষীকে সঙ্গে সঙ্গে যন্ত্র বাহির করিয়া আনিলে তাহাতে অনিষ্টাপেক্ষা সম্ভাবনা সম্পূর্ণ।

গুরুবাদ মানুষের অকল্যাণের নহে এবং তাহা ব্যক্তি-স্বতন্ত্রতার পরিপন্থীও নহে। ইহার দ্বারা মানুষ "পরনির্ভর" হয় না, নিজেরই শক্তি কত মহান্ কত প্রচণ্ড তাহারই পরিচয় পাওয়া যায়। ইহার দ্বারা সে দুর্বল হয় না—জীবনী-শক্তির উৎস খোলায় তাহারই সন্ধান মেলে। সে আরও লাভ করিয়া বড় হইয়া যায়।

গুরুবাদ ও পরমতত্ত্বের মধ্যে আকাশ-পাতাল প্রভেদ।

[illegible]—উদ্বোধন পত্র, ১ বিভাগ ৫ম সিরিজ, ৩য় সংখ্যা—৩য় বর্ষ।
পরিচয়—উদ্বোধন কার্যালয় ১৭৩ আপার সার্কুলার রোড—কলিকাতা।

প্রবাসী-বঙ্গসাহিত্য-সম্মিলনীর মুখপত্র

(সচিত্র মাসিক পত্রিকা

দ্বিতীয় বর্ষ)

সম্পাদক— শ্রীঅতুলপ্রসাদ সেন, বার-এ্যাট্-ল.
ডাঃ শ্রীরাধাকমল মুখোপাধ্যায়, এম্-এ, পি-আর-এস, পি-এইচ-ডি

সহ-সম্পাদক — শ্রীসুরেশ চক্রবর্ত্তী

মন্ত্রণা-পরিষদ

শ্রীসরলা দেবী বি-এ, অধ্যক্ষ শ্রীযোগীনাথ কবিরাজ এম্-এ, ডাঃ শ্রীরাধাকুমুদ মুখোপাধ্যায় পি-এইচ-ডি
ডাঃ শ্রীযোগেশচন্দ্র রায় ডি-এল্-সি, অধ্যাপক শ্রীসুরেন্দ্রনাথ ভট্টাচার্য্য এম্-এ।
শ্রীকেদারনাথ বন্দ্যোপাধ্যায়, রায় শ্রীসুরেন্দ্রনাথ মজুমদার বাহাদুর,

পরিচালক
প্রবাসী-বঙ্গ-সাহিত্য-সম্মিলনী
চিত্তরঞ্জন অফিস, লক্ষ্ণৌ।

কলিকাতা [illegible]
২০৪, কর্ণওয়ালিস [illegible]

বার্ষিক মূল্য সডাক ৩৲]

[প্রতি সংখ্যা ।৹ আনা

উত্তরার সূচি

অগ্রহায়ণ, ১৩৫৪

সম্পাদক :—শ্রীঅতুলপ্রসাদ সেন, শ্রীরাধাকমল মুখোপাধ্যায়

সহ সম্পাদক :— শ্রীসুরেশ চক্রবর্তী

লেখ সূচি

ধান—শ্রীঅতুলপ্রসাদ সেন

বিদেশ-কেরীর অত্যাচার—শ্রীবনবিহারী মুখোপাধ্যায় ...

রাখী (কবিতা)—শ্রীরাইচরণ রায়চৌধুরী

রাখী (গল্প)—শ্রীপ্রবোধকুমার সান্যাল

সম্পাদক :—

রাজার—অধিনায়ক মজুমদার

আমার অতীত জীবন—রাজকুমারী বসু

কবি ওমর খৈয়াম—শ্রীযোগেন্দ্রনাথ গুপ্ত

মানুষের মূল্য (কবিতা)—শ্রীবিমলচন্দ্র চক্রবর্তী

আহরণী—শ্রীবাসিলীকান্ত মুখোপাধ্যায়

(ক) সাফল্যের কারণ ১৪৩

(খ) অসবর্ণ ১৪৪

বৈধব্য (উপন্যাস)—শ্রীসুরেন্দ্রনাথ মুখোপাধ্যায় ... ১৪৯

বন্দরে-বন্দিরে (গল্প)—শ্রীসরোজকুমারী মুখোপাধ্যায় ১৫৭

লেখ সূচি

সম্পাদন :—

(ক) কবুতরখোপ—শ্রীঅবনীন্দ্রনাথ ঠাকুর

(খ) কীর্তন-সঙ্গীত—শ্রীঅতুলপ্রসাদ সেন

ধান ও ধরণিপি—শ্রীসুনীলকুমার রায়

প্রবাসী-বাঙালী :—

প্রবাসী-বঙ্গসাহিত্য-সম্মিলন

প্রবাসী-বঙ্গসাহিত্য-সম্মিলন—বিবরণ

এলাকী—শ্রীশৈলেন্দ্রনাথ রায়

চিত্র-সূচি

ওমর খৈয়াম (রঙিন)—মহম্মদ আবদুর রহমান চাগতাই মুগল

গাছের অভিব্যক্তি—শ্রীবিমলেন্দ্রনাথ কর্মকার

(১) ধান
(২) আবহ
(৩) অনুশোচনা
(৪) লোপ

বিশেষ দ্রষ্টব্য

কার্যের সুবিধার জন্য এখন হইতে "উত্তরার একটি শাখা কার্যালয়" ৪৬নং তেলুপুরা, কাশীধাম—এই ঠিকানায় স্থাপন করা হইল। এখন হইতে চিঠিপত্র, বিজ্ঞাপন, ইত্যাদি উক্ত ঠিকানায় প্রেরিতব্য। কেবলমাত্র সম্পাদকীয় প্রবন্ধাদি 'উত্তরা'-সম্পাদক সমীপে—এই ঠিকানায় পাঠাইবেন।

—কর্মকর্তা, উত্তরা।

উত্তর:

The Indian Press Ltd., Allahabad

দ্বিতীয় বর্ষ | অগ্রহায়ণ, ১৩৩৩ | তৃতীয় সংখ্যা

গান

শ্রীঅতুলপ্রসাদ সেন

সিন্ধু খাম্বাজ—কাল একতালা

কে আমার বাজায় বাঁশী—এ ভাঙ্গা কুঞ্জবনে।
শুনি মোর উতল কাঁদি, চরণের সেই স্বপনে।

কোয়েলা ডাকুল আবার, যমুনায় লাগ্‌ল জোয়ার,
কে তুমি আনিলে জল, ভরি মোর দুই নয়নে।

আজি মোর মৃদু-জ্বালা, কি দিয়ে গাঁথ্‌ব মালা?
কেন এ নিঠুর খেলা, খেলিলে আমার সনে?

হয় তুমি থামাও বাঁশী, নয় আমায় লও হে আসি;
ঘরেতে পরবাসী, থাকিতে আর পারি নে।

বিদেশ-ফেরতার অত্যাচার

শ্রীবিনয়ভূষণ সরকার—কলিকাতা

(১)

বিদেশে আমার-সন্ধানেরা যারা কিছু করিয়াছেন বা করিবেছেন যারে যারে তাহার কিছু কিছু পরিচয় দিবার চেষ্টা করিয়াছি যাত্র। সংবাদ হিসাবে এই সকল চরিত্রের বিবরণ প্রকাশ করা গিয়াছে। কোনো কর্মবিশেষের সমালোচনা অর্থাৎ দু-চার আলোচনা করা এই সকল বিবরণের উদ্দেশ্য নয়। বাস্তব ইতিহাসের তথ্য সংগ্রহের তরফ হইতে লোকজনের নাম ও কাম এবত্ত করা হইয়াছে যাত্র। অবশ্য সকল পর্যটকের সকল প্রকার কথাই আমার মতের পরিচায়ক এরূপ বুঝিতে হইবে না।

কোন ব্যক্তি-বিশেষের বা বিদ্যা-বিশেষের বা ব্যবসা-বিশেষের কথাকে টানিয়া এই সকল সংবাদ সংগ্রহ করা হয় নাই। অধিকন্তু, কোন ধন-বিশেষের, জাতি-বিশেষের বা প্রদেশ-বিশেষের গুণ গাহিবার দিকেও লক্ষ্য ছিল না। কি পর্যটক, কি ব্যবসায়ী, কি ছাত্র-ছাত্রী, কি গবেষক, কি বক্তা, কি লেখক, কি রাষ্ট্রনৈতিক প্রচারক,—সকলেরই বিদেশ-সম্পর্কীয় জীবন-কথা দুইয়া রাখিবার চেষ্টা করা গিয়াছে।

(২)

সম্প্রতি দেশ হইতে নানাপ্রকার খবর পাইতেছি। কানাঘুষার প্রকাশ যে,—আমাদের বিদেশ-ফেরতারা দেশের উপর জুলুম চালাইতেছেন। ব্যবসায়ী-মহলে কোন মালপত্র অনধিকারীকে কম্ করিবার প্রবৃত্তি তাঁহাদের রহিয়াছে বেশ যাইতেছে।

"সকল" বিদেশ-ফেরতা সম্বন্ধেই এইরূপ দুর্নাম রটিয়াছে এরূপ মনে করিবার কোন হেতু নাই। কিন্তু হয় ত বা কেহ কেহ, যে সকল ভারতবাসী বিদেশ মেলেন নাই তাঁহাদের উপর "চাল" মারিতেছেন। বিদেশ-ফেরতাদের সঙ্গে কথাবার্তা চালাইবার সময় বাকি অন্যান্যেরা কিছু ভয়ে ভয়ে চলিতে থাকা হন।

কথায় কথায় বাকি বিদেশ-ফেরতারা বিদেশের নজির দিয়া থাকেন। বিদেশ-প্রবাসের অভিজ্ঞতা, বিদেশী ভাষার পাণ্ডিত্য, বিদেশী-বিদেশিনীদের সঙ্গে মিশি-বিশিবার, বিদেশী পত্রিকাদের সঙ্গে খবরের লেন-দেনের,—ইত্যাদি কথার জোরে বিদেশ-ফেরতারা অন্যান্য নরনারীকে অপ্রতিভ ও "থাবা" করিয়া ছাড়িতেছেন বলিতেছি। সঙ্গে সঙ্গে তাঁহাদের বেয়াদবও দু-চার করিয়া বাড়িয়া চলিয়াছে।

প্রত্যেক প্রদেশে এবং বড় বড় সহরেই বাকি এইরূপ দুই চার দশ বিশজন বিদেশ-ফেরতা "বরাখাবাকেরা" জাত বজিয়া প্রসূত হইতেছেন। দেশ, ধর্ম, বিদ্যা, ব্যবসা ইত্যাদি সকল বিষয়েই ইহারা একমাত্র "বোদ্ধা" এইরূপ ইহাদের বিশ্বাস। অন্যান্য নরনারী বাকি এই বোদ্ধাদের সহ্যে অস্থির। এ এক নূতন আপদ ও অত্যাচার।

(৩)

যাঁহারা বেয়াড়বাদীর এবং অহিংস-পন্থী, তাঁহারা এই অবস্থায় হয় ত বেয়াদী লোকজনকে ডাকিয়া হিতোপদেশ শুনাইতে প্রবৃত্ত হইবেন। তাঁহারা বোধ হয় বলিতে থাকিবেন :—"বেয়াদবি করা কি ভাল? বাহাদুরী পরের জিনিষ। দেশের লোকেরা সকলেই ত ভাই ভাই এক ঠাঁই। না হয় দুটি কিছু বেশীই খা খান। তাই বলিয়া অপরকে কি দুঃখ করিতে আছে? ছিঃ।" ইত্যাদি।

কিন্তু আমাদের চিত্ত বিশ্লেষণ করা বর্তমান লেখকের মতলব নয়। অথবা দেশের নরনারীকে "ডাক্তার-" পূর্ণ "সত্যযুগের" বেয়াদবীতে পরিণত করিবার আশাতি

লইয়া খাটা-খাটি করার তাঁহার বাসনা নয়। যাহারা দুর্নীতি-দুর্নীতির চর্চা করিয়া থাকেন তাঁহারা বর্তমান-ক্ষেত্রে তাঁহাদের যাহা ইচ্ছা তাহা করিতে পারেন। যদি লাভ হয়, ভালই।

তবে ভারতীয় বিদেশ-কেরাণীদের বিরুদ্ধে যেসকল লোক আছেন,—এই কথাটা একবার "নীতি", "ধর্ম", "প্রতিজ্ঞা" ইত্যাদির ধারণা নয়। বিদেশের সঙ্গে ভারতবর্ষের লেন-দেন একটা অতি-বড় ব্যাপার। এই ব্যাপারটা আরও বড় হইয়া চলিবে। কাজেই, বিদেশ-কেরাণীদের সঙ্গে অন্যান্য ভারতবাসীর যোগাযোগ একটা বড় প্রশ্ন। মোটা দামাজের যা দেশের এই সমস্যাটা এক বিস্তৃতর ও গভীরতর ক্ষেত্র হইতে সমুদিয়া দেখিতে হইবে। এই হিসাবে "নীতি", "ধর্ম", "দেশের", "হিতোপদেশ" ইত্যাদির ধারা ছাড়িয়া দিলেও বিদেশ-কেরাণীদের লইয়া সকল ভারতবাসীরই কিছু কিছু মাথা ঘামানো আবশ্যক।

"সেকালে" বিলাত-ফেরতারাই ভারতের একমাত্র বা প্রধান বিদেশ-কেরাণী ছিলেন। আজকাল ইয়োরোপেরিকার সকল দেশ,—বস্তুতঃ দুনিয়ার প্রায় সকল দেশই ভারতীয় বিদেশ-কেরাণীদের কিছু কিছু করিয়া কদর্থার আসিয়াছে।

আগেকার দিনে প্রধানতঃ ব্রাহ্মেরাই ছিলেন বিদেশ-কেরাণী। আজকাল প্রায় সকল ব্যবসা এবং সকল ধরনের লোকই বিদেশ-কেরাণী হইয়াছেন।

সেকেলে বিদেশ-কেরাণীরা প্রধানতঃ ছিলেন, বড় বড় সওদাগরী আফিসের বা ব্যাঙ্কিংয়ের। তাঁহারা একঘরে হইয়া থাকিতেন এবং নিজেদের গণ্ডীর ভিতর একটা জাত্ গড়িয়া তুলিতেন। আজকাল আফিসের ছাড়াও অন্যান্য বহু বিদেশ-কেরাণীদের ভিড় দেখা যায়। "বিদেশ-কেরাণীদের জাত্" এখনো বোধ হয় কিছু কিছু থাকিয়া বজায় করিয়া চলিয়া থাকে। তবে সেই "গভীর" বিশেষত্ব অনেকটা হারিয়া আসিয়াছে, বিশ্বাস করি।

এই সকল কথা ১৯১৪ সালের পরবর্তী দশ বৎসর সম্বন্ধে প্রযোজ্য বলিয়া ধরিতে হইবে। ১৯২৪ সালের মূলে অবশ্য ভারতীয় বিদেশ-কেরাণীদের এই অবস্থার সুস্থানাই।

(২)

বিদেশ-কেরাণীরা অবস্থাপন্ন কেন হয়? প্রথম কথা,—তাঁহারা টাকা রোজগার করেন কিছু মোটা হারে। যাঁহাদের বেতন খুব তাঁহারা বেশকী। "কমিশন" লাভই তাই। এখানে সেখানে, অল্পে বিস্তরে।

কিন্তু সকল বিদেশ-কেরাণীই মোটা মাহিয়ানা পাইতেছেন কি বা কিছু স্থায়ীও রোজগার করিতেছেন কি? কখনই না। যাঁহারা মোটা দিন বিদেশে না থাকিবার মাই তাঁহাদের অনেকেই বিদেশ-কেরাণীদের চেয়ে বেশী রোজগার করিয়া থাকেন। কাজেই, "উচ্চ-বেতন" অবশ্য হইতে বিদেশ-কেরাণীদের বেশকী কথা আসাযুক্তি।

(৩)

দ্বিতীয় কথা,—ভাষার অভিজ্ঞতা। যাঁহারা আগে-হিতে হইতে অল্পে বিদেশে বিরিয়াছেন তাঁহারা বোধ হয় ভাষার "ঝাঁক" করেন না। ফরাসী এবং জার্মান তাঁহাদের বেশ বেশ হইতে উচ্চতর শিক্ষালয়ে কিছু কিছু শিক্ষিতে অবশ্য। কিন্তু তাহা সত্ত্বেও এই সকল ভাষায় "পারিতা" তাঁহাদের বেশকের বোধাক রোজগাইতে পারে না।

যাঁহারা বিলাতের বাহিরের ইয়োরোপে কিছুকাল কাটাইয়া বিয়াছেন তাঁহারা ফরাসী, জার্মান এবং ইতালিয়ান শিখিয়াছেন সন্দেহ নাই। কিন্তু কতখানি শিখিয়াছেন?

আমাদের বেশের বি, এ, বি, এস্ সি. এবং এম বি ইউনিভার্সিটির বা ব্যাঙ্কিংয়ের ছাত্রে আমরা যতটুকু বা যতখানি ইংরেজি শিখি ততটুকু বা ততখানি ফরাসী, জার্মান এবং ইতালিয়ান শিখা করজন ভারতীয় বিদেশ-কেরাণীর পক্ষে সম্ভবপর হইয়াছে তাহা ভাবিয়া দেখার কথা। কথাটা খুলিয়া বলা আবশ্যক।

ইংরেজি ভাষার সাহায্যে ফ্রান্স, জার্মানি, ইতালি ইত্যাদি দেশের পত্রপত্রিকা বাঁচিতে অনেক কাজই চলিয়া যায়। কাজেই, ভারতীয় বিদেশ-প্রবাসীরা "সময়ের অভাব" দেখি দিকেই ঝুঁকিয়া থাকেন। যাহার "সর্বাপেক্ষা

ভয় ভাষার পক্ষটা" বুঝিয়েই ফরাসী। নতুন নতুন ভাষা শিখিবার চেষ্টা চলিতে থাকে বটে, কিন্তু এই চেষ্টা বেশী দূর অগ্রসর হয় না।

(৭)

অধিকন্তু ভাষাগুলা সমান কঠিন। ইংরেজির সঙ্গে ফরাসীর কিছু কিছু যোগ আছে। কিন্তু ইংরেজির সঙ্গে জার্মানের একপ্রকার কোনো যোগ নাই। আর ইতালিয়ানের সঙ্গে জার্মানের সম্বন্ধ বর্জ্যের মধ্যেই গণ্য হয়। ফরাসী ও ইতালিয়ানকে যদিও দুই লাতিন "বোন" বলা হইয়া থাকে, তথাপি ফরাসী-ভাষা লোকের পক্ষে ইতালিয়ান পড়িতে হইলে প্রত্যেক লাইনে বিনবার করিয়া অভিধান খুলিতে হয়।

ভাষা-বিজ্ঞানের যুক্তি দেখাইয়া, ব্যাকরণের তুলনা চালাইয়া, শব্দের সংখ্যা গুণিয়া ইংরেজি, ফরাসী, জার্মান ও ইতালিয়ান এই চার ভাষায় "বৈজ্ঞানিক আত্মীয়তা" প্রতিষ্ঠিত করা সম্ভব। এ কথা অস্বীকার করি না। কিন্তু ভাষা শিখিবার বেলায় যখন চোখের সম্মুখে উপস্থিত হয় তখন বলিব যে, ইংরেজি-জানা ভারত-সন্তানের অন্য তিনটা ভাষার জন্য তিন তিনবার নতুন করিয়া পরিশ্রম হইতে হয়।

ধরা যাউক, কোনো ব্যক্তি ফ্রান্সে গেল, দুই বা তিন বৎসর কাটাইল। আর ফরাসী ছাড়া অন্য কোনো ভাষার দিকে সে নজর দিল না। তথাপি সে ফরাসী ভাষায় নিখুঁত চিঠি বা প্রবন্ধ লিখিতে পারিবে কি না সন্দেহ। আইনৌচ কথাবার্ত্তা চালানো কঠিন নয়। কিন্তু যে হাজার দশ বারজন ফরাসী নর-নারী কোনো "অপরিচিত" বিদেশ থেকে ফ্রান্সের সেই ঘাটে বসিয়া তাহাদের সঙ্গে যোগ রাখা সহজ বিবেচিত হইবে না।

(৮)

মনে একবার ভাষা শিখা কঠিন বলিয়া ধারণা থাকে তাহা হইলে কথা স্বতন্ত্র। অথবা এমন কি, যদি ভারতীয় ভদ্র-সন্তান বড় জোর মাইলের বেশী না হয় এবং অন্যান্য কাজের চাপ কম থাকে তাহা হইলে নতুন দেশে বসবাসের ফলে বিদেশী ভাষাটা "রপ্ত" করা অসাধ্যসাধন বিবেচিত হইবে না। কিন্তু যে সকল ভারতবাসী ত্রিশ বত্রিশ বৎসর বয়সে বিদেশে আসেন এবং নানা কাজ কারবার লইয়া আসেন তাঁহারা দেড় দুই বা এমন কি তিন বৎসরেও একটা বিদেশী ভাষায় "পণ্ডিত" হইতে অসমর্থ।

বিদেশী কারবারের এবং দেশের খাঁটিয়ার কথা ত্যজে রাখা যাই। বিদেশী চিঠি পড়িয়া বুঝিবার কথাও দেওয়া যেতে। কিন্তু বিদেশী ভাষায় চিঠি লেখা অথবা প্রবন্ধ রচনা করিতে অগ্রসর হওয়া "পাগলের ঝোঁক" বলিয়া গণ্য হইতে থাকে। কথাগুলা সাধারণ ভাবে বলা হইতেছে। ব্যতিক্রম আছে সন্দেহ নাই,—তবে প্রত্যেক ব্যক্তিক্রমেরই কোনো না কোনো "বিশেষ" কারণ দেখানোও সম্ভব।

এখন জিজ্ঞাস্য এই,—যে সকল ভারত-সন্তান অনেক বলিয়াই ফরাসী, জার্মান বা ইতালিয়ান এবং কম বা জাপানী পণ্ডিতেছেন তাঁহারা বিদেশ-ফেরতদের চেয়ে "ভাষার অভিজ্ঞতা" হিসাবে কম কিসে? তাঁহারাও বিদেশী ভাষায় কারবারও এবং দেশের খাঁটিয়ার কথাও রাখেন। বিদেশী ভাষায় চিঠি পড়িবার কথাও তাঁহাদের আছে। সুতরাং এইসে দুই চার দশ লাইন ফরাসী বা জার্মান লিখিতে যে তাঁহারা অসমর্থ এরূপ বুঝিবার কোনো কারণ দেখি না। অবশ্য "কথা বলিবার" অভ্যাস তাঁহাদের নাই। কিন্তু তাহাতে বলিয়া বিদেশী ভাষায় কথা বলিবার দরকারই বা পড়ে কখন্?

কাজেই, ভাষা লইয়া বড়াই করা বিদেশ-ফেরতদের আর এক আহাম্মুকি। আর, সমাজের তরফ হইতেও বিদেশ-ফেরতদিগকে লইয়া মাতা-মাতি করা অবিবেচকের কার্য্য। দেশের নর-নারী এই কথাটা বুঝিয়ে "বিদেশ-ফেরতরা আপনা আপনিই "চিট" হইয়া আসিবেন।

(৯)

বিদেশী নরনারীরা ফ্রান্সে বৎসর মাস বা বৎসর বৎসর কাটাইয়া স্বদেশে ফিরিবার পর ফ্রান্স সম্বন্ধে বক্তৃতা করেন অথবা লেকচার দিবেন। এই সকল লেকচার ও বক্তৃতা ভারতবাসীর পক্ষে অনেক সময়েই সন্তোষজনক নয়। সমালোচনার উপলক্ষে আমার সাধারণতঃ বলিয়া থাকি :—"লেখক বা বক্তা ফ্রান্সের

তথা দেখি কিছু জানেন না। রেলে চাপিয়ে ট্রামে বসিয়া আমাদের বেশ ও সমাজ সম্বন্ধে যতটুকু দেখানো যায় তাহার বেশী অভিজ্ঞতা এই সকল বিদেশী পর্যটকের নাই।" ইত্যাদি।

ভারতীয় বিদেশ-কেরাণীদের বিদেশ-বিষয়ক অভিজ্ঞতা সম্বন্ধেও বিদেশী-বিদেশিনীরা ঠিক এইরূপ সমালোচনা করিবারই অধিকারী নহি কি? বাস্তবিক পক্ষে, ভারত-সম্রাটের কিংবা তাঁহারা বিদেশ-পর্যটন অভিজ্ঞতার তাঁহারা বিদেশ-সম্বন্ধে কতখানি জানেন? এই প্রশ্নটা ভারতীয় সমাজে তুলাইয়া বসাইয়া আলোচনা করা দরকার। এই দিকে আমাদের যথোচিত দৃষ্টি পড়ে নাই।

(১০)

আলোচনা করাও বড় সহজ নয়। যে সকল ভারতীয় বিদেশ-কেরাণী বিদেশ-পর্যটনের ডায়েরি ছাপিয়াছেন তাঁহাদের রচনা এই হিসাবে প্রথম শ্রেণীর। ইয়োরপি, আমেরিকা বা হিমালয়ে এই বিদেশ-সাহিত্য অল্পবিস্তর গড়িয়া উঠিতেছে।

কিন্তু একমাত্র এই সাহিত্যের উপর নির্ভর করিলে বিদেশ-কেরাণীদের প্রবাস-জীবন-সম্বন্ধে বেশী কিছু পরিচয় পাওয়া যায়। যতটুকু পাওয়া যায় তাহাতে এই বুঝি যে, এই জীবন অতি অল্প পরিমাণ অভিজ্ঞতার স্থান পাইয়াছে। আর এই অভিজ্ঞতার গভীর অতিশয় সঙ্কীর্ণ।

ভ্রমণ-বৃত্তান্তে যে সকল অভিজ্ঞতা ঠাঁই পায় নাই সেই সমূহ জানিবার উপায় পর্যটকদের সঙ্গে মৌখিক আলোচনা করা। কিন্তু হাজার হাজার ব্যাপারী, পর্যটক এবং ছাত্র-ছাত্রীদের কিজন কয়জনের সঙ্গেই বা "চিত্তরঞ্জনের কথা"-গুলা স্পষ্টাস্পষ্টি আলোচনা করা সম্ভব?

যাহা হউক, চীনে, জাপানে, বিলাতে, আমেরিকায় এবং ইয়োরোপের নানা দেশে নানা শ্রেণীর এবং নানা জাতির ভারতীয় যোদ্ধাধিকদের সঙ্গে কমবেশী মোলাকাৎ করা গিয়াছে। দূর হইতেও কিছু কিছু কথা করিবার সুযোগ ঘটিয়াছে। অধিকন্তু পরস্পর পরস্পরের চলাফেরা, লেন-দেন ইত্যাদি সম্বন্ধে যাহা কিছু বলাবলি করেন তাহারও কিছু কিছু কানে পৌঁছিয়াছে। তাহা ছাড়া বিদেশ-বেড়ানেওয়ালা দেশ হইতেও অন্যান্য দল বিদেশের লোক সম্বন্ধেও খানিকটা আন্দাজ করা সম্ভব।

(১১)

ভারতীয় বিদেশ-কেরাণীরা বিদেশে প্রধানতঃ তিন দৃষ্টিতে দেখা দেন। প্রথমতঃ—ব্যাপারী, দ্বিতীয়তঃ—পর্যটক, তৃতীয়তঃ—ছাত্র। বিদেশী সমাজ, রাষ্ট্র, পরিবার ইত্যাদি সম্বন্ধে এই তিন শ্রেণীর লোকের কাহার কতটুকু বা কতখানি বাস্তব অভিজ্ঞতা অর্জিবার সম্ভাবনা? বাক্তিরেক-গুলা ছাড়িয়া দিতে হইবে বলাই বাহুল্য। আলোচনা করা যাউক।

বিদেশী ব্যাপারীরা ভারতে সুপরিচিত লোক। প্রথমতঃ, তাঁহারা বড় বড় ব্যবসায় কর্ণধার; কাজেই, পরমাত্মীয় লোক। দ্বিতীয়তঃ, তাঁহারা মূলতঃ অথবা গৌণতঃ একটা উচ্চতর জাতিবিজ্ঞান শিক্ষা-দীক্ষা সভ্যতার প্রতিনিধি।

কিন্তু বিদেশে ভারতীয় ব্যাপারীদের ইজ্জৎ আছে কি? এমন কি, জাপানেও তাঁহারা বড় বিশেষ প্রতিপত্তিশালী লোক নন। ইয়োরামেরিকার দেশগুলার কথা ত অবশ্য। অধিকন্তু পরমাত্মীয় ভারতীয় ব্যাপারী বলিলে বুঝিতে হইবে পাশীদিগকে। কিন্তু পাশীরা বিদেশে ভারত-সন্তান নামে পরিচিত কিনা সন্দেহ।

অন্যান্য ভারতীয় ব্যবসায়ীরা বিদেশীদের সঙ্গে "আফিসে" দেখা করেন। আফিসী জীবনের বাহিরে বিদেশী নর-নারীদের সঙ্গ-লাভ কিরূপ তাহা দেখিবার সুযোগ প্রায়ই ঘটে না। শিল্পপতি, ব্যাঙ্কার, জাহাজ, ম্যাগাজিন মালিক ইত্যাদি শ্রেণীর লোকের সঙ্গে বন্ধুত্ব করেন কয়জন ভারতীয় ব্যাপারীর পক্ষে ঘটিয়া উঠিয়াছে। হয় ত আঙুল গুণিয়া বলা যায়। এই শ্রেণীর বিদেশীদের পরিবারে প্রবেশ করা এক প্রকার অসম্ভব। বড় জোর,—কোনো রেস্তোরাঁকে বা হোটেলে মধ্যাহ্ন ভোজন বা চা-পানের নিমন্ত্রণ ছাড়া আধাআধি ঘর কোনো সুযোগ নাই।

তাহা হইলে,—ভারত-সন্তান বিদেশের কতখানি দেখিতে পান? যে হোটেলে বসিয়া এই কথা হয় তাহার কি-চাকরটী হইতেছে বিদেশী-সমাজের প্রথম বাণী-প্রতিনিধি। রাস্তার ঘাটে সন্ধ্যাকালে যে সকল বারাঙ্গনা ঘুরিয়া বেড়ায় তাহারা হয় বিদেশী প্রতিনিধি। অধিকন্তু, সিনেমার এবং নাচঘরের দর্শক-মণ্ডলী যা নাই-নাই ভারতীয় ব্যাপারীদের পক্ষে বিদেশী-সমাজের অল্প এক বড় সাক্ষী।

(১৭)

যাঁরা সপ্তাহ বা মোসাফির ব্যাপারী, তাঁহারা কোনো শহরে পাঁচ সাত দিনের বেশী থাকেন না। তাঁহার যেমন সমাজ জোর তিনি সেইরূপ হোটেলে বা বাড়ীওয়ালীর ঘরে অতিথি হন। মিউজিয়াম দেখিবে যাওয়া তাহারও ধারণার বাহিরে নয়। তাঁহারা এই সব দেখিয়া থাকেন। তবে "সহর দেখা" বলিলে বাগ-বাগিচা, বাড়ী-ঘর ইত্যাদি ভিতর বাহির হইতে যে সব ভিন্ন দেখা হওয়ার সেই সবের অনেকগুলা দেখা হইয়া যায়। বিদেশী লোকজনের সঙ্গে কথাবার্তা বলিবার সুযোগ সাধারণতঃ প্রায়ই ঘটে না। কোনো বাড়ি বা পরিবারের সঙ্গে বন্ধুত্ব আরম্ভ করা ত অসম্ভব ঘটেই।

বিদেশের বড় বড় সহরে আজকাল দুচার জন ভারতীয় নর-নারী প্রায়ই স্থায়ী বা অস্থায়ী হিসাবে বাস করেন। তাঁহাদের সঙ্গে আলাপ পরিচয় করা অনেক ভারতীয় পর্যটকের এবং ব্যাপারীর পক্ষে সম্ভব। তাহাতে আপদকালের সাহায্য কিছু কিছু হয়। কিন্তু তাহাতে মোটের উপর ভারতীয় "অবলাকান্ত"ই অসহায়।

আজকাল আমরা সর্বত্রই ছোটখাট "ভারতীয় সমিতি" প্রতিষ্ঠিত হইয়াছে। বাস্তবিক ভারতীয় পর্যটক বা ব্যাপারী কোথাও উপস্থিত হইলে তাঁহাদিগকে এই সমিতির তরফ হইতে অভ্যর্থনা করা হয়। কখনো কখনো এই সকল সমিতির সাধারণ সুবিধাজনক বিদেশী-বিদেশিনীর সঙ্গে তাঁহাদের করমর্দন ও বাক্য-বিনিময় করা ঘটিয়া উঠে।

(১৮)

তবে এই করমর্দন ও বাক্য-বিনিময়ের সময় ভারতীয় ব্যাপারী ও পর্যটকেরা বিদেশী-বিদেশিনীদের নিকট দেশের ইজ্জৎ বাঁচাইয়া চলেন। যে কোনো বিদেশীকে অধিবাসীর শীর্ষ নিবেদন করা ভারত-সন্তানের স্বভাব। তাঁহাদের সঙ্গে বাড়া বাড়া কথা বলিতে আমাদের অধিকাংশই অসমর্থ। আমাদের নীচাশয়তা এবং দোলাক-চরিত্র দেখিয়া বিদেশীরা আমাদের ভবিষ্যৎ সম্বন্ধে অতি নীচু ধারণা পোষণ করিতে শিখিয়াছেন। এ সংবাদটা খুবই ভারতের মহলে মহলে প্রচারিত হওয়া আবশ্যক।

বিদেশীদের ভিতর যাঁহারা সত্য সত্যই নামজাদা বা কৃতিত্বশীল লোক তাঁহাদের কাহারও সঙ্গে ইংলণ্ডে কোনো কোনো ভারত-সন্তানের মৌখিক আলাপ ঘটে না এমন নয়। কিন্তু সেই সকল ক্ষেত্রে আমরা একেবারে কিংকর্তব্যবিমূঢ় হইয়া পড়ি। তাঁহাদের পা চাটিতে লাগিয়া যাই। অনেক সময়ে—আমাদের প্রতিনিধ স্থানীয়দেরও নিজ নিজ যোগ্যতার ফল করিয়া বিদেশীদের সঙ্গে সমানে সমানে মেলা-মেশা চালাইতে পারেন না। অতিমাত্রায় খোসামোদ, অতি প্রশংসা, ইত্যাদি দৌর্বল্যে ভারতীয় মনস্বীরা বিদেশীদের চোখে বাঙ্গ-বাই বুদ্ধ জীবে পরিণত হন।

যে সকল ব্যাপারী ও মোসাফির কিছু বেশী দিনের জন্য কোনো সহরে সময় কাটাইতে বাধ্য হন তাঁহারা বিদেশী লোকজনের চিত্ত কতু যুগাইতে পারেন কি? বলা কঠিন। আমাদের অধিকাংশ লোকই "বাবা বয়ন" মার সকল করিয়া বিদেশে আসিতে বাধ্য। কোনো ক্রমে হোটেলের খরচ চালাইয়া দিনাতিপাত করিতে পারিলেই আমাদের জীবন সার্থক!

বিদেশীদের সঙ্গে মাখামাখি করিতে হইলে পয়সা খরচ হয়। কোনো পরিবারে যদি কোনো ভারতীয় অতিথি বিবেচিত হন তাহাতে পরিবারের খরচ বেশী কিছু নয়। বল জন বাড়িতেছে,—তাহার সঙ্গে আর একজন বাড়িলে হিসাব বাড়িয়া যায় না। কিন্তু কোনো ভারত-সন্তান যদি দুই একজন বিদেশী-বিদেশিনীকে নিমন্ত্রণ করিতে তাহলে তাহা হইলে খরচ বড় কম নয়। "ভদ্রলোকেরা" যে সকল হোটেলে বা রেস্তোরাঁতে

যায় সেই সকল জায়গা হইতে অল্প খোরাক নিয়ত্ন করা চলে না। কিন্তু এই সকল সমনে একবার পাঁচ পাঁচ জনের বৈশ ভোজন দিতে হইলে ভারত-সন্তানের এক মাসের খরচ সুধাপুরি উঠিয়া যাইবার সম্ভাবনা। কাজেই, বিদেশীদের সঙ্গে ভারত-সন্তানের "গলে গেলে দুইটু" নীতি বজায় রাখা অসম্ভব। ফলতঃ, বিদেশ সমনে ভারতীয় বিদেশ-ফেরতদের অভিজ্ঞতার যাচনদ-নাই অবস্থা।

(১৪)

ছাত্র-ছাত্রীরা বিদেশী সমাজে কতদূর প্রবেশ করিতে পারেন? তাঁহারা প্রধানতঃ দুই বা তিন বৎসর বিদেশে থাকেন। প্রত্যেকের মাসিক বৃত্তি গড়পড়তা বেশ প,' দুই শ' বা আড়াই শ' টাকা। যাহারা "সরেস" বা অধ্যাপক তাঁহাদের অবস্থাও এইরূপ।

এই টাকায় খুব-অল্পের বেতন দিয়া বাকী থাকে অতি সামান্য। তাহার সাহায্যে খাওয়া-পরা চালাইতে হয়। এই খোরপোষ অতি নিম্নস্তরের হইতে বাধ্য। যে সকল "বোর্ডিং হাউসে" "ফ্যামিলি"তে বা ছাত্রাবাসে দরিদ্রতর লোকের সন্তানেরা থাকে আমরা তাহাতে উপরে উঠিতে পারি না। যে সকল রেস্তোরাঁতে বা ভোজনাগারে সাধারণ এবং মুদীখানার লোক খানাপিনা করে আমাদের ছেলে তাহার উর্দ্ধে নয়।

সমনের একবারের বেশী ভাল একটা রিস্টোরাঁ বেলা বোধ হয় অধিকাংশ ভারতীয় ছাত্রের পক্ষে সম্ভবপর হয় না। অবসরে বসিয়া উৎকৃষ্ট সঙ্গীত শুনিবার সাধ প্রায় আমাদের অনেকেরই কিছু কিছু থাকে। কিন্তু "উহার জন্য সীজনে দরিদ্রাগার অনেকগুলা।"

অর্থাৎ ব্যাপারীরা এবং ভোগাধিকারীরা বিদেশী সমাজ সমনে যতখানি সুবিধার সুবিধার সুযোগ পান ছাত্র-ছাত্রীদের পক্ষে সুযোগ আদায় ক্রমে অনেকটা কম। "বাড়ীওয়ালীর মেয়ে বা বি ভারতবাসী" আর বাড়ীওয়ালীর "বাস্তুভূক ঘোড়া" এবং ঐ ধরণের অন্যান্য পাড়া-পড়শী দ্বারা আমাদের ছাত্রেরা বিদেশে অল্প খোলো শ্রেণীর লোকের সংস্রবে সাধারণতঃ আসিতে পান না। বিদেশ, বিদেশী সমাজ, পাশ্চাত্য আদর্শ ইত্যাদি সমনে আমরা যে সকল সমাচার বোলচাল বাড়ি তাহার পশ্চাতে বাস্তব অভিজ্ঞতা এই পর্যন্ত।

ছাত্র-ছাত্রীদের সঙ্গে অধ্যাপকদের "কেহ কেহ" বন্ধুত্বের সম্বন্ধ কাজে দাঁড়াইতে পারে। এই সূত্রে অধ্যাপকের পত্নী, অধ্যাপকের মেয়ে, অধ্যাপকের আত্মীয়া বা বা ইত্যাদি দুএক জনের সঙ্গে মাসের দুএকবার সমবেদনের সুযোগ ঘটে। কিন্তু এই সকল সুযোগে বিদেশী-সমাজের "আইসবার্গের" জীবন স্পর্শ করা সম্ভব নয়। অধ্যাপকের পরিবার বা আত্মীয় স্বজন ভারতীয় শিষ্যকে নিজ নিজ "সোসাইটী" আবশ্যকমত দেখাইবার সিকেই বেশী সমন দিয়া থাকেন। অধিকন্তু, আমাদের ছাত্র-ছাত্রীরাও প্রায়ই অন্যান্য ভারত-সন্তানের সঙ্গে বিদেশীদের পরিচয় করিয়ে ঘুরিয়ে। কাজেই, মেলা-মেশার আসল বন্ধুত্ব পরিচয় উঠিবার সম্ভাবনা খুবই অল্প। কথাটা শুনাইতেছে খারাপ। কিন্তু খুবই ভারতে অন্যের আত্ম-সম্বন্ধোচনার মূল আশ্রিয়াছে।

(১৫)

বিদেশ সমনে বিশুদ্ধ এবং গভীর জ্ঞান লাভ করা ভারতবাসীর পক্ষে বিশেষ আয়াসসাধ্য। এই বিষয়ে ভারতীয় বিদেশ-ফেরতারা আজ পর্যন্ত বেশী দূর অগ্রসর হইবার সুযোগ পান নাই। মোটামুটি এইরূপ ধরিয়া লওয়া যাইতে পারে। অন্যত্র এইরূপই আমার বিশ্বাস। সৌজন্যিক বাধিয়া কথা বলিতেছি না।

ভারত-সন্তানের বিদেশ সমনে বিশেষজ্ঞ বা "বিদেশ-বক" রূপে দাঁড়াইয়া তুলিবার কৌশল ভারতে আলোচিত হওয়া কর্তব্য। সেই আলোচনায় সম্প্রতি আমরা নামাইব না। যেরূপ দুর্দিনে আমরা চলে যে আজকাল এই দিকে আমাদের ওজাদির মাত্রা খুব কম।

তবে যে সকল ভারত-সন্তান বিদেশ দেখিবার কোনো সুযোগ পান নাই তাঁহাদের চেয়ে বিদেশ-ফেরতারা যে বিদেশ-সমনে বেশী অভিজ্ঞতা রাখেন সে কথা বলাই বাহুল্য। এই হিসাবে তাঁহারা যদি "বেয়াকুব" হন তাহা হইলে অন্য লোকের দাঁড়াইবার কিছুই নাই। এই

মনে রাখিতে হইবে যে,—"নিরক্ষ পাশ্চাত্য দেশে এরকোয়ণি জন্মায়ছে।"

(১৬)

তথাপি প্রত্যেক বিদেশ-ফেরতাকেই যাচাইয়া লেওয়া দরকার হইবে। প্রথম জিজ্ঞাস্য—তুমি কত দিন কোন্ দেশে ছিলে? সেই দেশে কতজন লোকের সঙ্গে তোমার আলাপ এবং বাক্য-বিনিময় ঘটিয়াছে? তাহাদের সামাজের ঠিকানা তুমি জানিতে বা এখনো জানো? এতদিনকার আলাপ-পরিচয় হইয়াছে কত জনের সঙ্গে? সেজন্যে ঘটির তাহাদের মধ্যেকে বা কোনো সার্বজনিক হইবে? তাহারা কোন্ কোন্ ধরনের এবং মর্যাদার লোক? ইত্যাদি।

দ্বিতীয় জিজ্ঞাস্য—তুমি বিদেশের কোনো মফঃস্বল দেখিয়াছ কি? ছোটখাটো সহরে অথবা পল্লীগ্রামে কত রাত্র কাটাইবার সুযোগ ঘটিয়াছে?

তৃতীয় জিজ্ঞাস্য—তোমার পরিচিত নর-নারীর বিষয় ইহাদের সংখ্যা ছিল বিদেশ? ইহাদিগের পরিবারে বা পারিবারিক ও সামাজিক মজলিসে খ্রীষ্টিয়ান অথিতি বা বন্ধু-বান্ধবের আসনে বসিয়াছ কতবার? আবার খ্রীষ্টিয়ান পরিবারের ইহাদি নর-নারীর খাওয়াদাওয়া সম্বন্ধে কতদিন কি? ইত্যাদি।

(এইখানে জানিয়া রাখা দরকার যে—ইহুদিরা শিক্ষা-দীক্ষার দরুণ উঁচুতে উঠিয়া না গেলে, ইংরাজেরা কিন্তু "সমাজে" তাহাদিগকে "অস্পৃশ্য"। ইহুদিদের সম্বন্ধে কোনো কথায় "পাশ্চাত্য আদর্শ" বলা হইলে এইরূপ বিবেচনা করা চলিবে না। অবশ্য খ্রীষ্টিয়ানদের ইহুদি-বিদ্বেষ অবশ্য-সন্তানদের মরণ করিতে হইবে এমন কথা হাস্যাস্পদ। কিন্তু পাশ্চাত্য সমাজের "জাতিবের" যে অতি প্রবীণ ভাবা জানিয়া রাখা আবশ্যক।)

(১৭)

এইবার বিজ্ঞান তরফ হইতে ভারতীয় বিদেশ-ফেরতাদের যোগ্যতা বিচার করা যাউক। যে-সকল ভারতীয় বিদ্বান্ বিদেশে না যাওয়ায় নাই, তাঁহাদিগকে এই বিদেশ-ফেরতা পণ্ডিতেরা বিদ্যায় পরাস্ত করিতে পারিয়াছেন কি? যাইয়ান লেখকের মতে, পারেন নাই। অবশ্য বিদ্যার মজলিসে বিদেশ-ফেরতাদের ধাক্কা খাওয়া এক আধাআধি।

ভারতীয় জনসাধারণ ও শিক্ষা-সেবকেরা এই প্রশ্নটা কখনো তুলিয়াছেন কি না জানি না। কিন্তু তুলিয়া দেখা দরকার। আমি সম্প্রতি সংক্ষেপে দু'চার কথা বলিয়া রাখিতেছি।

আমাদের ছাত্রেরা আপানে, আমেরিকায়, বিলাতে জার্মানে এবং ফ্রান্সেতে বসবাস করিয়াছে। অর্থাৎ জাপানী, আমেরিকান, ইংরেজ, জর্মান এবং ফরাসী জাতির মুখরোচক ভারতীয় বিদ্যার্থীরা পশ্চাদ্‌বর্তী নয়, এইরূপ প্রমাণ পাওয়া গিয়াছে।

মনে রাখিতে হইবে যে, মোটা অঙ্কের টাকা যোগাইয়া একমাত্র দম্ভ যে সেরা ছাত্রই বিদেশে পাঠানো হয় নাই। উচ্চ, মধ্যম, অধম অর্থাৎ সকল স্তরের মাঝা-আলা ছাত্রেরাই ভারতীয় বিদেশে গিয়াছে। আর বিদেশী মাল-কাটতি উন্নয়নের আশায় ভারতীয় উন্নয়ন ঘরে পাইয়াছে, মধ্যমের মধ্যে উচ্চ গিয়াছে ভারতীয় মধ্যমরা, ইত্যাদি—ইত্যাদি। সুতরাং আমরা যে সুতরাং দুনিয়ার যে-কোনো জাতের সমকক্ষ তাহা বুঝিতে বিদেশীর আর বাকী নাই।

ইহার দ্বারা বুঝা গেল কি? এই যে,—যে-সকল ভারত-সন্তান কোনোদিন বিদেশে যাইয়া বিদেশী-বিদেশিনীদের সঙ্গে উচ্চ বিদ্যার সুযোগ পায় নাই, তাহারাও প্রকারান্তরে বিদ্যাবত্তার কর্মক্ষেত্রে কোনো হিসাবে পশ্চাদ্‌পদ নয়। আর যে-কোনো ভারত-সন্তানের 'মাথা', যে-কোনো বিষয়ানীর মাথার সমান,—অধম উচ্চ, মধ্যম, অধম ইত্যাদি শ্রেণী-বিভাগ মনে রাখিতে হইবে।

কিন্তু ইহার দ্বারা এইরূপ প্রমাণিত হয় কি যে,—বিদেশ-ফেরতা ছাত্রেরা স্বদেশে শিক্ষাপ্রাপ্ত বিদ্যালয়ের চেয়ে উঁচু? কখনই নয়। বিদেশ-ফেরতারা সুবর-ভারতের প্রতিনিধিস্বরূপ বিদেশে থাকিবার সময় যথেষ্টের ইজ্জৎ বাড়াইয়াছেন সন্দেহ নাই। কিন্তু একমাত্র তাহার

দোষে যুবক-ভারতের অন্যান্য দোষ হইতে যাঁহারা উহাকে আলাদা করিয়া লইয়াছেন এমন বলা চলিবে না। যাঁহারা দ্বার বিদেশে বিদেশে বিদ্যা বিদেশ হইতে কিনিয়া লইয়া বিকিয়াছেন, তাঁহাদের কথাই এখানে বলা হইয়াছে।

(৯৮)

আমার দ্বিতীয়বার "কী" বা কথাটা বলা বোধ হয় ভুল। প্রথমতঃ, আমরা যাহাকে বিদ্যা বলি তাহার অধিকাংশই বেদবৎ। আসল মানুষের যা কাজ বিদ্যা বিদ্যার মুহূর্তে তেমন নয়।

দ্বিতীয়তঃ,—বিদ্যার সংখ্যা অগণিত। আর প্রত্যেক বিদ্যারই পাড়া-প্রতিবেশী অনেক। এইজন্য ভিতর কোন্‌টায় কতখানি যেদবৎ ভাগে আর কোন্‌টায় জ্ঞান-খানি মানব ভাগে, তাহা বিশ্লেষণ করিতে হইলে গভীর-প্রসার বিদ্যার কথা বলা চাই। বলা বাহুল্য, সেই কথা, এই লেখকের কেন?—কোনো ব্যক্তিবিশেষেরই নাই। তবে যে-যে বিষয়ে কোনো জ্ঞান নাই তাহার কোনো কোনোটা সম্বন্ধে অন্যান্যের মতামত জিজ্ঞাসা করিয়া দেখিয়াছি।

এমন অনেকগুলা বিদ্যা ও বিদ্যার পাড়া-প্রতিবেশী আছে, যে সম্বন্ধে তাহাদের উচ্চ শিক্ষার বা এমন কি সাধারণ শিক্ষারই আয়োজন নাই। এইজন্য যে-সকল ভারতীয় বিদেশ-ফেরতারা বিদেশে থাকিবার সময় শিখিয়া নিয়াছেন সেই সকল বিষয়ে তাঁহারা অন্যান্য ভারত-সন্তানদের চেয়ে শ্রেষ্ঠ,—বলাই বাহুল্য। ব্যতিক্রম থাকেই থাকে।

কিন্তু আসল প্রশ্ন বর্তমান ক্ষেত্রে অন্যত্র। যে-যে বিদ্যা বা বিদ্যার পাড়া ভারতে শিখা সম্ভব সেই সকল বিষয়ে বিদেশ-ফেরতারা অন্যান্য ভারতীয় বিদ্যার্থীদের ছাপাইতে সমর্থ হইয়াছেন কি? এই সম্বন্ধেই প্রথমে বলিয়া রাখিয়াছি,—হন নাই।

গণিত, পদার্থ-বিজ্ঞান, রসায়ন, ভূতত্ত্ব, জীবতত্ত্ব, জীব-বিজ্ঞান, প্রত্নতত্ত্ব, দর্শন, ইতিহাস, শিল্প-শাস্ত্র ইত্যাদি নানা বিষয়ে ভারতীয় বিদ্যার্থীরা আজকাল গবেষণা করিতেছেন, প্রবন্ধ রচিতেছেন, বই লিখিতেছেন। এই সকল গবেষণা, অনুসন্ধান, "থিসিস্" এবং ছাপাছাপি করিতে বিদেশ-ফেরতারা অন্যান্যদের চেয়ে উচ্চতর শ্রেণীর লোক নয়। হিসাব করিয়া দেখিলেই বুঝা যাইবে যে,—বয়সে বসিয়াই ভারতীয় বিদ্যার্থীরা যেমন বিদেশে যাহা কিছু ছাপিয়াছেন তাহার তুলনায় বিদেশী "ডিগ্রীওয়ালা"দের তারতম্য অল্প-কিছু নয়। বিদেশ-ফেরতা ছাত্রদিগকে আমার করিয়া রাখিতে থাকিলে যুবক-ভারত নিশ্চয়ে বেশুন সন্তোষ করিয়া ছাড়িবে মাত্র। থাকিবেকগুলার কথা বলিতেছি না।

(৯৯)

তবে কি বিদেশে লেখাপড়া শিখিবার কোনো দরকার নাই?—খুবই আছে। নতুন নতুন বিদ্যা এবং বিদ্যার পাড়া-প্রতিবেশী শিখিতে হইলে বিদেশে আসিতেই হইবে। তাহা ছাড়া যে সকল বিদ্যা ভারতেই শিখা সম্ভব সেই বিষয়েও অনেক "নতুন কিছু" বিদেশে আছে, তাহার জন্যও "যাওয়া দরকার" বিদেশে আসা আবশ্যক।

"যাওয়া-যাওয়া" অধ্যাপক বিদেশের নানা সহরে আছেন অনেক। "যাওয়া-যাওয়া" তাহাকে বলে? তাঁহারা প্রত্যেক বছর, বিশ, পঁচিশ, পঞ্চাশ, দু', তেরো' জনকে তফাতে একসঙ্গে তিন তিন বিষয়ে "থিসিস্", অনুসন্ধান, গবেষণা, আবিষ্কার ইত্যাদির কাজে যোগাড়ের রাখিতে সমর্থ। এত তিন তিন বিষয়ে যাওয়া যেমনতো যে-সে লোকের পক্ষে সম্ভব নয়। লড়াইয়ের মাঠে বড় বড় সেনাপতি বা নৌ-বাহিনীর যে শক্তির বিদ্যার লাইনে "যাওয়া-যাওয়া"দের সেই শক্তির,—শক্তিটা ঐরকমই বুঝিতে হইবে।

আর এক কথা, "যাওয়া-যাওয়া"রা সপ্তাহে সপ্তাহে এবং মাসে মাসে নতুন নতুন অনুসন্ধান চালাইতে চালাইতে পাকিয়া উঠিয়াছেন। প্রত্যেক সপ্তাহের এবং প্রত্যেক মাসের কাজ ও হিসাবনা লইয়া অন্যান্য অনেক পণ্ডিতদের সঙ্গে তর্কযুদ্ধ চালানো তাঁহাদের জীবনের আসল অভিজ্ঞতা। যোগা মাঠের সমালোচনা হয়ত করিয়া করিয়া, প্রতিপক্ষীয়কে পাঁচ-ঘা লাগাইয়া এবং

প্রতিদ্বন্দ্বীর তাক হইতে নামে খুলা পাইয়া তাঁহারা বন্ধুর হইয়াছেন।

এই বছরের "বাবা-বাবা" পতির তারতে করজন আছেন? তাঁদিকে খুব করিলেই দেখিব যে, যুবক-তারতকে বিদ্যার দাইরে পাঠাইয়া তুলিতে হইলে একমাত্র তারতীয় বিদ্যাপীঠের উপর নির্ভর করিলে চলিবে না। বিদেশী "বাবা-বাবা"দের সঙ্গে যা-হোক-হোপি করিবার সুযোগ পাওয়া যুবক-তারতের আধ্যাত্মিক উন্নতির পক্ষে বাঞ্ছনীয়। কেবল বাঞ্ছনীয় নয়—মোটে আবশ্যক।

তারতে বসিয়া তারত-তন্ত্রীরা "যুঁইফোড়" পতির হইয়াছেন। অধ্যাপকের আসন সাধারণ তারতে জুটে না। কেন না যথার্থ অধ্যাপক-গবেষণা লোক তারতে বিরল। তারা সবের যুবক-তারত অনেক কিছু করিয়া দেখাইয়াছে। "বাবা-বাবা"দের আশ্রয়ে থাকিয়া যদি কেহ বছরের দুই বছরের ভাটাইতে পারিল আরও অনেক কিছু দেখাইবার অধিকারী হইতে পারিবে। তারতে আজকাল যাহারা গুরুগিরি করিতেছেন, তাঁহাদের "বাবা-বাবা"র পরিচয় হইতে একশো পঞ্চাশো বিশ বছর দেরী। পঁয়ত্রিশ পঞ্চাশ বছরের বয়সের পূর্বে কোনো বিদেশী পতির সাধারণতঃ "বাবা-বাবা" বিবেচিত হন না।

তার পর আর এক কথা,—প্রবণালা তৈরারী করিতে সাথে সাথে চাই টাকা। সেই পরিমাণ টাকা বছরের পর বছর স্যাংকশনের করিবার জন্য। বিল্ডিংসাথে, চিকণালা ইত্যাদির সাথে সাথে টাকার আবশ্যক। এই সকল তার-বিজ্ঞানের কর্মকেন্দ্র তারতের বছর বিশ ত্রিশ বছরের চিন্তার ধারা তুলিতে পারিবে কি? সেইরূপ বিশ্বাস করিবার কোনো কারণ দেখিতে পাইতেছি না। অথচ বিদেশে এই সকল প্রতিষ্ঠানের ছড়াছড়ি। এইগুলা হইতে সম্পদ সৃষ্টির জন্য যুবক-তারতকে দলে দলে "বিদ্যুদ্বিদ্রে" বাহির হইতে হইবে। বর্তমান যুগের "যুবক তারত" অনেক সময়ে এই দৃষ্টিতেই দেখা দিবে।

(৮০)

দেখিতেছি, দেশাত্মী একথার সঙ্গে বিদেশ-ফেরতদের আদল কোন কারণ নাই। কিন্তু দেশাত্মী একথাটা কোনো যুক্তিযুক্ত কারণের উপর নির্ভর করে কিনা সন্দেহ। যে ব্যক্তি আমদানী এবং রপ্তানীর ব্যবসা করে অথবা বিদেশে হাড়-বরফ বিক্রয়ের ব্যবস্থা করিতে বাহির হইতে তাহাকে বাধা দেওয়া হয় কঠিন। কোনো প্রকার তর্কশাস্ত্র বা বিজ্ঞান তাহার ধুমুর নয়।

দেশাত্মের আধ্যাত্মিক কারণ যাহাই হউক তাহার বাস্তব কারণ অতি সোজা। যারা আছেন তাই যদি তারা ভোগের মাঝে তারা হইলে তুমি অন্ত হইবে বঞ্চিত। এই "পার্থক্য" ভোগকে অন্যান্য লোক হইতে "বিশেষ" বিশেষত্ব করাইবার পথে ঠেলিয়া তুলিতে পারে। এই বলের বলবত্তা এবং পার্থক্যসূচক বাস বাহাদের গায়ে আছে তাহারা সাধারণ অ-বাসীদিগকে অবজ্ঞা করিবার দিকে অগ্রসর হয়।

দেশাত্মী লোকের দেশাত্ম তাড়িবার পাওয়াই তবে কি? "বিষস্য বিষমৌষধম্।" দেশের ভিতর অনেকগুলা দেশাত্মী লোক সৃষ্টি হয়। ইহাই হইতেছে চরিত্র-চিকিৎসার চরমব্যবস্থা। দীক্ষা-দেশাত্মের বিস্তারসাধন একান্ত বিশ্বপ্রয়োজন। চাই দেশের গণ্য-মান্য, তজন-তজন, পঞ্চ-পত্র ব্যবসায়ী তারতাবিদিষ্ট পার্থক্যহীন নর-নারী। তাহা হইলে বাসীদের আর জোর বাস থাকিবে না।

যতদিন বড় বড় সহরে দু-চার ঘরওয়ালা যারা বিদেশ-ফেরতা "সবে ধন নীলমণি"রূপে "ঘরসংসার করা হয়" বিদেশ করিবেন ততদিন "পার্থক্য", "যাতন্ত্র্য" ইত্যাদি শব্দ থাকিতে যাবে। ততদিন বুঝিয়া না বুঝিয়া আধুনিক বিদেশ-ফেরতার কদর করিবে সন্দেহ নাই।

কিন্তু যদি প্রত্যেক জিলায় আর মহকুমায় বিদেশ-ফেরতা ডাক্তার, এঞ্জিনিয়ার, রাসায়নিক, প্রত্নতত্ত্ববিৎ, ব্যবসায়ী এবং অন্যান্য লোক আস্ আস্ করিয়া ঘুরিয়া বেড়াইতে থাকে তাহা হইলে প্রত্যেকেরই "মোদর ঈক" হইয়া যাইবে। কেহ কাহারও দিকে তাকাইবে না, তাকাইবার অবসরই পাইবে না। বিদেশ-ফেরতারা যে একটা আস্ত কিছু সে কথাই সমাজ ভুলিয়া যাইবে। চাই এখন হাজার হাজার বিদেশ-প্রবাসী তারতীয় অন্বেষক, পর্যটক, অনুসন্ধানকারী নর-নারী। একমাত্র পাঁচী ছাড়ার কথা বলা হইতেছে না—চাই বহুসংখ্যক সকল বয়সের এবং সকল ব্যবসায় বিদেশ-ফেরতা।

তখনও যদি কোনো বিদেশ-ফেরতা দেশাত্মী থাকিতে চাহেন তবে একমাত্র নিজের স্ত্রাদ্ধ নিজে করাইয়া মরা ছাড়া তাঁহার আর কোনো গতি থাকিবে না।

রমণী

শ্রীযতীন্দ্রমোহন বাগ্‌চী—কলিকাতা

রমণী বিচিত্র প্রহেলিকা!
আঘাতে সরসে বেদনা
অপূর্ণ অমৃত চেতনা—
পীযূষে-মাখানো অগ্নিশিখা!

রমণী এমনি প্রহেলিকা—
একাধারে ছায়া ও কায়া
দিবস উজ্জ্বল দীপ্তি
তৃষাহরা মৃদু-মরীচিকা।

একই সময়ে চাঁদে ও সিন্ধুতে
অমর বিরহ-বাণী
নয়নে নিয়ত টানি'—
রচিবে যৌবন-কল্পনায়!

নারী সে বিরাট নিরুপায়!
এক চোখে হাসি আসি
অন্য চোখে ঝরে মসি—
সাধে কি বলায়ো সে কি মায়,
যারে ত প্রেমিক তারি ধরা।

বাঁশী

শ্রীপ্রবোধকুমার সান্যাল—কলিকাতা

কর্তার তিন বিয়ে—

প্রথম দু'পক্ষ দুইটি ছেলে রাখিয়া মারা গেছে। গেরস্থালী নিতান্তরূপে কিন্তু বিধবা হইয়া বাঁচিয়া আছে।

দু'জনের কথনো দেখা—তাবও দেখেনি।

সংসারের সংসার—

সংসার বলে, আচ্ছা বহু—তুই যা বল, তোর কেমন-যেন নেই? হাজার হ'ক পড়িয়া ছেলেমানুষ ত!

বাধিয়া ছেলে বহু ঘোৎনা তথা নয়। বলে, তু-তু-তাবলে আমার সামনে অমনি করবে? তু-তু-বলি আমি

হইছি একটু সহীহ ক'রে বিড়ি টানু, তা নয়! তু-তুমিই বল না, এটা ভাল?

তাবি আমার,—ও-বার হইতে শইল জলে। বলিয়া হাসে আর বিড়ি টানে।

বহু বলে, তু-তু-কেমনে বৌমা? ওই তাখো, অমন আম্লা বিয়ে বৌমা বেরুচ্ছে। যা উজ্জ্বল যা—যা তুই বহু—তু-যত—বলিয়া চলিয়া যায়। আমার পা দুইটা আবার ছোট বহু।

শইল বয়সার কাছে বাহির হইয়া আসিয়া মা আমার—

বড় কিরিয়া দাঁড়ায়। চোখ দুইটা তাহার জ্বলিয়া ওঠে। বলে, তু-তু-ভাইকে যাদাযাদ দিয়ে মেরে—তৈরে ত্-ত্-পাজার বেটা পাজা বলছুস্—দুয়ার, পাজা টাক—

পটল হি-হি করিয়া হাসে।

বৌমা বলে, বিশ বছর বয়েস হল এখনও বড় ভাইয়ের সঙ্গে কথা?—দুখে আগুন! সেই ছেলে হ'লে—

ছেলে কেন্তুক—না বৌমা? পটল বলে। বলিয়া লম্বাদের কোলের কাছে শুইয়া পড়িয়া একটা বাঁশী লইয়া বাজায়।

বৌমা একটু হাসিয়া বলে, একটা জামা দিবার নাম নাই পটল! দুইটি করিস্ কেন—ওই অত ত খাস্—বলিয়া তাহার মাথায় টপর হাত বুলায়। আবার বলে, যাই—সেই কোন্ সকালে হাটে-ভাতে করেছিস্, খাবার এনে দিই যে—বলিয়া উঠিয়া যায়।

ভাইয়ের বাঁশী শুনিয়া পাশের ঘর হইতে বড় বলে, ভরতাখার ওই একটা গুণ আছে। বাঁশী বাজালে বাবা-কেষ্টর কথা মনে পড়ে। গানও গায় তেমনি—শুনে কাঁদতে হয়—

চপলা পানি লাগিতে লাগিতে বলে, যাদের গুণ থাকলে হয়—তবে আবার উনারা অর্ধেক থাকলা কেন?

বড় কৌস্ করিয়া ওঠে, বলে, তু-তোর কি? আমার ভাই—আমি ত্-তুকুস্, তুই ওকালতি করিস্ কেন?

তোমার ভাই—আর আমার বেওর নয়?—চপলা বলে।

ক বেওর! বেওরের মরে জানি যাবে। যা—ত্-বেওরকে নিয়েই ঘরে থাকুগে যা?

